সোনামুখী কলেজ

স্থাপিত - ১৯৬৬

সোনামুখী, বাঁকুড়া



৫০ বর্ষ

সুবর্ণ জয়ন্তী স্মরণিকা

www.sonamukhicollegebankura.com
sonamukhicol@gmail.com

SONAMUKHI COLLEGE

P.O. - Sonamukhi, Dist. - Bankura,
West Bengal, India - 722 207

NAAC - B(2.37) 2016 - 1st Cycle

From : Dr. Bappaditya Mandal
Principal

Affilaiation Of Courses (By The Univ. of Burdwan) and continued under The Bankura University.

Year	Name of the Course	Subjects
1966	Three-year B.A. and B.Com (Gen.)	B.A.:- English, Bengali, History, Sanskrit, Economics, Philosophy B.Com.:-With Adv. Accountancy as elective subject.
1969	B.Com (Honours)	With Adv. Accountancy and Auditing (as elective subjects).
1971	B.A. (Honours)	Bengali
1973	B.A. (Honours)	Philosophy, Political Science.
1977	H.S. (Sc., Arts, Com.)	All subjects of the course.
1979	B.Sc. (General)	Physics, Chemistry, Mathematics, Botany, Zoology.
1995	B.Sc. (Honours)	Botany.
1996	B.Sc. (Honours)	Zoology.
1998	B.A. (Honours)	History.
1999	B.A. (Honours)	English.
2001	B.Sc. (Honours)	Mathematics.
2002	B.A. (Honours)	Economics.
2004	B.A. (Honours)	Sanskrit.
2006	B.A. (General)	Geography.
2007	B.Sc. (Honours)	Physics
2008	B.A. (Honours)	Geography.
2011	B.Sc. (Honours)	Chemistry
2011	B.A. (General)	Physical Education
2012	B.A. (General)	Education
2012	B.Sc. (Hons.)	Comp. Sc.
2014	B.A. (Honours)	Education
2019	B.A. (Honours)	Social Work.

Principal
Sonamukhi College
Sonamukhi, Bankura
13/8/2019

সূচীপত্র

	পৃষ্ঠা সংখ্যা
১) দিনগুলি মোর / ড. স্বপন কুমার দে	১
২) টুকরো টুকরো ছবি : সোনামুখী কলেজ / ড. আশিস খাস্তগীর	৭
৩) রইলো প্রাণে সঞ্চিত / দিলীপ দত্ত	১৩
৪) কিছু স্মৃতি / ড. পিনাকীরঞ্জন চট্টোপাধ্যায়	২০
৫) পথের সন্ধানে / দেবব্রত দত্ত	২৪
৬) Down The Memory Lane / Dharmadas Banerjee	২৭
৭) সোনামুখী কলেজ সম্পর্কে আত্ম-উপলব্ধি / শচীন্দ্রনাথ কুমার	২৯
৮) সোনামুখী কলেজের সোনালি দিনগুলির স্মৃতি / কৃষ্ণদাস গোস্বামী	৩০
৯) কিছু স্মৃতি কিছু কথা / বংশীবদন দে	৩৩
১০) অর্ধশত বর্ষের দ্বিতীয় দশকে / জহর সাঁই	৩৬
১১) সোনামুখী কলেজে কর্মময় জীবনের দিনগুলি / দেবব্রত কর্মকার	৪৩
১২) আমাদের কলেজ / দেবব্রত চ্যাটার্জী	৪৫
১৩) স্টাফরুম / ইন্দ্রজিৎ দাশ	৪৮
১৪) কলেজ নিয়ে দু-চার কথা / ড. শুভ্রকান্তি সিনহা	৫২
১৫) কর্মজীবনের দ্বিতীয় পুণ্যভূমি / ড. সাধন কুমার পাত্র	৫৪
১৬) সেদিনের কথা / চণ্ডীদাস মুখার্জী	৫৭
১৭) সোনামুখী কলেজ ও সোনামুখী / সেখ মইনুল হক	৫৯
১৮) তুমি এসেছিলে আমার জীবনে / আনিসুর রহমান মণ্ডল	৬২
১৯) কলেজের সেই মনোরম দিনগুলো / তারক মুখার্জী	৬৬
২০) ১৯৬৮ থেকে তিন বছর : কলেজের স্মৃতি / সৌরীন্দ্রমোহন চৌধুরী	৬৯
২১) সোনামুখী কলেজে ফেলে আসা সোনার দিনগুলি / ড. রামপ্রসাদ বিশ্বাস	৭১
২২) ক্রমশ : / ড. বাপ্পাদিত্য মণ্ডল	৭৪

From the Convener's Desk

To write an editorial column of a magazine namely "Swarna Jayanti Swaranika"that is published on 17th August,2019 on the auspicious occasion of the Foundation Day of our sweet college to commemorate that day , is a matter of extreme pleasure and happiness. The seed of that much expected magazine was shown before my advent in this college as an assistant professor of English. My joy knew no bounds when I was bestowed the responsibility of sprouting that seed by publishing the unpublished magazine as the convener of magazine committee of our college. I must thank our hon'ble Principal, my dear colleagues and the non-teaching friends for their unflinching faith on me for executing such a mammoth task. Without the tireless effort and co-operation of our Principal sir, Indrajit babu and Moinul babu, it would not be possible for a novice like me to publish the magazine. I must express my gratitude to the members of the Magazine Committee for their assistance and indulgence in publishing the magazine. I must not forget to give innumerable thanks to the former teachers of our college for contributing writings to enrich the magazine and thus remembering their Alma Mater. If the contents of the magazine quench the thirst of our beloved readers, I will be the first man to be elated.

SUPRIYA SAHA
Convener,
Magazine Committee,
Sonamukhi College

SONAMUKHI COLLEGE

LIST OF PRINCIPAL / TICs SINCE THE APPROVAL BY THE UNIVERSITY OF BURDWAN ON 17TH AUGUST (1966 - 2019)

Sl. No	Name	Designation	Date of Joining	Date of Retired
01.	ANANTA LAL PATRA	PRINCIPAL	17.10.1966	31.10.1981
02.	BISWANATH BANERJEE	TIC	01.11.1981	20.09.1984
03.	DR. SAMIR KUMAR SANYAL	PRINCIPAL	21.09.1984	20.08.1986
04.	BISWANATH BANERJEE	TIC	21.08.1986	31.08.1986
05.	RADHARAMAN DAS	TIC	01.09.1986	15.09.1987
06.	RADHARAMAN DAS	PRINCIPAL	16.09.1987	12.09.1990
07.	PRASANTA BANERJEE	TIC	13.09.1990	15.11.1993
08.	BISWANATH BANERJEE	TIC	16.11.1993	22.08.1995
09.	ARUN KUMAR BISWAS	TIC	23.08.1995	01.08.1997
10.	CHANDIDAS MUKHERJEE	TIC	02.08.1997	31.07.1998
11.	DR. BISWANATH DE	PRINCIPAL	01.08.1998	31.11.1998
12.	BISWANATH BANERJEE	TIC	01.12.1998	30.06.1999
13.	CHANDIDAS MUKHERJEE	TIC	01.07.1999	14.07.2000
14.	JITENDRANATH BHANDARI	TIC	15.07.2000	30.11.2000
15.	DR. BIJOY KRISHNA BHANDARI	PRINCIPAL	01.12.2000	31.08.2014
16.	DR. BAPPADITYA MONDAL	TIC	01.09.2014	29.11.2016
17.	DR. BAPPADITYA MONDAL	PRINCIPAL	31.11.2016	

SONAMUKHI COLLEGE

LIST OF TEACHING STAFF (1966 - 2019)

Sl. No	Name of Teacher	Designation/Dept.	Date of Joining
1.	ANANTALAL PATRA	PRINCIPAL	17.10.1966
2.	ASIT KUMAR BISWAS	BENG	08.09.1966
3.	BISWANATH BANERJEE	COM	08.09.1966
4.	PRABAL DATTA	ENG	13.09.1966
5.	RADHARAMAN DAS	PHIL	19.09.1966
6.	DILIP KUMAR DUTTA	HIST	08.10.1966
7.	PRASANTA BANERJEE	ECON	21.11.1966
8.	AJOY KUMAR DE	SANS	05.12.1966
9.	RADHAGOBINDA BARAT	BENG	17.08.1967
10.	SMT. ANITA SEN ROY	PHIL	01.09.1967
11.	HARISADHAN MUKHERJEE	ENG	04.09.1967
12.	DIPENDRA NARAYAN CHOWDHURY	ENG	15.09.1967
13.	TARUN KUMAR MUKHERJEE	COM	06.11.1968
14.	DEBABRATA DUTTA	ECON	01.09.1969
15.	PULAK NARAYAN DHAR	POL. SC.	01.09.1969
16.	RADHASHYAM DE	COM	05.09.1969
17.	PRADIP KR. CHAKRABORTTY	COM	16.09.1970
18.	MIRA MUKHERJEE	BENG	26.11.1971
19.	CHANDIDAS MUKHERJEE	POL.SC	08.12.1971
20.	MONOHAR CHANDRA DEY	COM	10.11.1972
21.	JITENDRA NATH BHANDARI	SANS	01.01.1972
22.	SHUBHRA KANTI MUKHERJEE	BENG	01.01.1973
23.	KRISHNA DAS GOSWAMI	PHIL	03.01.1974
24.	LAKSHMI NARAYAN DATTA	COM	18.01.1974
25.	ATUL CHANDRA GAYEN	P.I	20.11.1974
26.	JAHAR LAL SAIN	POL. SC	21.01.1974
27.	DR. DHIRENDRA NATH SEN	BENG	19.11.1974
28.	SASTHI PADA BAURI	HIST	19.11.1974
29.	DR. SWAPAN KUMAR DE	BENG	27.01.1975
30.	BANSIBADAN DE	SANS	13.03.1978
31.	SAMSUL ALAM	POL. SC	29.03.1978
32.	PADMA LOCHAN GANGULY	COM	01.04.1978
33.	SACHINDRA NATH KUMAR	MATH	01.06.1979
34.	TAPAN KUMAR NAG	PHYSICS	01.06.1979
35.	DELIP KR. PATRA	ZOOLOGY	01.06.1979
36.	SMT. CHHAYA MUKHERJEE	CHEMISTRY	01.06.1979
37.	DR. SWASTI MONDAL	BENG	16.07.1980
38.	SIDDHARTHA BANERJEE	COM	15.09.1980
39.	DR. UDAYAN SARKAR	BOT	29.09.1980
40.	DR. ARUN KUMAR BISWAS	BOT	01.08.1981
41.	PINAKI RAJAN CHATTERJEE	ZOOLOGY	26.03.1981
42.	DR. BIRANJAN BASU	MATH	01.09.1981
43.	DR. SUBHADRA SARKAR	CHEMESTRY	01.09.1981

Sl. No	Name of Teacher	Designation/Dept.	Date of Joining
44.	PRASANTA KUMAR DAS	PHYSICS	15.09.1981
45.	ASISH KUMAR KHASTAGIR	BENG	18.09.1984
46.	NAMITA CHOWDHURY	PHYLOSOPHY	28.11.1988
47.	PIJUSH BANERJEE	POL SC	12.07.1989
48.	JOYDEV MONDAL	MATH	01.06.1989
49.	SWAPAN KUMAR SAMANTA	COM	09.08.1985
50.	MD. SAHJAMAL	HIST	02.09.1985
51.	INDRAJIT DAS	POL. SC	12.05.1988
52.	DIPAK KUMAR NEOGI	POL. SC	25.02.1991
53.	TAPAS BALLAV	PHYSICS	18.03.1991
54.	PUTUL DAS	PHYSICS	05.11.1992
55.	ANURUPA DAS	BENG	21.04.1994
56.	SUBIR KUMAR CHOWDHURY	COM	26.02.2000
57.	BIPUL DE	ECON	16.02.2000
58.	ARUN KR. ROY	COM	01.08.2001
59.	ARPITA BHATTACHARYA	BENG	23.09.1997
60.	DHARMADAS BANERJEE	ENG	01.04.1997
61.	PARTHA SARATHI DE	BOTANY	06.05.1998
62.	DR. BAPPADITYA MONDAL	PHYSICS	09.12.1999
63.	ASRAFI KHATUN	BENG	27.03.2001
64.	AMAR PATRA	BENG	20.07.2005
65.	SUMANA SANYAL	BENG	25.07.2005
66.	DIPAK KR. HENS	BOT	01.08.2005
67.	CHHOTELAL CHOUHAN	COM	01.07.2005
68.	PRASANTA SARKAR	PHIL	01.08.2006
69.	RATUL SAHA	ECON	02.01.2007
70.	DR SK SINHA	ZOOLOGY	11.07.2008
71.	ASRAFI KHATUN	BENG	27.03.2001
72.	MOINUL HAQUE	BENG	08.07.2002
73.	PRASUN GHOSH	BENG	16.03.2001
74.	BIPLAB BANERJEE	GLI	10.08.1982
75.	CHANCHAL MUKHERJEE	GLI	08.11.1984
76.	DR SUBHRA KANTI SINHA	ZOOLOGY	11.07.2008
77.	SUDHAMOYEE KUMAR	PHIL	29.04.2010
78.	DR. SUNITA BANDYOPADHYAY	BOT	29.04.2010
79.	DR. SADHAN KUMAR PATRA	SANS	05.08.2014
80.	SUBHENDU RUIDAS	MATH	19.02.2015
81.	SUBHASREE MAJUMDAR	ZOOLOGY	10.03.2015
82.	DR. SAIKAT DALUI	PHYSICS	10.03.2015
83.	DR.SADHAN KR. ROY	CHEMISTRY	01.04.2015
84.	JNANOJJAL CHAND	CHEMISTRY	15.11.1975
85.	RAMPRASAD KANRAR	PHIL	19.02.1988
86.	JAYDEEP SINGHA	PHIL	01.10.2016
87.	ANUPAM MANDAL	SANS	31.01.2017
88.	SUSOBHAN MONDAL	ZOOLOGY	19.01.2017
89.	ASISH PANDIT	GEO	01.06.2017
90.	SAHJAHAN ZAMADAR	HIST	01.03.2017
91.	SUPRIYA SAHA	ENG	01.02.2018
92.	MANAS KR. GANGULI	LIBRARIAN	22.12.2016

SONAMUKHI COLLEGE

LIST OF NON-TEACHING STAFF (1966 - 2019)

Sl.No	Name	Designation	Date of Joinin[g]
1.	KHARAG BAHADUR	NIGHT WATCH	01.02.1967
2.	MURALI MOHAN MUKHERJEE	PEON	01.04.1967
3.	BHAJAHARI DE	PEON	01.08.1967
4.	BHAKTI BHUSAN DE	HEAD CLERK	01.08.1967
5.	JOYDEV LOHAR	BEARER	01.08.1968
6.	SAMBHU BAURI	BEARER	01.04.1969
7.	SADHANRAM JADAV	HEAD CLERK	01.09.1970
8.	BAMACHARAN ANKURE	BEARER	02.01.1974
9.	DEBABRATA KARMAKAR	CASHIER	18.11.1974
10.	MIHIR KUMAR MUKHERJEE	LIBRARIAN	01.03.1975
11.	PRADIP KUMAR DE	LAB ASSISTANT	02.05.1981
12.	HARADHAN DE	LAB INST. (NON GRADE)	02.05.1981
13.	PARTHA SARATHI ROY	ACCOUNTANT	02.05.1981
14.	ASOK MUKHERJEE	LAB. ATTENDENT	09.02.1982
15.	NEPAL CHANDRA DATTA	LAB. ATTENDENT	09.02.1982
16.	DEBABRATA CHATTERJEE	HEAD CLERK	22.06.1982
17.	RABISANKAR SIDDHANTA	CASHIER	22.06.1982
18.	SUKUMAR GHOSH	LAB ATTENDENT	24.06.1982
19.	MRITYUNJOY MUKHERJEE	BEARER	12.08.1989
20.	SHELLY BANERJEE	CLERK	10.01.1990
21.	SANTIMOY LAHA	LIB CLERK	10.01.1990
22.	MOHAN CHANDRA DATTA	TYPIST	10.01.1990
23.	ANANDA DAS	LIB CLERK	10.01.1990
24.	PRONOY SARKAR	LIB PEON	10.01.1990
25.	BHAIRAB BANERJEE	FARASH	10.01.1990
26.	MADANRAM JADAV	LIB PEON	10.01.1990
27.	SWAPAN ANKURE	LIB PEON	10.01.1990
28.	SIBRAM NAG	GUARD	10.01.1990
29.	SANNYASI ROY	PEON	10.01.1990
30.	DEBASISH BISWAS	BEARER	09.02.1993
31.	SUBHAS LOHAR	SWEEPER	09.02.1993
32.	ASHOK BHATTACHARYA	LAB ATTENDENT	09.02.1993
33.	BARANASI MANDI	SWEEPER	09.02.1993
34.	KUNTI DOME	SWEEPER	11.11.2006
35.	PRADIP NAG	GUARD	24.04.2007
36.	BONY ROY	LIB PEON	01.04.2008
37.	LILIBATI BHATTACHARYA	LAB ATTENDENT	08.11.2007
38.	LAKSHMIKANTA MANDI	LAB ATTENDENT	06.07.2010
39.	ASOKE KUMAR GAIN	CLERK	22.12.2016
40.	AYANANTA LOHAR	CLERK	22.12.2016

দিনগুলি মোর

স্বপন কুমার দে
[প্রাক্তন অধ্যাপক]

সুদীর্ঘ আঠাশ বছর একনাগাড়ে সোনামুখী কলেজে অধ্যাপনার স্মৃতি আমার কাছে অক্ষয় সম্পদ। অবসর জীবনের প্রৌঢ় সন্ধ্যায় হঠাৎ আলোর ঝলকানির মত স্মৃতিরা ঝাঁপি খুলে বেরিয়ে পড়ে, পুজোর কদিন আগে শরতের সন্ধ্যায় ইন্দ্রর ফোন যেমন অনেক উজ্জ্বল দিনের স্বচ্ছ স্মৃতি ফিরিয়ে দিল। শুরু থেকেই ফিরে ফিরে আসছে সেই সব বর্ণময় উজ্জ্বল দিনের প্রতিটি অনির্বান মুহূর্তে । তখন চোখের টানে ছবি আঁকা যেত, চিঠিওলা শানাই বাজাত।

দীর্ঘ আঠাশ বছরের স্মৃতি ফিরে ফিরে আসে কোন ধারাবাহিকতায় নয়, আগেরটা হয়ত পরে, পরেরটা অনেক আগে। আবার সব স্মৃতি সবার কাছে হয়ত তেমন দামি হবে না। তাই স্মৃতিচারণে নির্বাচন করতে হয়। সহকর্মী-বন্ধু, অনেক ঘটনার স্মৃতি এখনও উচ্চকিত করে। ১৯৭৫ সালে যখন কলেজে চাকরিতে ঢুকি, তখন কলেজের শৈশব ১০/১১ বছর হয়েছে। হাতে গোনা সহকর্মী, অশিক্ষক কর্মী বন্ধু। প্রতিষ্ঠাতা অধ্যক্ষ শ্রী অনন্তলাল পাত্র। ইন্টারভু -এর দিন পরিচয় হয় নি। অনেক বিষয়ের অধ্যাপক নির্বাচন ছিল, তার ওপর আমার বিষয়েই (বাঙলা) অন্ততঃ কুড়ি বাইশজন প্রার্থী। অন্যান্য বিষয়েও অনেক। ২৭শে জানুয়ারী কলেজে যোগদানের দিন সকালে স্থানীয় বন্ধু নিয়ে গেলেন অধ্যক্ষের বাড়িতে। শীতের দিনের সকাল। মাথায় পাগড়ির মত করে পরা মাফলার, ফতুয়ার ওপর সালোয়ার গায়ে দেওয়া ব্যক্তিটি বোধ হয় আমাকে মেপে দেখতে চাইছিলেন। প্রেসিডেন্সি থেকে পাশ করা কলকাতার এই ছেলে গ্রামের কলেজে টিকবে কিনা, তাই বোধ হয় মেপে দেখছিলেন। রসগোল্লা খেতে দিলেন, বললেন, দশটায় আমাদের কলেজ শুরু। ওর সময়ানুবর্তিতার বার্তা পেলাম। দীর্ঘ আঠাশ বছর চেষ্টা করেছি সময়ে চলার। এর পর মেস- শাবক এই পুত্র প্রতিম বহিরাগত অধ্যাপকটিকে তিনি ক্রমাগত স্নেহের বাঁধনে বেঁধেছেন। নিঃসঙ্গ সন্ধ্যায় প্রতিদিন ওর বাড়িতে অনেকক্ষণ কাটাতাম। মাসীমা বলতো, বসো, রোজ রোজ মেসের খাবার খেতে হবে না, দুটো রুটি খেয়ে যেও। পরে বুঝেছিলাম, স্যার আমাকে অনেকটাই ভরসা করেছিলেন, অনেক দায়ত্ব দিয়েছিলেন। কলেজকে ভালবাসতে শিখিয়েছিলেন। বলতেন, কলেজকে Stepping stone ভেবো না। সে সময়ে সার্ভিস কমিশন হয়নি, কলেজ কর্তৃপক্ষ সরাসরি নিয়োগ করতেন। কলেজে ঢোকার প্রথম বছরেই বহরমপুর কৃষ্ণনাথ কলেজ থেকে নিয়োগপত্র এল সরাসরি স্যারের হাতেই। খুলে নিয়ে পড়েই ছিঁড়ে ফেললেন, বললেন, কোথাও যাবে না। এখানেই থাকবে। এতটাই ভরসা ছিল আমার ওপর। আমিও সেই বিশ্বাসের মূল্য দিতে চেয়েছি, যতদিন সোনামুখী কলেজে অধ্যাপনা করেছি। অবসরের পর খুব বেশিদিন বাঁচেন নি। বড় ছেলে অকালেই ক্যান্সারে মারা গেলেন আমেরিকায়, মাসীমাও মারা গেলেন একই রোগে। নীরবে সহ্য করেছিলেন সব যন্ত্রণা। বাঁকুড়ারই গোড়াবাড়িতে জন্ম স্যারের, সোনামুখী বি. জে. হাইস্কুলে প্রধান শিক্ষক থাকার

সময়েই কলেজ স্থাপনের কথা ভেবেছিলেন। প্রায় একক প্রচেষ্টাতেই শুরু করেছিলেন কলেজ। আজ পঞ্চাশ বছর পূর্তিতে তাঁর নামই প্রথমে স্মরণ করতে হবে।

আমার বিভাগীয় প্রধান অধ্যাপক রাধাগোবিন্দ বরাট এর কথাও ভোলা যাবে না। তাঁর অকৃপণ স্নেহ বর্ষিত হয়ে ছিল আমার ওপর। ইন্টারভু এর টেবিলে বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ ডঃ বিজিত দত্ত আমাকে একটা -দুটো প্রশ্ন করেছিলেন। বরাটদা একটাও না। বিকেলে ওঁর বাড়িতে গেলে নানা প্রশ্ন করে জানতে চাইলেন থাকার ব্যবস্থা বিছানাপত্রের কথা। নিজেই দোকানে গিয়ে লেপ-তোষক-বালিশের ব্যবস্থা করলেন। দামের কথা তুলতেই রেগে অগ্নিশর্মা হলেন। বাংলার বিভাগীয় প্রধান আবার রাজনীতির নেতা, পুরসভার চেয়ারম্যান ছিলেন। আড্ডার মধ্যমণি ছিলেন, সেখানে আমাকেও ডেকে নিতেন। অর্থী-প্রার্থীর আবদার মেটাতেন অকাতরে, প্রয়োজনে ঋণ করেও। আড্ডার সঙ্গে চা-তেলেভাজা ভালবাসতেন। আমাকে নিয়ে সাইকেলে এখানে-সেখানে, বনে-জঙ্গলে বেড়াতে চলে যেতেন। আমার ফুটবল খেলা পছন্দ করতেন, প্রগতি সংঘের সঙ্গে যুক্ত করে এখানে সেখানে ফুটবল খেলতে নিয়ে যেতেন। মাঝে মাঝে আমাদের বর্ষাভিসার হতো। একদিন প্রবল বৃষ্টিতে কলেজ ছুটি হয়ে গেল। আমাদের মত কয়েকজন সহকর্মী নিয়ে বরাটদা চললেন চূড়ামণিপুরের শাল-মহুয়ার জঙ্গলে। সবাই বৃষ্টিতে ভিজল, অনেকেই আছাড় খেল। দু-তিন ঘণ্টা জলে ভিজে অবশেষে ফেরার পথে কোনও এক ছাত্রীর বাড়িতে জোর করে আতিথ্য গ্রহণ করে ডিমভাজা আর চা খেয়ে কলেজে ফেরা।

বই, পড়াশুনা খুব ভালবাসতেন বরাটদা। আমার আগ্রহাতিশয্যে ওঁকে গবেষণায় উৎসাহী করে তোলা হল, বিশ্ববিদ্যালয়ে নথিভূক্তও হল ওঁরা গবেষণার বিষয়। কাজ শুরু হল, কিন্তু শেষ রক্ষা হল না। মাথার যন্ত্রণা শেষে পর্যবসিত হল প্রাণঘাতী কষ্ট রোগে। পি. জি. থেকে শেষ পর্যন্ত ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতালে। দু-জায়গাতেই গিয়ে দূর থেকে শেষ পর্যন্ত ফিরে এসেছি, দেখা করবার সাহস পাই নি। মৃত্যুর দিনেও ওঁর ঘর পর্যন্ত গিয়ে ফিরে এসেছি। প্রাণময় বরাটদার প্রাণহীন দেহল দেখার সহস শেষ পর্যন্ত সঞ্চয় করতে পারি নি।

এ পর্যন্ত লিখে রমনে হচ্ছে, স্মৃতিচারণের পরিসর সংক্ষিপ্ত করতে হবে; অন্যথায় অধ্যাপক ইন্দ্রজিত দাসের নির্দেশ অগ্রাহ্য করা হবে। মনে হল সহকর্মীদের কথাই বলি, বিশেষ করে যাঁরা প্রয়াত হয়েছেন। আমার কিছুদিন আগে চাকরিতে ঢুকিছেলেন বিভাগীয় সহকর্মী ড. ধীরেন্দ্রনাথ সেন। কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগে চাকরি করতেন করতে পি. এইচ. ডি, ডি. লিট্ করেছিলেন ড. সুকুমার সেনের কাছে। শেষ জীবনে স্বেচ্ছাবসর নিয়ে কলেজের বাংলা বিভাগে যোগদেন। মেসে আমাদের সঙ্গে থাকতেন, কমবয়সী আমাদের মত সহকর্মীদের ছেলেমানুষি স্বভাবতই অপছন্দ করতেন। তাই যতটা সম্ভব এড়িয়ে চলতাম। কলেজে যাবার পথে হরনাথ মন্দিরের পাশের বাগানে আম দেখে লোভ সামলাতে না পেরে ঢিল মেরে আম পাড়তাম। আমার নাম দিয়েছিলেন 'আমপাড়া ছেলে।' একদিন বর্ধমান স্টেশনের ওভারব্রীজে মাথা ঘুরে পড়ে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান।

কমার্সের অধ্যাপক, আমাদের একান্ত অপনজন তরুণ মুখোপাধ্যায়ের কথা খুব মনে পড়ে। বয়সে বড় হলেও বন্ধুর মতই মিশতেন মিষ্টিভাষী তরুণদা। স্কুল শিক্ষক থেকে কলেজ অধ্যাপক, পরে পি. এইচ. ডি করে বিশ্ববিদ্যালয়েও পড়িয়েছেন, ছাত্রপাঠ্য জনপ্রিয় গ্রন্থের রচয়িতা ছিলেন। মেসে আমাদের কর্মকাণ্ডের উৎসাহী সমর্থক ছিলেন

অধ্যাপক দিলীপ দত্ত, অধ্যাপক প্রশান্ত বন্দ্যোপাধ্যায়ের মত। শেষ দিকে বাড়ির কাছে সিউড়িতে বিদ্যাসাগর কলেজের অধ্যক্ষ হয়েছিলেন। মারণ কর্কট রোগে আক্রান্ত হয়ে ঠাকুরপুকুরে ছিলেন। আমি আর অধ্যাপক দিলীপ দত্ত যেদিন ওঁকে ওখানে দেখতে যাই, সেদিন সকালেই ওঁর মরদেহ সিউড়িতে নিয়ে যাওয়া হয়েছে। শেষ দেখা হয়নি। প্রিন্সিপ্যালের কাছ থেকে আমার নিয়োগপত্র নিয়ে তিনি আমার বাড়িতে এসেছিলেন, এজন্যে তাঁকে আমার আরও বেশি মনে পড়ে।

১৯৭৫ সালে কলেজে আমার যোগদানের সময়ে বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায় ছিলেন সবচেয়ে সিনিয়র, পাত্রমশায় অবসর নিলে, তিনিই দায়িত্ব নেন। বয়সে সবচেয়ে বড় হলেও আমাদের সঙ্গে ছিল তাঁর মধুর প্রীতিময় সম্পর্ক। জাতীয় সেবা প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ছিলেন বলে তাঁর সঙ্গে অত্যন্ত ঘনিষ্ঠ পারিবারিক সম্পর্কে যুক্ত ছিলাম। বাংলা বিভাগের বরাটদা ছাড়া ছিলেন অধ্যাপিকা মীরা রায়, বড় বোনের স্নেহ দিয়ে আগলে রাখতেন সব সময়। বিভাগীয় সহকর্মী অধ্যাপক আশিস্ খাস্তগীর এসেছিলেন অনেক পরে। তাঁর সঙ্গে খুনসুটিতে মেতে থাকত অনুজ অধ্যাপকরা হরিসাধন মুখোপাধ্যায় ছিলেন মৃদুভাষী, গম্ভীর। দীপেনদা (চৌধুরী) সরসিক, মাঝে মাঝে হাঁপানিতে কষ্ট পেতেন। শেষ দিকে উত্তরপাড়ার নিঃসম্বলানন্দ কলেজে ছিলেন, পরীক্ষার নজরদারি করতে করতে গুরুতর অসুস্থ হয়ে মারা যান। ইতিহাসের দিলীপ দা ছিলেন মেসে আমাদের অভিভাবক, নেতা। অর্থনীতির প্রশান্ত দা (বন্দ্যোপাধ্যায়) সপরিবারে মেসেই থাকতেন; ওর ঘরে চা-এর সঙ্গে গানের আসর বসত। উদাত্ত গলায় প্রশান্তদা গণসঙ্গীত গাইতেন, বউদি চা যোগাতেন। অনেক পরে মুর্শিদাবাদের ছেলে শাহ জামাল ইতিহাসের অধ্যাপক হয়ে আসেন। আমার সঙ্গে যোগ দিয়েছিলেন ইতিহাস বিভাগে ষষ্ঠীপদ বাউরি; দীর্ঘদিন আমরা দুজন একসঙ্গে একই বাড়িতে একসঙ্গে থেকেছি। পরে সে কেন্দ্রীয় সরকারে শিক্ষা বিভাগের সঙ্গে যুক্ত হলে যোগাযোগ হারিয়ে ফেলেছিলাম। অর্থনীতির পুরোন অধ্যাপক দেবব্রত দত্ত বয়সে আমার চেয়ে কিছু বড় হলেও দুজনে হৃদ্য সম্পর্কে বদ্ধ ছিলাম। বাঁকুড়ার ছেলে দেবু মাঝে মাঝে সোনামুখীতে আমাদের সঙ্গে থেকে যেত। সুপুরুষ সুদর্শন দেবুর ফ্রেঞ্চকাট দাড়ি ছিল ঈর্ষা করবার মত। রাষ্ট্রবিজ্ঞানের জলদ কণ্ঠ সুপুরুষ অধ্যাপক জহরদা (সাঁই) মেসের তিনতলায় নির্জনে একা থাকতেন। আপাতগম্ভীর জহর দা লুঙ্গি পরে পেটে হাত বুলোতে বুলোতে কথা বলতেন মৃদু হেসে। রসিক ছিলেন, আমাদের ভালো বন্ধুও ছিলেন। পরে মেমারি কলেজে চলে গিয়েছিলেন। ঐ বিভাগেই ছিলেন চণ্ডীদা (মুখোপাধ্যায়) প্রথমে দেশের বাড়ি জয়পুর থেকে, পরে বাঁকুড়া থেকে যাতায়াত করতেন। বউদি কলকাতার উপকণ্ঠে স্কুলে পড়াতেন, সপ্তাহান্তে তাই আমার সহযাত্রী হতেন। চিরদিন ওঁর কাছ থেকে অফুরন্ত স্নেহ পেয়েছি। একসময় কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করেছেন। রাষ্ট্রবিজ্ঞান বিভাগেই অনেক পরে যোগ দিয়েছিল অধ্যাপক ইন্দ্রজিৎ দাস আর অধ্যাপক দীপক নিয়োগী। প্রথম জীবনে আমার শিষ্য ছিল, এখনও তাঁদের সঙ্গে মধুর, পারিবারিক সম্পর্ক। দর্শন বিভাগের অধ্যপক দম্পতি রাধারমণ ও অনীতা দাস বয়সে আমাদের চেয়ে অনেকটাই বড় ছিলেন বলে সাধারণ দূরত্ব ছিল। রাধারমন দা ভাল লোকগান গাইতেন, বেতারেও গাইতেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষ হয়েছিলেন। মৃদুভাষী অনীতাদি হেসে হেসে কম কথা বলতেন। দুজনেই পৃথিবী থেকে বিদায় নিয়েছেন অনেক রোগভোগের পর। দর্শনের অধ্যাপক কৃষ্ণদাস গোস্বামী আমাদেরই সমবয়সী, হৃদয় সম্পর্ক ছিল আমাদের।

সদলে তার বিয়ের বরযাত্রী যাবার ঘটনা খুব মনে পড়ে। সংস্কৃতের ভান্ডারী দা (জিতেন্দ্রনাথ ভান্ডারী) যে কতগুলো বিষয়ে এম. এ করেছিলেন নিজেও জানতেন না। দূরত্ব ছিল বয়সের কিন্তু হৃদ্যতাও ছিল। কমার্সের অধ্যাপক প্রদীপ চক্রবর্তী ছিলেন সর্বদাই সহাস্য। প্রীতিময়; পরে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করতেন। ঐ বিভাগে পরে পরেই এসেছিলেন লক্ষ্মীনারায়ণ দত্ত, আমাদের সঙ্গে মেসেই থাকতেন। অবসরের পর বর্ধমানে মারা যান। একসঙ্গে ওঠা বসা, বাসে যাতায়াত। খবর পেয়ে অনেকক্ষণ চুপ করে ছিলাম। ঐ বিভাগের তরুণ অধ্যাপক সিদ্ধার্থ বন্দ্যোপাধ্যায় অনেক পরে এসেছিলেন। আমাদের চেয়ে বয়সে ছোট কিন্তু মধুর সম্পর্ক ছিল। এই সুদর্শন তরুণ অধ্যাপক অকালেই চলে গিয়েছেন। বাণিজ্য বিভাগের পদ্মলোচন গাঙ্গুলি ব্যাঙ্ক, স্কুলের চাকরি ছেড়ে আমাদের কলেজে যোগ দিয়েছিলেন। বয়সে বড় অথচ প্রীতিময় শ্রদ্ধা স্নেহের স্পর্শে আমাদের সঙ্গে যুক্ত ছিলেন। জনপ্রিয় ছাত্র পাঠ্য গ্রন্থ লিখে সুনাম অর্জন করেছিলেন। এখন তাঁর শরীর ভাল নেই জেনে খারাপ লাগে। স্বপন সামন্ত কমার্সে যোগ দিয়েছিলেন অনেক পরে; মেস শাবক স্বপন, দীপক আর আমার সুন্দর এক সমন্বয় ছিল। একসঙ্গেই আমাদের ওঠানামা ছিল। অঙ্কের জয়দেব (মন্ডল) ও ছিল আমাদের অনুগত মেসশাবক। পরে এসেছিলেন বোটানির পার্থ (দে); একটু আগে আঙ্করই বিরসজন বসু। বিরঞ্জন অন্যত্র অধ্যক্ষতা করে অবসর নিয়েছেন। বিজ্ঞান বিভাগ চালু হলে পদার্থবিদ্যায় তপন নাগ, প্রাণীবিদ্যায় দিলীপ পাত্র, রসায়নে ছায়া মুখোপাধ্যায় আর ড. সুভদ্রা সরকার যোগদান করেন। সবার সঙ্গেই ছিল প্রীতি আর মমতার সম্পর্ক, এখনও আছে। বটানির ড. পিনাকী রঞ্জন (চট্টোপাধ্যায়) আমাদের মতই মেসবাসী। ছোটখাট পিনাকী ছিল রসিক, দেশের ভাষায় অনেক রঙ্গরস পরিবেশন করত। তাঁর বিয়েতে আসানশোলের কোলিয়ারিতে বরানুগমনের ঘটনা এখনও মনে পড়ে। রাণীগঞ্জ টি. ডি. বি কলেজ অধ্যক্ষতা করেও পরে সোনামুখীতে ফিরে এসে অবসর নেয়। সংস্কৃতের বংশীবদন দে আর রাষ্ট্রবিজ্ঞানের শামসুল আলম এর সঙ্গে অন্তরঙ্গতা আর প্রীতিময়তার সম্পর্ক ছিল একই সঙ্গে মেসে থাকার সূত্রে। এঁরা সহকর্মী কম, বন্ধু বেশি। দুজনেই এখন অবসরে। বংশীবাবু সোনামুখীতে বাড়ি করে মেয়ের বিয়ে দিয়ে এখন ঝাড়া হাত পা প্রায় একই সময়ে এসেছিলেন অঙ্কের শচীন্দ্রনাথ কুমার। ওঁর বিয়েতে বরযাত্রী গিয়ে বিয়ের ছবি তুলেছিলাম। আমার কলেজ ছাড়ার কাছাকাছি সময়ে এসেছিলেন ইংরেজির ধর্মদাস ব্যানার্জী। স্বল্পভাষী, সহজ এই মানুষটি প্রথমে আমাদের সঙ্গে মেসেই থাকতেন। পরে নতুন বাড়ি করে চলে যাবার পরেও আমাদের সঙ্গে মধুর সম্পর্ক ছিল। বাংলা বিভাগেই অল্প দিনের জন্য সহকর্মী এসেছিলেন বাগবাজারের ড. স্বস্তি মন্ডল। স্মিতভাষী এই অমৃতা সহকর্মীর সঙ্গে সপ্তাহান্তে কলকাতায় ফিরে যেতেন। অল্প দিনের জন্যে এলেও ছাত্র ছাত্রীদের মনে জায়গা করে নিয়েছিলেন। আমি গবেষণার জন্য এক বছরের বৃত্তি পেলে আমার জায়গায় বদলি হিসেবে এসেছিলেন আসানসোলের মেয়ে শম্পা গুপ্ত। তাঁর সঙ্গে খুব বেশি পরিচয়ের অবকাশ হয় নি। দর্শন বিভাগে অল্পদিনের জন্য পড়াতে এসেছিল বর্ধমানের মেয়ে নমিতা চৌধুরী, পরে পুরুলিয়ার জে. কে. কলেজে যোগ দিয়ে ছিল। রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক হয়ে এসেছিল ডায়মন্ডহারবারের আমতলার ছেলে পীযুষ (বন্দ্যোপাধ্যায়)। উজ্জ্বল, প্রাণময় এই অল্প বয়সী পীযুষ অল্প দিন থেকেই কলকাতার বিদ্যাসাগর কলেজে যোগ দেয়। অকালে তার প্রয়াণ এখনও যেন বিশ্বাস করতে ইচ্ছে হয় না।

আমি আর যাঁদের সঙ্গ পেয়েছি, তাঁদের মধ্যে সংস্কৃতের অজয় দে পরে অধ্যক্ষ হয়ে যোগ দিয়েছিলেন মেদিনীপুরের মানিকপাড়া কলেজে। এখনও তার সঙ্গে যোগাযোগ রয়েছে, প্রয়োজনে অপ্রয়োজনে ফোনে কথা হয়। কলেজে, ঢুকেই পরিচয় হয়েছিল কমার্সের অধ্যাপক রাধেশ্যাম দে-র সঙ্গে সোনামুখীরই বাসিন্দা কিছু দিনের মধ্যে ওয়েষ্টবেঙ্গল অডিটর্স্ অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসে যোগ দিয়েছিলেন। পদার্থবিদ্যার ড. তাপস কুমার বল্লভ, ড. প্রশান্ত দাস দুজনেই আমাদের মেসের বাসিন্দা ছিলেন, অল্প দিনের মধ্যেই অন্যত্রে চলে গিয়েছিলেন। তাপস গেলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে, প্রশান্তবাবু কলকাতার সিটি কলেজে। কমার্সের সিরাজুল হক এই কলেজেরই ছাত্র ছিলেন, পরে খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়ে অধ্যাপনা করেছেন। অল্প দিনের জন্য অধ্যক্ষ হয়ে এসে ছিলেন মেদিনীপুরের ড. সমীর সান্যাল, পরে মেদিনীপুর কলেজেই ফিরে যান পদার্থবিদ্যার অধ্যাপক হিসাবে। কলেজে যোগ দিয়ে যে সব প্রাক্তন অধ্যাপকদের কথা শুনেছি, তাঁদের মধ্যে শুভ্রকান্তি মুখোপাধ্যায় (বাংলা), মীরা দে (বাংলা), হরিদাস আচার্য (অর্থনীতি) ড. অসিত কুমার বিশ্বাস (বাংলা), অধ্যাপক প্রবাল দত্ত (ইংরেজি), অধ্যাপক পুলকনারায়ণ ধর (রাষ্ট্রবিজ্ঞান), অধ্যাপক সমীর কমুার পাল, অধ্যাপক মনোহর দে, অধ্যাপক উদয়চাঁদ দত্ত, রয়েছেন। ড. উদয়নচন্দ্র সরকার এবং ড. অরুণ কুমার বিশ্বাস বিজ্ঞান বিভাগের বোটানির অধ্যাপক পদে যোগ দিয়েছিলেন অনেক পরে। ড. সরকার পরে বি. বি কলেজের অধ্যক্ষ হয়েছিলেন। ড. বিশ্বাস কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ, পরে বিষ্ণুপর রামানন্দ কলেজের অধ্যক্ষ হয়ে চাকরি থেকে অসর নিয়েছেন। আমি কলেজ ছেড়ে চলে যাবার কিছুদিন আগে বিভাগীয় সহকর্মী হিসাবে যোগ দিয়েছিলেন আশারফি খাতুন, পরে মৈনুল হক। প্রাণোজ্জল মৈনুল তার শারীরিক প্রতিবন্ধকতাকে জয় করেছে তার সজীব হৃদয়ের আন্তরিকতায়। শিক্ষাকর্মীদের কথা না বললে স্মৃতির রেখা অসম্পূর্ণ থেকে যাবে। পুরোনো বন্ধুদের মধ্যে ছিলেন ভক্তিভূষণ দে (প্রধান করণিক), পরে সাধনরাম যাদব। সাধনরাম সঙ্গে প্রীতিময় বন্ধুত্বের সম্পর্ক এখনও অটুট রয়েছে। লাইব্রেরিয়ান মিহির মুখোপাধ্যায় সোনামুখীরই সন্তান; কলেজের সঙ্গে তাঁর পারিবারিক সূত্রে পুরোনো যোগাযোগ। রাজনীতিতে উৎসাহী মিহির বাবু অবসর নিলেও রাজনীতি থেকে নয়। পুরসভার চেয়ারম্যান হয়েছিলেন। দেবব্রত কর্মকার কোষাধ্যক্ষ ছিলেন। কর্মনিষ্ঠ দেববাবু আমাদের ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। রবিশঙ্কর সিদ্ধান্ত আর দেবব্রত চাটার্জি আমাদের কলেজেরই ছাত্র, পরে সহকর্মী। হারাধন দে, পার্থসারথী রায়, বিপ্লব চ্যাটার্জী, চঞ্চল মুখার্জি ল্যাব্ ইনস্ট্রাকটার হিসাবে নিযুক্ত হয়েছিলেন। নিখিল দে, মোহনচন্দ্র দত্ত, অনন্দ দাস, আনিসুর রহমন, শান্তি লাহা, সকলেই খুব ছোট, আমাদের ছাত্র অথবা ছাত্র-প্রতিম। সবার সঙ্গে হৃদ্যতা আর প্রীতির সম্পর্ক এখনও অটুট। শ্রীমতি শেলি ভট্টাচার্য করণিক হিসাবে যোগ দিয়েছিলেন; নম্র, বিনয়ী এবং সুভদ্র। খড়্গ বাহাদুর সুন্দর নেপালের অধিবাসী, অবসরের আগে পর্যন্ত নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছে। বাহাদুর হাসিমুখে ডাকলেই এগিয়ে আসত। জয়দেব লোহার, শম্ভু বাউরি, অশোক মুখার্জি, নেপাল দত্ত, মধুসূদন ডোম (অকাল প্রয়াত), সুকুমার ঘোষ, মৃত্যুঞ্জয় মুখার্জি, প্রণয় সরকার, ভৈরব চ্যাটার্জি, শিবরাম নাগ, মদনরাম যাদব, সন্ন্যাসী রায়, স্বপন কুমার আকুড়ে-রা দিবা বা প্রাতঃকালীন বিভাগে নিযুক্ত হয়েছিলেন। কিন্তু সবাই সব কাজই করত। সব সময়েই শ্রদ্ধা ও হৃদ্যতা পেয়েছি। ভজহরি দে বেয়ারা পদে কাজ করতেন। সবারই ভজদা ছিলেন। প্রতিদিন বাজারে যাবার পথে আমাকে একটি করে 'সুধা' বিড়ি খাইয়ে এককাপ চা খেয়ে

যেতেন। অবসরের পর ধীরে শরীর অসুস্থ হল, সেষ পর্যন্ত মারা গেলেন। মুরলী মুখোপাধ্যায় অসুস্থ হয়ে স্বেচ্ছাবস নিলে তাঁর ছেলে মৃত্যুঞ্জয় নিযুক্ত হয়েছিলেন। সন্ন্যাসী নামে ছিল লাইব্রেরি পিওন, কিন্তু সব কাজেই ডাক পেত সুন্দর গলায় দেহতত্ত্বের গান গাইত। আমার খুব প্রিয় 'শোনে' আমার সঙ্গেই থাকত, কিন্তু অকালে, অসময়ে পৃথিবী ছেড়ে চলে গিয়েছিল। এখন কলেজে গেলে ওর বৌ এলে প্রণাম করে, খুব বেশি মনে পড়ে 'সোনের কথা। সন্ন্যাসীর মত অসংখ্য জন ছড়িয়ে আছে সোনামুখী কলেজে আমার অন্তরঙ্গ আঠাশ বছরের স্মৃতিতে। সেই আনন্দ বিষাদের স্মৃতি বয়ে পরের দশ বছর কাটিয়েছি নতুন কলেজে। সেই স্মৃতি উদ্বেল করবে আমার বাকি জীবনকেও।

কমার্সে সুবীর চৌধুরী এসেছিল পরের দিকে। আগে বিষ্ণুপুর রামানন্দ কলেজে পড়িয়েছে, সোনামুখীতে স্থায়ী পদে যোগ দিয়েছিল। এখন প্রীতির সম্পর্ক বজায় রেখেছে। বাণিজ্যেরই তরুণ অধ্যাপক অরুণ এর সঙ্গে অনেকদিন কাজ করেছি, পরে ও অন্যত্র চলে যায়। দুজনের কাছেই শ্রদ্ধা ও ভালবাসা পেয়েছি। অর্থনীতির বিপুল দে মেসে আমাদের সঙ্গে থাকত বলে ওর সঙ্গে সম্পর্কে অনেকটাই স্বাভাবিক সরলতা। অল্প বয়সেই ওঁর ভুড়ির মেদ নামের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বলে ওকে ঠাট্টা করতাম। পরে বিপুল সোনামুখী কলেজের চাকরি ছেড়ে কলকাতার টালিগঞ্জের নেতাজীনগর কলেজে যোগ দিয়েছে। পদার্থবিদ্যার বাপ্পাদিত্য মণ্ডল মেসে আমাদের সহবাসী ছিল। পরে দুর্গাপুরে বাড়ি করেছে, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করছে এখন। ওঁরা বিয়েতে মেদিনীপুর, তারপরে বৌভাতে কাঁথি যাবার ঘটনা এখনও মনে পড়ে। ১৯৭৫ -এ অধ্যাপক কৃষ্ণদাস গোস্বামীর বিয়ে থেকে শুরু করে বাপ্পা -২৮ বছরে কতজনেরই না বিয়ে দিলাম! অল্প কিছু সময়ের জন্যে বাংলা বিভাগে শিক্ষকতা করেছেন স্বল্পভাষী অনুরূপা দাস।

টুকরো টুকরো ছবি : সোনামুখী কলেজ

ড. আশিস খাস্তগীর

[অবসরপ্রাপ্ত অধ্যাপক, বাঙলা বিভাগ (১৯৮৪-২০০০)]

গান গেয়ে পড়ানোর চাকরি হয়? হ্যাঁ হয়। অন্তত আমার ক্ষেত্রে তো তা-ই ঘটেছিল। দাতা ড. মদনমোহন কুমার। সিএসসি-র 'এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিস' হিসেবে 'রবীন্দ্রসঙ্গীত' কথাটা লিখেছিলাম। বোর্ডে মদনবাবু ছাড়া ছিলেন ইলা ভট্টাচার্য। ডাক পড়ল বিকেল চারটেয়। প্রথমেই ইলাদি – 'আপনি রবীন্দ্রসঙ্গীতের কোন পর্যায় পছন্দ করেন?' 'আজ্ঞে, সব পর্যায়ই পছন্দ। বিশেষত পূজা পর্যায়।' 'বেশ, আপনার পছন্দের পাঁচটি গানের নাম করুন।' সেরেছে, আমি কি গানের টিচার হবো নাকি?' ঢোক গিলে এলোপাথারি পাঁচটি গানের নাম করলুম। প্রথম গান ছিল 'অন্তরে জাগিছ অন্তরযামী।' 'প্রথম গানের সুর মনে আছে?' 'হ্যাঁ, আছে।' 'কি স্যার, সারাদিনের পর একটু গান শুনবেন নাকি?' মদনবাবু সোৎসাহে ঘাড় নাড়লেন। 'একটু গাও তো।' আমার তো হয়ে গেল। 'দিদি, এখন গলা কাঁপবে তো।' 'কাঁপুক, আমরা ঠিক করে নেব।' ধরলাম নিচু গলায়। তারপর যা হয় হবে ভেবে গলা ছেড়ে।'

আস্থায়ীটুকু গাওয়ার পর মদনবাবু বললেন 'ঠিক আছে। এবার বল তো, সূর্যমুখীর নাম সূর্যমুখী হল কেন?' আমার মাথায় তখন ডোন্ট কেয়ার ভাব। 'স্যার, কোনো দুষ্টু ছেলে জিজ্ঞেস করলে এক উত্তর, ভালো ছেলের আর এক উত্তর।' 'দুষ্টু ছেলেরটাই শুনি।' 'তার ঠাকুর্দা কিছু না ভেবেই নামটি রেখেছিলেন। ঠাকুর্দার নাম বঙ্কিমচন্দ্র জানেন।'

'কোন্ কলেজ থেকে পাশ করেছ?' 'স্যার, আমি আপনারই ছাত্র। বারাসাত গভর্নমেন্ট কলেজে।' স্যার চুপ। দু'মাস পর কাঙ্ক্ষিত চিঠি। গন্তব্য সোনামুখী কলেজ, বাঁকুড়া। 'মুখী' একই রইল।

চাকরি পাবার পর সোনামুখী কলেজের রুট বলতে পারেননি সিএসসি-র কেউ। এক বন্ধুর থেকে জেনে সাত ঘন্টার পথ পেরিয়ে হাজির হয়েছিলাম। তাও দুর্গাপুর ঘুরে। তারপর দেখতে দেখতে কেটে গেল ষোলটি বছর। সুখে-দুঃখে, আনন্দ-বেদনায়। সময়ের স্রোতে দুঃখ আর বেদনার রঙ ফিকে হয়েছে, জেগে আছে শুধু সুখ আর আনন্দ। সোনামুখী কলেজ আমার কাছে কেবল একটা শিক্ষা প্রতিষ্ঠান নয়, তার সঙ্গে জড়িয়ে আছেন স্থানীয় মানুষজন, যাঁরা এই কলেজকে নিজের বাড়ির মতোই ভালোবাসেন। আছে স্থানীয় সংস্কৃতি আর পরিবেশ।

দীর্ঘদিনের পৌরসভা। উন্নত শহরতলি। মেসে থাকতাম। প্রথম প্রথম খুব নিঃসঙ্গ লাগত। ধীরে ধীরে স্থানীয় মানুষজনের সঙ্গে আলাপ, আড্ডা জমল। চিনলাম সোনামুখীর গরদ, গামছা, তেলেভাজা, রসগোল্লা আর 'নোড়া' (ল্যাংচা)। প্রতি বিকেলে অন্তত চারটি রসগোল্লা চাই-ই। একটাকার সাইজ। তিনবারে খেতে হত। বাড়িতে নিয়ে এসেছি কয়েকবার। নোড়াসদৃশ ল্যাংচা পুরোটা খাওয়া কষ্টকর। জনগণের প্রিয় তেলেভাজা চেখেছি কয়েকবার।

আর গরদ! রথতলায় ছিল কেন্দ্রীয় গান্ধী আশ্রম খাদি ভাণ্ডার। নিন্দুকে বলত আমার জন্য নাকি ওই দোকানটা বেঁচে ছিল। সিল্ক, গরদ, তসর, মটকা, কাটিয়া, বল্কল, খাদি, কম্বল, মাফলার, চাদর, শাল, জ্যাকেট,

কোট কিছুই বাদ দিইনি। ফেরার ব্যাগ ভর্তি হয়ে আসত। বাড়ির লোকজন ছাড়াও বন্ধু-বান্ধবের ফরমায়েশে শাড়ি কিনতে সোজা তাঁতির ঘরে হাজির হতাম। থানের পর থান। দু'তারি, তিনতারি, চৌতারি। তার কত র কত বাহার!

টানা-পোড়েন কাকে বলে, তা চিনেছি সোনামুখীতেই। রঙিন, সাদা, ছাপা – যা পেতাম ক্ষমতা অনুযা তুলে নিতাম। সাদা থান বাড়িতে এনে কাঁথাকাজ, বাটিক, ব্লকপ্রিন্ট ইত্যাদি করিয়ে মা-র হাতে বা গিন্নির হা তুলে দিয়েছি। এখনও আছে সেসব। গৃহিণীর প্রথম বালুচরী এলো সোনামুখী থেকে। কলেজে আমায় সবা 'গরদ এক্সপার্ট' বলে খাতির শুরু করলেন।

চুপিচুপি একটি ব্যক্তিগত কথা বলি। আমার বড় কন্যা তখন নার্সারিতে পড়ে। সে সর্বদাই দেখত তার বাব ব্যাগে করে কাঁড়ি কাঁড়ি কাপড় নিয়ে আসেন। স্কুলে তাকে জিজ্ঞেস করা হয়, তোমার বাবা কি করেন? তা সোজ-সাপ্টা উত্তর – জামা-কাপড়ের ব্যবসা করেন। ভাগ্যিস, স্কুলের সব দিদিমণিরা আমায় চিনতেন!

বাঁকুড়ার গামছার খ্যাতির কথা সবাই জানেন। গুলি সুতোর গামছা যিনি একবার ব্যবহার করেছেন, তিনি তার প্রেমে পড়েছেন। আজও আমার সে-প্রেম যায়নি। আপনারা নিশ্চয়ই ভাবছেন, ব্যবসা কেন করলাম না আসলে কী জানেন তো, তাহলে 'স্বার্থ' নামক শব্দটা নিঃশব্দে ঢুকে যেত। এও তো একধরণের 'পরকীয়া প্রেম' 'স্বার্থগন্ধ নাহি তায়!'

আমরা, যারা শহুরে বা আধা-শহুরে বাসিন্দা, তারা লোকসংস্কৃতির বিষয়ে আল্গা ঔৎসুক্য দেখাই বটে, কিন্তু তার মর্মস্থলে প্রবেশের চেষ্টা করি না। আপন করে নেওয়া তো দূরের কথা। সোনামুখী আমায় চোখে আঙুল দিয়ে দেখিয়েছে, লোকসংস্কৃতি কীভাবে অঞ্চলের মানুষের পরতে পরতে জড়িয়ে যায়।

আমরা দেব সেনাপতি চিরকুমার কার্তিকের পুজো বিষয়ে খুব উদাসীন। এখানে কার্তিক কেবল দেব সেনাপতি নন। তিনি পুরোদস্তুর লৌকিক দেবতা। সেখানে দুর্গার বন্দনায় যত না মানুষের উৎসাহ, তার কয়েক গুণ বেশি কালী ও কার্তিকের আরাধনায়। এই দুই পুজোয় বাড়িতে বাড়িতে আত্মীয় স্বজনের ঢেউ। এ পাড়া ও পাড়ায় টেক্কা দেওয়ার পুজো। প্রাচীনত্বে প্রথায় ও জাঁকজমকে। কার্তিকের রূপ এখানে মনোহারী কুঞ্চিতকেশ ও গুম্ফশোভিত নয়। আয়তাকার চোখ ও বলদৃপ্ত ভঙ্গি বেশ চোখ টানে। শারীরিক গঠনে লাবণ্যের থেকে শৌর্যই গুরুত্ব পায় বেশি। সৌষম্যও বজায় থাকে না।

এ সবই লৌকিক ধরণ। পুজো তিনদিনের। পুজোর নামগুলিও বেশ। বড় কার্ত্তিক, মেজো কার্ত্তিক, ছোট কার্ত্তিক, লালবাজার, গুঁইপাড়া, শিমুলতলা, বকুলতলা ইত্যাদি ইত্যাদি। ভাসান ২ অঘ্রাণ। সে আর এক মাতামাতি। সাঁঝে থেকে সারা রাত ধরে ভাসানের মিছিল। স্কুল কলেজ ওইদিন ছুটি। যানবাহনও যে বন্ধ। এখন শুনেছি সেসব অনেক নিয়ন্ত্রিত।

সোনামুখীর কালীপুজো পাঁচদিনের। জাঁকজমকে দুর্গাপুজো ম্লান। ছোট বড় মিলিয়ে ১০০-র বেশি পুজো। খ্যাতি সারা বাংলায়। সবচেয়ে পুরোন মা-ই-তো কালী। এছাড়া বড়কালী, রক্ষাকালী, সত্যকালী, থান্দারকালী, নবম-মধ্যমকালী, পায়রাকালী, পাগলাকালী, খ্যাপাকালী, ছেলেকালী, গোরাকালী, ভদ্রকালী, চামুণ্ডাকালী, বামাকালী, তেমাথাকালী, গয়নাকালী, কৃষ্ণকালী, হট্টনগরকালী ইত্যাদি ইত্যাদি। এমনকী সার্ভিসকালী!

প্রত্যেক পুজোর এমন নামকরণের পিছনে আছে কোন না কোন ঘটনা বা জনশ্রুতি। যেমন পায়রাকালীর

পুজোয় পায়রা বলি হয়। খ্যাপাকালী শিকল দিয়ে বাঁধা থাকেন। বড়কালী সবচেয়ে উঁচু কালীপ্রতিমা। মা-ই-তো কালী নামকরণ নাকি বর্গীদের করা। ভক্তদের রক্ষার কামনায় রক্ষাকালীর পুজো শুরু করেছিলেন এক কাপালিক। এই ক'দিন সোনামুখীর প্রত্যেক বাড়িতে আত্মীয়-স্বজনের ভিড়, মহোৎসব। পঞ্চম দিনে বিসর্জন শোভাযাত্রার আছে আর এক আকর্ষণ। আতসবাজীর প্রদর্শনী। সন্ধ্যে থেকে ভোর পর্যন্ত চলে আতসবাজীর খেলা। দুঃখের বিষয়, তখন পুজোর ছুটি চলত। তাই আমার আর ওই উৎসব দেখা হয়নি।

ছিল একটাই সিনেমা হল। বিজয়া। একটি কি দুটি সিনেমা দেখেছিলাম। কিন্তু সিনেমা হলের পাড়ায় গিয়ে লালুর দোকানে মুরগির মাংসসহ পাউরুটি চিবোনো আমাদের অত্যাবশ্যকীয় কর্ম ছিল। লালুও নেই, 'বিজয়া'ও নেই। এই হলে স্থানীয় 'ইয়ং স্টার' (নামটা ঠিক বললাম কি?) ক্লাব সারারাত ধরে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছিলেন। তার শিল্পী জোগাড় করা এবং ঘোষণার দায়িত্ব পড়েছিল আমার ওপর। হলে তিল ধারণের জায়গা ছিল না। এখনও অনেক মানুষের মনে সেই অনুষ্ঠানের স্মৃতি গেঁথে আছে।

কলেজের কথায় ফিরে আসি। এখানে কাজে যোগ দিতে আসি ১৯৮৪ সালের ১৮ সেপ্টেম্বর। তখন ভারপ্রাপ্ত অধ্যক্ষ ছিলেন অধ্যাপক বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়। পশ্চাদ্দেশে ফোঁড়ায় ব্যথায় কাতরাচ্ছেন। আয়তনেত্র, বিশালবপু। কমার্সের নামকরা অধ্যাপক। বরাবর তাঁর স্নেহ পেয়েছি। তখন সোনামুখী কলেজের কমার্স বিভাগের সুনাম সারা বর্ধমান জেলায়। ফি-বছর একাধিক ফার্স্ট ক্লাসপ্রাপ্তি অভ্যাসে দাঁড়িয়ে গিয়েছিল। তখন চলছে শিক্ষাকর্মীদের ধর্মঘট। কীভাবে যোগ দেব? মুশকিল আসান করলেন অধ্যাপক তরুণ মুখোপাধ্যায়। তিনিও কমার্সের। খ্যাতিমান সজ্জন পরোপকারী অধ্যাপক। অকালপ্রয়াত। ছিলেন পদ্মলোচন গঙ্গোপাধ্যায়। একডাকে সারা বাংলার কমার্সের ছাত্র-ছাত্রী তাঁকে চেনে হিসাবশাস্ত্রের বইয়ের লেখক হিসেবে। সরল সাদাসিধে জীবনযাপনে অভ্যস্ত পদ্মলোচনবাবুর হস্তাক্ষর ছিল মুক্তোর মতো।

যাহোক, যোগদান তো হল। থাকব কোথায়? ম্যাজিকের মতো তারও সমাধান হয়ে গেল। অধ্যাপক মেসের তিনতলায় ছোট্ট ঘরে থাকতেন অঙ্কশাস্ত্রের অধ্যাপক বিরঞ্জন বসু। তখন তিনি মেস ছেড়েছেন। তাঁর জায়গায় আমি। বিভাগীয় প্রধান ছিলেন রাধাগোবিন্দ বরাট। সোনামুখী পুরসভার চেয়ারম্যান। বামপন্থী মানুষ। কিন্তু রাজনৈতিক মতামতকে দূরে সরিয়ে রেখে সকলকে আপন করতে পারতেন। সকলেও তাঁকে আপন বলে জেনেছিল। তিনি বিরঞ্জনবাবুকে বললেন আমাকে বিষ্ণুপুর ঘুরিয়ে দেখিয়ে দিতে। সেই প্রথম বিষ্ণুপুর ভ্রমণ।

এর আগে মেসজীবন কী, তা জানতাম না। ১৬ বছরের মেসজীবন যে কত স্মৃতিতে ঘেরা, তা বলে শেষ করা যাবে না। সেই তিনতলার ছোট্ট ঘরটি ছিল আমার বড়ই আপনার, একান্ত নিজের। গরমকালে রাত ১০টার আগে সে-ঘরে ঢোকা যেত না। তারপর নিজের কাজ চলছে তো চলছেই। রাত বারোটায় দরজায় টুকটাক আওয়াজ। রাষ্ট্রবিজ্ঞানের তরুণ অধ্যাপক ইন্দ্রজিৎ দাশের আগমন। আড্ডা চলত ঘণ্টা দেড়েক। স্বপন দে উঠতেন ভোর পাঁচটায়। রান্নার হাতটি ছিল বড় সরেস। বিশেষত কষা মাংসে। ইন্দ্র তার নাম দিয়েছিল পু-র্-র্-র্-র্ চিকেন। ছিলেন রাষ্ট্রবিজ্ঞানের আর এক শিক্ষক সামশুল আলম। অসাধারণ আন্দাজশক্তি ছিল তাঁর। স্মৃতিশক্তিও। মেসের বাসিন্দা ছিলেন সংস্কৃতের বংশীবদন দে। স্বল্পবাক্, সুরসিক। খুব গোছানো। হাতের লেখাটি চমৎকার।

পরে এসেছেন কমার্সের স্বপন সামন্ত। কর্মীমানুষ। লুঙ্গি পরার এক বিশেষ স্টাইল ছিল তার। ১৯৯১-এ এসেছিল রাষ্ট্রবিজ্ঞানের দীপক নিয়োগী। অনেক ঘটনা থেকে একটি ঘটনা – রাত দশটা। গ্রীষ্মকাল। হোটেল

ফেরত আমরা দুই সহকর্মী। আমি ক্ষীণ, তখন দীপক চকচকে মেদবহুল। মেসের সামনে কালভার্ট। তাতে জনাকয়েক বসে। আমরা পেরুতেই পেছন থেকে তীব্র নাকিসুরে 'এ্যাঁই ষাঁঢ়। 'আশিসদা, আমাদের আওয়াজ দিচ্ছে!' দূরে তাকিয়ে দেখি সাইকেলের ক্যারিয়ারে দুটো ফাঁকা ক্যান ঝুলিয়ে আপনমনে চলেছে এক গয়লা। হায় রে, পড়বি পড় .....। তারপর থেকে দীপককে আড়ালে ডাকতাম 'এ্যাঁই ষাঁঢ়'। মেসপর্বের প্রথমে পেয়েছি অধ্যাপক প্রশান্ত ব্যানার্জিকে। সপরিবারে থাকতেন। তাঁর কথা পরে বলছি। মেসে সংক্ষিপ্ত বাহুল্যবর্জিত সাদাসিধে জীবনযাপন দেখেছি। 'চাঁপ চাঁপ ভাল' এবং 'বডির জয়েন্টে জয়েন্টে সাবান' দেওয়ার উপদেশবাণী মেস থেকেই পেয়েছি।

খ্যাতনামা গায়ক-গায়িকার গাওয়া গান মনে থাকা স্বাভাবিক। কিন্তু বিশেষ বিশেষ পরিস্থিতিতে অচেনা অজানা কোনো মানুষের গাওয়া গান (গায়ক না হলেও) গভীরে ঢুকে যায়। বহুদিন স্মরণে থাকে। মেসের তিনতলায় একা থাকি। শীতার্ত রাত। বড়জোর ১০টা। চারিদিক ঝিম। মাঝেমধ্যে দু'একটি কুকুরের হাঁক। তারই মাঝে হঠাৎ ভেসে এলো গানের সুর। একক। নিঃসঙ্গ কিন্তু জোরালো। পুবদিকের জানালাটা খুললাম। ঠান্ডা হাওয়ার সঙ্গে সুরও ধেয়ে এলো। দেখি আদ্যন্ত নেশাগ্রস্ত এক মানুষ টলোমলো পায়ে গাইতে গাইতে আসছে — এই তো জীবন, যাক্ না যেদিকে যেতে চায় প্রাণ। আশ্চর্য হলাম, সুরা তার সুর হরণ করেনি। সে কোনো জলসায় গাইতে উঠে নেশাগ্রস্তের ভাণ করেনি। তার কোনো শ্রোতা নেই। মনের আনন্দে গাইছে – খাও খাও বুঁদ হয়ে ডুবে যাও ... করুক মাথা ঝিমঝিম।

যেমন এসেছিল, তেমনই চলে গেলো, পুব থেকে পশ্চিমে। আর কখনও তাকে দেখিনি। মনে রেখেছি। অনেক অনেক গায়কের থেকে অনেক উঁচুতে।

বাংলা বিভাগ আমার কাছে ছিল বড় আনন্দের। আমি জুনিয়ার মোস্ট। মাথার ওপর তিনজন। বরাটবাবু ছাড়া আছেন মীরাদি (রায়), স্বপন দে। মীরাদি পুজো-আচ্চা নিয়ে একটু ব্যস্ত থাকতেন। স্বপনবাবুতো সবার 'গুরু'! ক্লাসে পড়ানোর বাইরে তাঁর কত কাজ! বিকাশ ভবনের কাজ, রাইটার্সের কাজ, সহকর্মীদের কার জুতো দরকার, পারফিউম, জামা দরকার, বইপত্র দরকার – সব কাজে চোখ বন্ধ করে ভরা করা যেত স্বপনবাবুকে। কলেজে শিক্ষক ও ছাত্রদের যাবতীয় খেলাধুলা এবং স্পোর্টসের আয়োজনেও স্বপন দে। স্টাইলের উদাহরণ স্বপন দে। তাঁকে কখনও রাগতে দেখিনি। সরকারি টাকায় বই কেনার সময় আমরা দু'জন কলেজ স্ট্রিটে হত্যে দিয়ে পড়তাম। শেষে কফি হাউস। তিনি নাম-না-জানা ছাত্রদের অবলীলায় ডাক দিতেন, এই বনমালী, এই পঞ্চা বলে। প্রশ্নপত্র করার সময়ও এই ব্যাপারটি কাজ করত। প্রশ্নপত্রে বনমালী ও পঞ্চাননের মধ্যে কল্পিত সংলাপ লিখতে বলতেন অথবা বনমালীকে লেখা পঞ্চাননের চিঠির বয়ান তৈরি করতে বলতেন। একবার একটি রেস্টুরেন্টে নাম-না-জানা বয়ের উদ্দেশে হাঁক দিয়েছিলেন, এই বনমালী। অবাক কাণ্ড, একটি ছোকরা সামনে এসে বিনীতভাবে জিজ্ঞাসা করল, বলুন, কী চাই। স্বপনবাবু বেশ গাম্ভীর্যের সঙ্গে তাকে জিজ্ঞাসা করলেন, কী নাম তোমার? তার সংক্ষিপ্ত উত্তর – বনমালী।

এখনও তাঁর সঙ্গে যোগাযোগ আছে।

কলেজে তখন কলাবিভাগে অনার্স ছিল তিনটি বিষয়ে। বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন। ধীরে ধীরে ইতিহাস, ইংরেজি বিষয়েও অনার্স চালু হল। রাষ্ট্রবিজ্ঞানের প্রধান ছিলেন অধ্যাপক চণ্ডীদাস মুখোপাধ্যায়। তাঁর মত সদাহাস্যময়,

পরিশীলিত রুচির মানুষ খুব কম দেখা যায়। অতি সম্প্রতি বেড়াতে গিয়েছিলাম মুকুটমণিপুর। তাঁকে অনুরোধ করেছিলাম বাঁকুড়া থেকে একটি গাড়ির বন্দোবস্ত করে দেবার জন্য। তিনি নিজে হাজির ছিলেন স্টেশনে। সম্পর্কের শিকড়টা কতদূর নেমেছিল সেদিন বুঝেছি। একই কথা বলতে হয় বটানির অধ্যাপক অরুণ কুমার বিশ্বাস সম্পর্কেও। বিষ্ণুপুর বেড়াতে যাব। তাঁকে বললাম। তিনি হোটেল-গাড়ি নিজে ঠিক করলেন। আড্ডা মারতে এলেন হোটেলে। এ-সম্পর্ক কি আজ আর পাওয়া যাবে?

সহকর্মীসৌভাগ্য অনেকেরই হয়। কিন্তু অভিভাবক-সহকর্মী সৌভাগ্য বিরল। আমি সেই 'বিরল'দের একজন। যখন যোগ দিই, তখন আমি 'জুনিয়র মোস্ট'। তাই সবাই আমার দাদা বা দিদি। তাতে দায় নেই, আব্দার আছে। দায়িত্ব নেই, ভালোবাসা আছে 'দাদাগিরি'র বদলে তাঁরা বন্ধুর মতো, অভিভাবকের মতো মাথায় ছাতা ধরে থাকতেন। আমার সুখে-দুঃখে, প্রয়োজনে-অপ্রয়োজনে সবসময় তাঁদের পাশে পেয়েছি। কয়েকজনের সঙ্গে গড়ে উঠল পারিবারিক সম্পর্ক। নাম না করলেই নয়। অধ্যাপক দম্পতি রাধারমণ দাস, অনীতা দাস, অধ্যাপক দিলীপ দত্ত, প্রশান্ত ব্যানার্জি এবং কলেজের বাইরে ডাক্তার অসীম চ্যাটার্জি। প্রায় প্রতি সন্ধ্যায়-রাতে তাঁদের বাড়িতে পালা করে খেয়ে আসতে হত।

রাধারমণদা এবং অনীতাদি যেমন প্রকৃত শিক্ষক তেমনই নামকরা গাইয়ে, দিলীপদা খেলাপাগল, আর নেশা লেখালেখি, প্রশান্তদাও নামী গাইয়ে। চারজনই রসিক এবং হুল্লোড়বাজ। রাধারমণদা এবং অনীতাদি অকালে চলে গেছেন। রেখে গেছেন বহু অমলিন উজ্জ্বল স্মৃতি। তাঁদের স্নেহ ভালোবাসা আজও খুঁজে বেড়াই। দিলীপদা, প্রশান্তদা বামপন্থী রাজনীতির পোড়খাওয়া মানুষ। আমার সঙ্গে সম্পর্কে তার ছায়া পড়তে দেননি। দুই বৌদিও কখন যেন নিজের বৌদি হয়ে গেছেন। আজও তাঁদের সঙ্গে যোগাযোগ আছে, একইরকম। ডাক্তার অসীম চ্যাটার্জি থাকতেন আমাদের মেসবাড়ির পাশেই। তাঁর সঙ্গে সম্পর্কও কীভাবে যেন ঘরোয়া হয়ে উঠল। চিকিৎসা করতেন, কিন্তু মানি পার্সে হাত দিতে দেননি। অফুরন্ত প্রাণশক্তির অধিকারী মানুষটি আজও সদাহাস্যময়। সবার নাম লেখার স্থান নেই। সব স্মৃতিও বলা সম্ভব নয়। সকলের প্রতি রইল আমার অসীম শ্রদ্ধা ও ভালোবাসা।

শিক্ষাকর্মীদের কথাও বলতে হয়। ঠাণ্ডা মাথার কর্মকুশলী সাধনরাম যাদব, হিসেবনিকেশে দক্ষ দেবব্রত কর্মকার, স্বল্পবাক্ দেবব্রত চ্যাটার্জি, নায়কোচিত চেহারার ও পোশাক-সচেতন রবি সিদ্ধান্ত, ভারি চশমার পার্থ রায়, রোগা-পাতলা চেহারার বিপ্লব ব্যানার্জি (এখন অবশ্য তা নেই), নিখিল দে এবং আরও যাঁরা ছিলেন, তাঁদের প্রত্যেকের সঙ্গেই ঘরোয়া সম্পর্ক গড়ে উঠেছিল। তখন আমাদের কলেজে অনেক কিছুরই অভাব ছিল। তবু এগিয়ে যাবার পাথেয় ছিল অফুরন্ত প্রাণশক্তি ও নির্মল পারস্পরিক সম্পর্ক।

আজ কলেজের ৫০ বছর পূর্তির দিনে মনে পড়ছে ২৫ বছর পূর্তির উৎসব। টাকা নেই। ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রশান্ত ব্যানার্জি তাঁর অপারগতা জানিয়ে দিয়েছেন। কিন্তু নাছোড় ছাত্র তন্ময় চ্যাটার্জি। আমাকে এসে ধরল, দায়িত্ব নিতেই হবে। কথা উঠল অনুষ্ঠানের স্থান ও সময় নিয়ে। আমি বললাম, অনুষ্ঠান হবে কলেজ প্রাঙ্গণেই এবং তা হবে সন্ধে থেকে। অনেকেই আপত্তি জানিয়েছিলেন। কারণ সন্ধ্যের পর দর্শক পাওয়া যাবে না। শেষমেষ সব আপত্তি উড়িয়ে অনুষ্ঠান হল কলেজেই এবং শুরু হল বিকেল থেকে। গাড়িভর্তি শিল্পী এল কলকাতা থেকে। কলেজের ছাত্র-ছাত্রীরা দীর্ঘদিন অনুশীলনের পর পরিবেশন করল 'সময়ের গান' গীতিআলেখ্য। অতি-নিন্দুক শিক্ষকও বলতে বাধ্য হলেন 'লা জবাব'। মাঠে তিল ধারণের জায়গা ছিল না। হেমন্তের গান, নির্মলা মিশ্রের গান

এবং নৃত্যালেখ্য, সব মিলিয়ে জমজমাট সে-দিন। ভুলবো না।

খুব মনে পড়ছে কলেজ-শিক্ষকতা শুরুর দিনগুলির কথা। প্রথম ক্লাস থার্ড ইয়ারে 'রক্তকরবী'। পরের ক্লাস সেকেণ্ড ইয়ার ভাষাতত্ত্ব। তারপর ফার্স্ট ইয়ারে 'বৈষ্ণব পদাবলী'। রীতিমত চ্যালেঞ্জ! ছাত্রবন্ধুদের সাহায্যে সে-পরীক্ষায় উতরে গেলাম। দ্বিতীয় দিন থার্ড ইয়ারের ছেলেমেয়েরা টেবিলের ওপর রক্তকরবী ফুল এনে রেখেছিল। মনে আছে। ছাত্র-ছাত্রীরা বন্ধু হয়ে গিয়েছিল। তবু এক অদৃশ্য দূরত্ব বজায় থাকত। সাজপোশাকের দিকে সচেতন ছিলাম। সেটাও তাদের নজর এড়াত না। ওদের নিয়ে বেড়াতে গেলাম শান্তিনিকেতন। তখন সেখানে ঘাঁটি গেড়ে বসা এক ছাত্র (উজ্জ্বল) সব ব্যবস্থা করে দিল।

কী আনন্দের দিন ছিল! ক্লাসরুমের বাইরে বেদী বাঁধানো এক বিশাল আমগাছ। বিকেলের পড়ন্ত আলোয় গোল হয়ে বসতুম সেখানে মাঝে-মধ্যে। অনেকটা দূরে ছিল একটা টিনের চালা আর একটা খড়ের চালার ঘর। সাপ ঝুলত কখনও কখনও। উইয়ের ঢিবি ঘিরে ধরত। তাতে কী! দূর-দূরান্ত থেকে আসা ছেলেমেয়েরা বসে থাকত। ক্যান্টিনমুখো তারা হত না। দারিদ্র কী, তা বুঝেছি ওই কলেজে গিয়ে। কিন্তু তাদের মুখের হাসি কেউ কেড়ে নিতে পারেনি। প্রতিকূলতার সঙ্গে যুঝতে হাসিটাই যেন একমাত্র সহায়! অনিচ্ছাসত্ত্বেও মেসে হামলা চালাত কিছু নাছোড়বান্দা ছাত্র-ছাত্রী। দাবি মানতে হত। ১৬ বছর চাকরির পর চলে আসার সময় বুক ফেটে গিয়েছিল। উপায় ছিল না। এতদিন পর যখন শুনি তারা কেউ স্কুলে, কেউ কলেজে সুনামের সঙ্গে পড়াচ্ছে, কেউ ব্যবসায় খ্যাতি পেয়েছে, কেউ-বা সুখ ঘরণী হয়েছে, তখন মন ভরে যায়। আরও ভালো লাগে যখন তারা নিজে থেকে এগিয়ে এসে পরিচয় দেয়! একটা "দাগ' রেখে যাওয়ার কথা বলেছিলেন রামকৃষ্ণ। সেই "দাগ' ছাত্রছাত্রী ছাড়া আর কেউ বহন করতে পারে কি?

আমার শিক্ষক কবি হরপ্রসাদ মিত্রের কথা খুব মনে পড়ছে। জীবনানন্দ দাশের কবিতা পড়াতেন। 'বোধ' কবিতা পড়াতে পড়াতে তন্ময় হয়ে যেতেন। 'মাথার ভিতরে / স্বপ্ন নয়, কোন এক বোধ কাজ করে! স্বপ্ন নয় – শান্তি নয় – ভালোবাসা নয়, / হৃদয়ের মাঝে এক বোধ জন্ম লয়!' সে-বোধ কি আর জন্ম নেয়? আমরা কি ভাবি? যদি ভাবি, তবে কী ভাবি? ক্রমমুক্তির পথ? আলো জ্বালাতে সুচেতনা আর কতো দূর?

শুধু সামনে এসে দাঁড়ায় 'নষ্ট শশা', 'পচা চালকুমড়া'র ছবি। পূতিগন্ধে বিবর্ণ চারিদিক। মাঝে মাঝে ক্লান্ত মনে হয়। 'পৃথিবীর পথ ছেড়ে আকাশের নক্ষত্রের পথ' খুঁজতে চাই না। প্রকৃত পথের সন্ধান কে দেবে? জঞ্জালের বুকে রক্তকরবী আর কতো দূর?

রইলো প্রাণে সঞ্চিত

দিলীপ দত্ত
[অবসরপ্রাপ্ত অধ্যাপক, ইতিহাস বিভাগ (১৯৬৬-২০০২)]

পথে যেতে যেতে হঠাৎ কেউ যদি আমাকে থামিয়ে দিয়ে জানতে চান, আপনার জীবনের শ্রেষ্ঠ সময়টা কখন কেটেছে? কোনো দ্বিধা-দ্বন্দ্ব না রেখেই চটপট উত্তর দেবো যতোদিন ছিল সোনামুখী কলেজে ছিলাম। ১৯৬৬ সালের ১৭ই আগষ্ট থেকে ২০০২ সালের ২৮ শে ফেব্রুয়ারী পর্য্যন্ত দীর্ঘ ৩৬ বছর সোনামুখী কলেজে কাজ করার অনন্য অভিজ্ঞতা মনিমুক্তোর মতো ছড়িয়ে আছে আমার অংগনে। সেই ফেলে আসা দিনগুলো আজো তেমনি উজ্জ্বল ও আকর্ষক। এমন একটি চমৎকার অধ্যায় পেরিয়ে আসার সৌভাগ্য সবার হয় না। শ্রেয়া ঘোষাল তাঁর সুরেলা কন্ঠে গেয়েছেন— এতো আলো আমি কখনো দেখিনি। আমার কন্ঠে যদি রফি-কিশোরের সুর থাকতো, তাহলে নিশ্চয়ই গাইতাম— এতো আনন্দ আমি কখনো পাইনি।

আমাদের পরিসর ও পরিবেশ একা একা সৃষ্টি হয়না। তা হয় চারপাশের মানুষজন, পরিস্থিতি ও পরিবেশ ওপর নির্ভর করে। আমি যাঁদের পাশে পেয়েছি, সান্নিধ্য পেয়েছি, তা পেতে যে কেউ ব্যগ্র হতে পারেন। আমার সহকর্মী বন্ধুগণ, অশিক্ষক কর্মচারীবৃন্দ ও ছাত্র-ছাত্রীদের নিয়ে যে ঈর্ষান্বিত বলয়টি সৃষ্টি হয়েছিলো সেই আবর্তে নিজের অবস্থান নিশ্চিত করতে যে কেউ উন্মুখ হবেন।

একজন প্রসারিত মানুষ প্রয়াত অনন্ত লাল পাত্রের সংস্পর্শে থাকার ও তাঁর অধীনে কাজ করার দুর্লভ সুযোগ চিরদিন অমলিন থাকবে। একটা প্রতিষ্ঠানকে কিভাবে ও কতোটা নিষ্ঠার সঙ্গে ভালোবাসা যায়, তাঁকে না দেখলে বোঝা যাবেনা। কি ভাষণ একাগ্রতা ও আন্তরিকতা নিয়ে কলেজের জন্যে কাজ করেছেন, বিস্মিত হবার মতো। সারাটা দিন কাজে ডুবে যাওয়া, তা কলেজেই হোক বা বাড়িতেই হোক। প্রচুর ধূমপান করতেন একটা সময়ে। কিন্তু কলেজে কোনো দিন মুহূর্তের ভুলে দু আঙ্গুলের ফাঁকে মহার্ঘ বস্তুটিকে অগ্নিময় করেননি। কলেজ প্রতিষ্ঠার জন্যে দিনের পর দিন গ্রাম শহর চষে বেরিয়েছেন। কলেজ প্রতিষ্ঠার পরে নতুন কলেজ বিল্ডিংয়ের কাজ, তার নক্সা, মালমশলা জোগাড় করা, মিস্ত্রী মজুরদের ঠিক করা, রড-সিমেন্টের বরাত দেয়া—সবই তিনি একা হাতে করতেন। কাজ শুরু করার প্রথম দিন থেকেই সকাল থেকে সন্ধ্যে পর্য্যন্ত ছাতা হাতে তদারকি করেছেন। মাসের পর মাস এটাই ছিলো অধ্যক্ষ অনন্তলাল পাত্রের রোজনামচা। ক্লান্তি নেই, বিরক্তি নেই। অনন্ত ধৈর্য। অন্তহীন ভালোবাসা মগ্নতা কলেজের জন্যে— ভালোবাসা কারে কয়। যাতনাময় নয়, তার কাছে তা ছিলো কেবলই আনন্দময়। একবার তো ছাদ ঢালাই করতে রাত প্রায় ১২টা। অনন্তবাবুকে সংগ দিতে আমরা কয়েকজন উপস্থিত। হঠাৎ প্রধান মিস্ত্রী এসে জানালো যে তিন/চার ব্যাগ সিমেন্টের ঘাটতি হবে। কাজটা অসম্পূর্ণ থাকবে। আমাদের কাছে ডাকলেন। সমস্যার কথা বললেন। অতো রাত্রে সিমেন্ট কোথায় মিলবে? সবাই তো ঘুমে আচেতন। আমার প্রতিবেশী প্রয়াত গান্ধী বাঁট ভালো মানুষ। ব্যবসায়ী আমার সংগে সুসম্পর্ক। প্রশান্ত ও আমি তাঁকে ঐ রাতে ঘুম থেকে তুলে সিমেন্টের ব্যবস্থা করি। অধ্যক্ষ দারুণ খুশি, যেন নিজের মেয়ের বিয়েটাই নির্বিঘ্নে সম্পন্ন করলেন।

একটা সাইকেল স্ট্যান্ড করা যাচ্ছে না টাকার অভাবে। অথচ খুব প্রয়োজন। অধ্যক্ষকে একটা প্রস্তাব দিলাম উৎসাহিত হয়ে তিনি সমর্থন করলেন। প্রশান্ত, আমি সোনামুখী পঞ্চায়েতগুলোতে গেলাম। সেখানে প্রধান কিংবা অন্য পদাধিকারী হয় আমাদের ছাত্র বা পরিচিত। সাইকেল স্ট্যান্ডের জন্যে ওদের বাতিল করা টিন ও ষ্টিলের পাইপ দান করতে আবেদন জানালাম। ওদের ট্রাকে করেই কলেজে পৌঁছে দিলো। টিচার্স রুমের পাশে সাইকেল স্ট্যান্ড হলো। পাত্র মশাইয়ের তৃপ্তি। তাঁর প্রবল স্মৃতিশক্তি আমাদের বিস্মিত করেছে অসংখ্য ছাত্র-ছাত্রীদের পদবীসহ নাম ধরে ডাকতেন, এমনকি তাঁদের বাবার নাম ও গ্রামের ঠিকানাও বলে দিতে পারতেন। গল্প শুনেছি মার্কিন প্রেসিডেন্ট, সম্ভবতঃ রুজভেল্ট হোয়াইট হাউসের কয়েক হাজার কর্মচারীকে নাম ধরে ডাকতেন। এই বিশেষ গুণের জন্যে তিনি তাদের কাছে খুব জনপ্রিয় ছিলেন।

১৯৭১ ও ১৯৭২ সালে পরপর দুটো দুর্ঘটনায় তিন মাস করে প্রায় ছ'মাস আমি কলেজে উপস্থিত থাকতে পারিনি। আমার চাকুরী জীবনে গভীর সমস্যা দেখা দেয়। বরখাস্ত হবার প্রবল শংকা। সেই সংকটে অধ্যক্ষ যদি একটু চোখ বুজে থাকতেন, কিংবা যদি অলস নয়নে আর্ধেক আঁখির কোণে আমার দিকে তাকাতেন, তাহলেই আমার চাকুরীতে ছেদ পড়তো অনিবার্যভাবে। কিন্তু তিনি তা করেননি, হতে দেননি। যদিও তাঁর অনেক কাজের সমালোচক ও বিরোধী ছিলাম আমি, তবু বিন্দুমাত্র দেখে নেবার বাসনা ছিলো না। এ জাতীয় কলুষতা তাঁকে স্পর্শ করতে পারেনি। কত উঁচু স্তরে তাঁর বিচরণ। একজন পরম মহানুভব ব্যক্তি অন্তর্লীন হয়ে থাকতেন তাঁর বুকের ভেতরে।

অবসরের কয়েক বছরের মধ্যেই তিনি মারা যান। অথচ এমন মানুষদের আরো অনেক দিন বেঁচে থাকার কথা। ধরিত্রী উপকৃত হতো। বিখ্যাত ইংরেজ কবি মিল্টনের মৃত্যুর পরে সম্ভবতঃ কবি ওয়ার্ডসওয়ার্থ আক্ষেপ করে তাঁর কবিতায় বলেছেন— Milton, thou shouldst be living at this hour; England hath the need of thee. মিল্টন, তোমার এখনো বেঁচে থাকা দরকার, তোমাকে যে ইংলন্ডের ভীষণ প্রয়োজন। শিক্ষায় নিবেদিত অনন্তবাবুদের মতো অগ্রণী ব্যক্তিদের আরো বেশি দিন বেঁচে থাকা প্রয়োজন শিক্ষার অধিকার প্রতিষ্ঠার জন্যে, শিক্ষায়তনে শৃংখলা ও শান্তির অনুকূল পরিবেশ সৃষ্টি ও রক্ষার জন্যে। সর্বোপরি শিক্ষার আরো উৎকর্ষের জন্যে। গভীরতম শ্রদ্ধা জানিয়ে বলবো— লহ নমস্কার! লহ প্রণাম।

দীর্ঘ ৩৬ বছরে যাঁদের সহকর্মী হিসেবে পেয়েছি, তাঁদের স্মৃতি, তাঁদের কথা এখনো স্পষ্ট ও জোরদার তাঁদের নামের তালিকাটা এরকম :—

বাংলা বিভাগ

১। অধ্যাপক অসিত বিশ্বাস	৭। অধ্যাপিকা মীরা রায়
২। " প্রয়াত ধীরেন সেন	৮। অধ্যাপিকা আফরফি খাতুন
৩। " প্রয়াত রাধাগোবিন্দ বরাট	৯। অধ্যাপক আশিস খাস্তগীর
৪। " প্রয়াত শুভ্রকান্তি মুখার্জী	১০। অনুরূপা দাস
৫। " স্বপন দে	১১। মৈনুল হক
৬। " স্বস্তি মণ্ডল	১২। অধ্যাপিকা শম্পা গুপ্ত

ইংরাজী বিভাগ

১। অধ্যাপক প্রবাল দত্ত
২। ,, ধর্মদাস ব্যানার্জী
৩। ,, প্রয়াত হরিসাধন মুখার্জী
৪। ,, দীপেন চৌধুরী

সংস্কৃত বিভাগ

১। অধ্যাপক অজয় দে
২। ,, বংশী বদন দে
৩। ,, জিতেন ভাণ্ডারী
৪। ,, অমর পাত্র

ইতিহাস বিভাগ

১। অধ্যাপক দিলীপ দত্ত
২। ,, শাহজামাল
৩। ,, প্রয়াত ষষ্ঠী বাউরী

বাণিজ্য বিভাগ

১। অধ্যাপক প্রদীপ চক্রবর্তী
২। ,, উদয়চাঁদ দত্ত
৩। ,, বিশ্বনাথ ব্যানার্জী
৪। ,, সমীর পাল
৫। ,, প্রয়াত তরুণ মুখার্জী
৬। ,, প্রয়াত লক্ষ্মীনারায়ণ দত্ত
৭। ,, প্রয়াত সিদ্ধার্থ ব্যানার্জী
৮। ,, রাধেশ্যাম দাস
৯। ,, স্বপন সামন্ত
১০। ,, প্রয়াত পদ্মলোচন গাঙ্গুলী
১১। ,, সিরাজুল হক
১২। ,, সুধীর চৌধুরী

অর্থনীতি বিভাগ

১। অধ্যাপক প্রশান্ত ব্যানার্জী
২। ,, দেবব্রত দত্ত
৩। ,, প্রশান্ত দাস
৪। ,, বিপুল দে
৫। ,, হরিদাস আচার্য
৬। ,, সমীর পাল

রাষ্ট্র বিজ্ঞান বিভাগ

১। অধ্যাপক চণ্ডী মুখার্জী
২। ,, জহর সাঁই
৩। ,, পুলক নারায়ণ ধর
৪। ,, ইন্দ্রজিৎ দাস
৫। ,, দীপক নিয়োগী

অঙ্ক বিভাগ

১। অধ্যাপক বিরঞ্জন বসু
২। ,, শচীন কুমার
৩। ,, জয়দেব মণ্ডল

বিজ্ঞানবিভাগ

১। অধ্যাপক দিলীপ পাত্র
২। ,, অরুন বিশ্বাস
৩। ,, উদয়ন সরকার
৪। ,, তপন নাগ
৫। ,, ছায়া মুখার্জী
৬। ,, সুভদ্রা সরকার
৭। ,, পার্থ দে
৮। ,, পিনাকী চ্যাটার্জী
৯। ,, বাপ্পাদিত্য মণ্ডল

দর্শন বিভাগ

১। অধ্যাপক কৃষ্ণদাস গোস্বামী
২। ,, প্রয়াত রাধারমণ দাস
৩। ,, প্রয়াত অনিতা দাস

এছাড়া ফিজিক্যাল ইমস্টাকটর হিসাবে শ্রীঅতুল গায়েন কয়েক মাস আমাদের কলেজে কাজ করেছেন।

তালিকা থেকে ভুলবশত: দু -একজনের নাম বাদ যেতে পারে। তারজন্য ক্ষমা প্রার্থনা আবশ্যিক। এঁদে
নিয়ে চমৎকার সময় কেটেছে। খেলাধূলা, গান-বাজনা, তর্ক বিতর্কে কতো যে সুন্দর প্রহর কেটেছে, তার ঠি
ঠিকানা নেই। আমাদের মধ্যে অল্প কয়েকজন খেলাধূলায় পারদর্শী ছিলেন। কিন্তু অন্যরা উৎসাহ দিতেন
অংশগ্রহণও করতেন। সোনামুখী ও বিষ্ণুপুর কলেজ বনাম ক্রিশ্চিয়ান কলেজ ও সম্মিলনী কলেজের অধ্যাপকদে
মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ এবং আমরা তাঁদের ভীষণভাবে হারিয়েছিলাম।

পড়াশোনার সময়টা বাদ দিয়ে বাকী সময়টা খেলাধূলা, গান বাজনা, তর্ক-বিতর্ক, সেমিনার, আলোচ
সভায় ছেলেমেয়েদের সংগে আনন্দেই কাটতো। কলেজে যখন ঢুকি তখন আমাদের গড় বয়স ২৪ থেকে ২৮-
মধ্যে। ফলে ক্রিকেট, ব্যাডমিন্টন, ভলিবল, টেবিল টেনিস ও ফুটবলে ছেলেদের সংগে মেতে থাকতাম। ফুটব
বাদ দিয়ে অন্য খেলায় ওদের সংগে সমানে টক্কর দিতাম। মুশকিলটা হলো, ১১জন খেলোয়াড় আমাদের মধ্
পাওয়া যেতো না, কখনো তার অর্ধেকও না। শুধু একমাত্র ফুটবল ছাড়া প্রায় অন্য সব খেলায় ওরা আমাদে
বশ্যতা স্বীকার করতো। এরকম একটা প্রীতি ফুটবল ম্যাচে অধ্যাপক বরাট গোলকিপারের ভূমিকায়, যিনি জীবনে
বলে লাথি মারেননি। বল ঠেলে দিলেই গোল। তাই হলো। কয়েক মিনিটের মধ্যেই গোল। কপট রাগে
বারাটবাবু গোলপোষ্ট ছেড়ে বেরিয়ে এসে যে গোল করেছে সেই ছাত্রটির পিঠে জবরদস্ত একটা কিল দিয়ে চেঁচিয়ে
উঠলেন– অসভ্য ছেলে কোথাকার! মাষ্টারমশাইদের গোল দেওয়া হচ্ছে? গোটা মাঠে হাসির ফোয়ারা।

আরেকটি ক্রিকেট ম্যাচ ছেলেদের সংগে। আমরা তিন-চারজন মোটামুটি ভালোই খেলতাম। আমরা
আমরা আউট হয়ে ফিরে গেছি। টেলএণ্ডর হিসেবে নামলেন অধ্যাপক অসিত বিশ্বাস। জীবনে সম্ভবত: এই প্রথম
ব্যাট ধরেছেন। ধুতি পাঞ্জাবী নিয়ে ক্রিজে দাঁড়িয়ে। সজোরে বল এলো। সপাটে ব্যাট চালালেন। কিন্তু ব
কোথায়? সীমানার ওপাশে? না। তবে? যুবরাজের ছক্কা? না, তাও নয়। তাহলে? বল পাওয়া গেলো না
খেলার সমাপ্তি ঘোষণা করা হলো। অসিতবাবু ব্যাট ছেড়ে সবে টিচার্স রুমের দিকে পা বাড়িয়েছেন, অমনি
কিসের শব্দ। চেঁচিয়ে উঠলেন– এই যে বল! বেয়াদপ বল তাঁর ধুতির ভেতরে আত্মগোপন করেছিলো
অসিতবাবু নিজেও টের পাননি। বাহাদুর বলতে হবে বাংলার অধ্যাপককে। এমন গতির বল ধুতির ভেতরে
বেমালুম হজম করে নিলেন, কাকপক্ষীও টের পেলো না, এমনকি নিজেও না।

আমার সহকর্মীদের মধ্যে অনেকেই বিভিন্ন বিষয়ে গুণী ও পারদর্শী। সেজন্যে খেলাধূলার ব্যাপারে স্বপন
দে, বিশ্বনাথ ব্যানার্জী, দেবু দত্ত,তরুন মুখার্জী ও আমি দেখাশোনা করতাম। স্বপন ও আমি তো কলেজের ফুটবল
টিমে অনেক বছর খেলেছি। সাংস্কৃতিক ফ্রন্টে প্রশান্ত ব্যানার্জী, প্রয়াত রাধারমণ দাস, প্রয়াত অনিতা দাস, আশিস
খাস্তগীর নজর দিতেন। এঁরা ব্যক্তিগতভাবে ভালো শিল্পী ও সঞ্চালক ছিলেন। ম্যাগাজিনটা দেখভাল করতেন
প্রধানত: বাংলা বিভাগের শিক্ষক-শিক্ষিকাগণ। তবে যতোই মেলামেশা হোক, পরীক্ষার হলে কিন্তু আমরা বেশ
কঠোর। তারজন্যে কলেজের সুনাম ছিলো।

আমার সতীর্থদের ভেতরে অনেকেই বেশ সজীব, সক্ষম, গতিশীল গঠনমূলক। সন্ধ্যা মুখার্জির গানের
কলি আউড়ে বলা যায়–সূর্যের উজ্জ্বল রৌদ্রে একঝাঁক উজ্জ্বল পায়রা।

যেসব অশিক্ষ কর্মচারীদের সংগে কাজ করেছি, তাঁদের তালকাটা মোটেই হ্রস্ব নয়।

বিজ্ঞানবিভাগ

১। প্রয়াত ভজহরি দে
২। ,, মুরলিমোহন মুখার্জী
৩। ,, ভক্তিভূষণ দে
৪। ,, মধুসূদন ডোম
৫। ,, অশোক ভট্টাচার্য্য
৬। ,, রাশি ঘোষ
৭। ,, সুকুমার ঘোষ
৮। ,, সন্ন্যাসী রায়
৯। ,, শিবরাম নাগ
১০। শ্রীমিহির মুখার্জী
১১। শ্রীজয়দেব লোহার
১২। শ্রীসাধনরাম যাদব
১৩। শ্রীমদনরাম যাদব
১৪। শ্রীদেবব্রত কর্মকার
১৫। শ্রীমতি শেলী ব্যানার্জী
১৬। শ্রীনেপাল দত্ত
১৭। শ্রীপ্রনয় সরকার
১৮। শ্রীআনন্দ দাস
১৯। শ্রীদেবব্রত চ্যাটার্জী
২০। শ্রীরবি সিদ্ধান্ত
২১। শ্রীমোহন দত্ত
২২। আনিসুর রহমান মণ্ডল
২৩। লীলাবতী ভট্টাচার্য্য
২৪। কৃত্তি ডোম
২৫। শ্রীবামা আকুড়ে
২৬। শ্রীশম্ভু বাউরী
২৭। শ্রীপ্রদীপ নাগ
২৮। শ্রীহারাধন দে
২৯। শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী
৩০। শ্রীদেবাশীষ বিশ্বাস
৩১। শ্রীশান্তি লাহা
৩২। শ্রীপার্থসারথি রায়
৩৩। শ্রীভৈরব ব্যানার্জী
৩৪। শ্রীবিপ্লব ব্যানার্জী
৩৫। শ্রীনিখিল দে
৩৬। শ্রীচঞ্চল মুখার্জী

আরো কারুর নাম অনিচ্ছাকৃতভাবে বাদ যেতে পারে। দু:খিত। শিক্ষক-অশিক্ষকদের মধ্যে সম্পর্ক সম্পর্ক ছিল বেশ সাবলীল ও আন্তরিক। উভয়ে মিলে আমরা অনেক কঠিন কাজ সম্পন্ন করেছি। তাতে যেমন আমাদের আত্মবিশ্বাস বেড়েছে, তেমনি বেড়েছে পারস্পরিক ভরসা ও নির্ভরতার উপাদান। মাঝে মাঝে যে ব্যতিক্রমী ঘঠনা ঘটেনি, তা নয়। একটা বিশেষ ঘটনা নিয়ে আমাদের দুপক্ষের মধ্যে উত্তেজনা। নৈতিকতার প্রশ্নে আমরা ওদের বিরোধিতা করি। ওঁরা মানবিকতার প্রশ্নে তাকে সমর্থন করে আন্দোলনের পথে। মিছিল–স্লোগানে বেশ সরগরম। আমরা অনড়। ওঁদের সামনের সারিতে থাকা নিখিল, আনিসুর, রবি, দেবু ও অন্যান্যদের সংগে তীব্র বাদানুবাদ, বিতর্ক। আমরা হেরে যাই। তবে এ নিয়ে আমাদের মনান্তর ঘটেনি। পরে অবিশ্যি ওঁরা স্বীকার করেছিলেন যে অধ্যাপকদের অবস্থান ও দৃষ্টিভঙ্গী সঠিক ছিলো। এক সঙ্গে পা ফেলতে কখনো কুণ্ঠা হয়নি। সেটা ১৯৭৪ সাল। কলেজের অডিট করাতে হবে। বিভিন্ন সংস্থা মোটা অংকের টাকা দাবি করছে। কলেজের সে সঙ্গতি নেই। আমার পরিচিত একজন অনেক কম টাকায় রাজী হলেন। কিন্তু খাতাপত্র নিয়ে তাঁর কাছে যেতে হবে। দেবু, রবি ও আমি চললাম কলকাতার পথে। হাতে ইয়া বড়ো ও ভারী খাতার বোঝা। ট্যাক্সির সংগতি তো ছিলো না। কোলকাতা পৌছে সারাদিন সেই অডিটরের সংগে কাজ করলাম। কিন্তু রাতে কোথায় থাকবো? হোটেলে থাকার সামর্থ্য নেই। কোলকাতা থেকে সোয়া ঘণ্টার রাস্তা পেরিয়ে অবশেষে আমার বাড়ি। অতো

রাতে তিন আগন্তুককে দেখে খানিকটা অবাক হলেও নোতুন করে রান্নাবান্না ও বেশি রাত্রে আহার। পরদিন ভোরে আবার অডিটের কাজ সম্পূর্ণ করে ফিরে এলাম। কষ্ট ও অসুবিধে হয়েছে অনেক। কিন্তু দেবু-রবির মুখে ক্লান্তি ও অসন্তোষের চিহ্ন দেখিনি। বরং ছিলো সাফল্যের এক টুকরো তৃপ্তি। এসব ভোলার নয়।

কলেজে ঢুকেই দেখেছি, ভজদা তখনই বরিষ্ঠ নাগরিক। তখনতো জন্মের শংসাপত্রের প্রয়োজন হতো না। সেই সুবাদে ভজদার চাকুরী জীবন ৭০ বছর পেরিয়ে গেছে বলে মনে হয়। কখনো কলেজের ঘন্টা পেটাতে দেরি হলে আমরা তা করে দিতাম। ভজদা হাসতেন। তাঁর পিঠে হাত দিয়ে অনেক গল্প করতাম। জিজ্ঞেস করতাম বৌদি কেমন আছেন। বৌদি না বলে জ্যেঠিমা বা দিদিমা বললেই ভালো হতো। তিনি নেই। অথচ আজো আছেন আমাদের মধ্যে।

ছাত্র-ছাত্রীদের কথা তো বলতেই হবে। সাধারণভাবে এরা ভদ্র, বিনয়ী ও শোভন। ব্যতিক্রম ছিলে আছে, থাকবে। কিন্তু তাকে দিয়ে সামগ্রিকতার বিচার হয় না। ক্লাস ও ক্লাসের বাইরে ওরা আমাদের যে মান্যতা দেয়, তা প্রশংসার যোগ্য। ফলে ওদের সংগে খোলা মনে মিশতে আমরা আগ্রহবোধ করেছি। দুপক্ষের নৈকট্য কলেজে সুস্থ পরিবেশ বজায় রাখতে সাহায্য করেছে। একটা ব্যতিক্রমী ঘটনা ওরা কখনো কখনো ঘটিয়ে ফেলো কৈশোরের চপলতা ও হাল্কা হাওয়ার প্রবণতায়। যেমন, একবার ডেপুটেশান দিতে গিয়ে উত্তেজনা সৃষ্টি হলে এ সময় অধ্যক্ষের টেবিলের মোটা কাঁচটা টুকরো টুকরো হয়ে যায়। আমরা ঘটনার পরে সংগে সংগেই অধ্যক্ষকে ছাত্র-শিক্ষকদের সভা ডাকতে বলি। আমরা ওদের তীব্র ভাষায় সমালোচনা করি, তিরস্কার করি ও ধমকাই। দীর্ঘ দেড়ঘন্টা ধরে আন্দোলন, তার গতিপ্রকৃতি ও চরিত্র কেমন হবে, ছাত্র আন্দোলনের সংগে শ্রমিক ও অন্যান স্তরের মানুষের আন্দোলনের পার্থক্য, গুরুত্ব ও তাৎপর্য বোঝাবার চেষ্টা করি। এটা দেখে ভালো লাগলো যে ঐ দীর্ঘ সময়ে ওরা নিজেদের কাজের জন্যে কোনো সাফাই দেবার চেষ্টা করেনি বা ঔদ্ধত্য দেখায়নি। ওরা ক্ষম চাইলো। এদের মনোভাবে আমরা সন্তুষ্ট। পরবর্তীতে ওদের সংগে আবার মেলামেশা করতে কোনো অসুবিধে হয়নি। ওরাও আমাদের কাছে যখন তখন চলে আসতো, পড়াশোনা বা অন্য সংশ্লিষ্ট ব্যাপারে সাহায্য ও পরামর্শ চাইতো। আমরাও অক্লেশে তা দিতাম। ফলে সবার অলক্ষ্যে মৈত্রীবোধ জোরদার হয়েছে। ব্যক্তিগত জীবনের দু-একটি কঠিন সঙ্কটের সময়ে দু-চারজন অনুগত ছাত্র যেভাবে আমার পাশে দাঁড়িয়েছে সে স্মৃতি দীর্ঘদিন অক্ষয় থাকবে। ভালো লেগেছে এঠা দেখে যে যান্ত্রিকতা ও কৃত্রিমতা থেকে অনেক দূরে এরা দেহ-মনে বেড়ে উঠেছে জীবনের স্বাভাবিক ছন্দে। গতিময়তায়। সে বছরে আমাদের কলেজ থেকে ইতিহাসে অনার্সে ফার্স্ট ক্লাস পেলো সেদিন খুব পুলকিত বোধ করেছি। বেঁশে গ্রামের সেই মেয়েটির নিষ্ঠা ও একাগ্রতাকে অবশ্যই সাধুবাদ জানাতে হবে।

আকাশ জুড়ে তারারা ছড়িয়ে থাকে। একই রকমের ঔজ্জ্বল্য সবগুলোর থাকেনা। সোনামুখি কলেজের অসংখ্য ঘটনা তেমনি ছড়িয়ে আছে মনের আকাশে। তারা স্পষ্ট ও নির্দেশক। এখানে পুষ্ট হয়েছি, ঋদ্ধ হয়েছি পাতিয়ালা থেকে ১৯৭৬ সালে কোচেস ট্রেনিং নেবার পরে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ব্যাডমিন্টন-কোচ নির্বাচিত হয়েছিলাম এবং এই কলেজ থেকেই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ সংস্থা 'কোর্টে' দুবার নির্বাচিত হয়েছিলাম। এই কলেজ আমাকে অনেক সম্মান, মর্যাদা ও পরিচিতি দিয়েছে। এর সুখস্মৃতিতে আপ্লুত হয়ে গাইতে ইচ্ছে হয়—মধুর তোমার শেষ যে না পাই।

অবসরের পরে নিদারুণল বিয়োগব্যাথা অনুভব করেছি। পুরোনো সুন্দর দিনগুলোতে ফেরার অত্যুগ্র কিন্তু পবিত্র আকাঙ্ক্ষা আজো আছে। কবি নজরুল যেমন আর্তি জানিয়েছিলেন– ওগো প্রিয়, যে দেশে তুমি থাকো, সেখানে আমাকে নিয়ে যাও। কিন্তু প্রাকৃতিক ও জাগতিক জীবনের স্বাভাবিক নিয়মে সেখানে আর ফেরা হবে না, কেউ নিয়ে যেতে পারবেনা। দিনান্তের শেষে গোধুলির এই সীমায় অংগহীন আলিংগনে গানের রেশ মিলিয়ে যাবে না, তা থাকবে আমার অনুভবে, উপলব্ধিতে– মনে তার নিত্য আসা যাওয়া। আমার হৃদয় জুড়ে। কবি কুমুদরঞ্জন মল্লিকের কথায়–

হয়তো আমার এ পথে আর হবে নাকো আসা
দু' ধারে যাই রোপণ করে বুকের ভালোবাসা।

১। ১৯৬৪ – ১৯৬৬ দু বছরেরও বেশি সময় কেটেছে বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয় (মেদিনীপুরে) -এ অধ্যাপনা করে।

২। ১৯৬৬ -র ১৭ই আগষ্ট থেকে ২০০২ সালের ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত সোনামুখী কলেজে অধ্যাপনা। পরে অবসর গ্রহণ।

৩। ১৯৬৬ থেকে আজ পর্যন্ত সোনামুখি ও বাঁকুড়ার বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠনের সংগে যুক্ত। বিভিন্ন পত্র-পত্রিকায় লেখালেখির সংগেও যুক্ত। প্রকাশিত বইয়ের সংখ্যা ৫টি। গল্প, প্রবন্ধ, অনুবাদের সংকলন এই বইগুলো।

কিছু স্মৃতি

ড. পিনাকীরঞ্জন চট্টোপাধ্যায়
[অবসরপ্রাপ্ত অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ]

সালটা ইংরাজী ১৯৮০। সেবারই প্রথম পঃ বঃ কলেজ সার্ভিস কমিশন চালু হল। ১৯৮১ সালের মার্চ মাসে সোনামুখী কলেজে যোগদানের সুযোগ পাই। সোনামুখী তার আগে কোনদিন যাইনি। প্রাথমিক শ্রেণীর ভূগোলে পড়ে গালার জন্য বিখ্যাত এটাই জানতাম। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের Scholar Hostel এর সুজিত রায় তখ সোনামুখী কলেজের আংশিক সময়ের গণিতের অধ্যাপক। সুজিত আমাকে বর্ধমান থেকে বাসে সোনামুখী নিয়ে এল। রথতলায় সকাল ১০টা নাগাদ নেমে তৎকালীন অধ্যক্ষ শ্রদ্ধেয় অনন্ত লাল পাত্র মশায়ের সঙ্গে সাক্ষা করায়। সেটা ছিল ২৬শে মার্চ ১৯৮১। স্যারকে দেখে আমার চরম ভক্তি এল। আমাকে সেদিনই যোগদানে প্রস্তাব দিলেন। আমি প্রথমে একটু থতমত খেলেও উনি কোন অজুহাতই মানলেন না। বললেন, আমার ছাত্র শিক্ষকের অভাবে ক্লাস করতে পারছেন না। আপনি ক্লাস করুন, আমি আজই আপনার appointment lette দিয়ে দেব।

এবার কাজে গেলাম। সেখানে পূর্ব পরিচিতি বলতে উদ্ভিদবিদ্যা বিভাগের অধ্যাপক ড. উদয়ন সরকার এব প্রাণিবিদ্যার অধ্যাপক শ্রী দিলাপ পাত্র মহাশয়। উদয়ন দা আমাকে হাজিরা খাতায় সই করালেন। পরে sta room এ গিয়ে সবার সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। চমৎকার পরিবেশ। সজ্জন সোনামুখীর মানুষজন, খুব সম্মা করতেন আমাদেরকে। ছাত্রছাত্রীরাও চরম সুকুমার মতির। তখন আমার বিষয়ে Honours Course চালু হয়নি কিন্তু Pass Course এ ছাত্র-ছাত্রীদের Class করার আগ্রহ ছিল দেখার মত। মাসে আমার মাইনে ছিল ১০১২ টাকা ; P.F ৫০টাকা বাদ দিয়ে হাতে পেয়েছি ৯৬২ টাকা। তাতেই মনে হত এত টাকা।

গ্রীষ্মের ছুটি ১লা মে থেকে ১ লা জুলাই পর্যন্ত। ২রা জুলাই থেকে শুরু হত (প্রায়ই বাঁধা দিন) বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা। আমাদের সহকর্মীদের বেশ কয়েকজন পরীক্ষা হলে Cheat ধরতে বেশ পারদর্শী ছিলেন। স্বীকার করছি, আমিও তাদের মধ্যে একজন। তার অভিজ্ঞতা অনেক। সেগুলো আজকের প্রেক্ষিতে উল্লেখ না করাই শ্রেয়।

কলেজান্ত প্রাণ অধ্যক্ষ মহাশয় গণিতের লোক ছিলেন, নিজেই কলেজের হিসাব খাতার কাজে, তৎকালীন বড়বাবু মাননীয় ভক্তিভূষণ দে কে এবং শ্রী দেবব্রত কর্মকারকে সহায়তা করতেন। প্রতিটি বিষয়ে অগাধ পাণ্ডিত্যের অধিকারী হওয়ায় কোন ক্লাস ফাঁকা থাকলেই ঢুকে পড়তেন। ব্যক্তিত্বের ধারে পাশেও ঘেঁষা কঠিন ছিল। আবার রসিকও মন্দ ছিলেন না। চতুর্থ শ্রেণীর কর্মী ভজহরি দা-র সঙ্গে পরোক্ষে লাগতেন। প্রতিটি ছাত্রছাত্রীকে ব্যক্তিগতভাবে চিনতেন, তাদের Guardian দের সঙ্গেও পরিচিতি ছিলেন। একদিন পরীক্ষা চলছিল, সে অবস্থায় উনার ঘরে গিয়ে দেখলাম একটি ছাত্র সবিনয়ে দাঁড়িয়ে আছে। আমাকে দেখেই স্যার বললেন, "পিনাকী

বু ইয়াকে দেখছেন?" "আমি বললাম হ্যাঁ স্যার। উনি বললেন, "কি দেখলেন? দেখুন রঙীন পাজামা পরেছে াতে আবার পাইপিন দেওয়া। অর্থাৎ আধুনিক হয়েছে। তাকে দেখুন গলায় তুলসীর মালা পরেছে। বৈরাগী য়েছে। আবার এসেছে freeship চাইতে। তোকে আমি চিনি, তোর বাপের অনেক জমি "রড়া ছুঁচা কোথাকার।" ছেলেটি নিঃশব্দে বের হয়ে গেল। ঠিক ঐ রকমই একদিন দুপুরে স্যারের ঘরে গিয়ে দেখলাম, একটি ছাত্র স্যারের ায়ে ধরার চেষ্টা করছে, আর বলছে "স্যার বাড়ির দামড়া গরু বিক্রি করে পরীক্ষার Form fill up করেছিলাম। আমাকে Expel করলে আমি আত্মহত্যা করতে বাধ্যহব। "শুনে উনি ভজহরি দাকে ডেকে বললেন, "কুয়োর জল তোলা দড়িটা এই ছেলাটিকে দাও। তুই ঐ আম গাছটা দেখছিস? ওখানে এই দড়িটা নিয়ে ঝুলে পড়। তোর মত সমাজের কীট, আমাদের কোটি কোটি লোকের দেশে একটা কমলেও কোন ক্ষতি হবে না। "আবার ছাত্র-ছাত্রীদের উপর তাঁর খেয়াল ছিল উল্লেখ্য।

সারাদিন হাসি খুশীতে কাটত আমাদের কলেজ। staff room সবসময় থাকত প্রাণবন্ত। ছেলে-মেয়েরা ক্লাসের পরও আমাদের কাছে আসত নানান প্রয়োজনে। সে সময় মাননীয় রাধাগোবিন্দ বরাট, মাননীয় শ্রী বিশ্বনাথ ব্যানার্জী এবং অধ্যাপিকা ছায়া মুখোপাধ্যায় স্থানীয় ছিলেন। আমরা বাকীরা সবাই বাইরের ছিলাম। বিশ্বনাথদা ও বরাটদা বেশ প্রভাবশালী ছিলেন। প্রত্যেক সহকর্মীরা আমাদের মত সমবয়সীদের সঙ্গে এর ঘনিষ্ঠভাবে মিশতেন ভাবা যেতনা। সারাদিনে হয়তো ২/৩টি ক্লাস থাকত, কিন্তু এ আমাদের দিন গড়িয়ে যেত। শেষে রাধারমণ দা, অনিতা দি, মীরাদি বা বিশ্বনাথদার মনোহর তলার বাড়িতে আবার আড্ডা আর মুড়ি খাওয়ার আনন্দ। অকুণ্ঠ ভালবাসা ও আন্তরিকতায় বিভোর হয়ে মেসে ফিরতাম রাত ৯ টায়। দেবুদা (শ্রী দেবব্রত দত্ত) চন্ডিদা, কেষ্টদা বিশ্বনাথদার বিভিন্ন অভিজ্ঞতার কাহিনি আজও ভুলিনি। মীরাদি, প্রশান্তদা, চন্ডিদা, কেষ্টদা মাঝে মাঝে সঙ্গীত পরিবেশন করেও মাতিয়ে রাখতেন।

আমার সমসাময়িক আরও এক ঝাঁক সহকর্মী সোনামুখী কলেজে যোগদান করেছিলেন। তাদের মধ্যে ড. অরুণ বিশ্বাস ও সুভদ্রা সরকার, ড. নিরঞ্জন বসু, সিদ্ধার্থ ব্যানার্জী, ড. আশিষ খাস্তগীর, মহঃশাহ জামাল, স্বপন সামন্ত, ইন্দ্রজিৎ দাশ ও দীপক নিয়োগী ছিলেন।

ইংরেজীর অধ্যাপক হরিসাধন বাবুকে মনে হত গম্ভীর। কিন্তু বড় ভাল মানুষ ছিলেন। দীপেনদা, তরুনদা, জহরদা সিনিয়ার জুনিয়ার ভেদাভেদ হলে প্রাণ খুলে সকলের সঙ্গে মিশতেন। নিপাট-ভদ্রলোক, নিষ্ঠাবান অধ্যাপক ছিলেন মাননীয় সদ্য প্রয়াত পদ্মলোচন গাঙ্গুলী। ছাত্র-ছাত্রীদের কাছের মানুষ ছিলেন। বিভিন্ন প্রসঙ্গে আমাদের সহকর্মীদের মধ্যে বিভিন্ন সভায় বা ক্ষেত্রে মতবিরোধেরও অন্ত ছিলনা। তীব্র রাজনৈতিক বিরোধিতাও থাকত। কিন্তু লক্ষণীয় ছিল, সেটা কখনই দীর্ঘস্থায়ী হতনা।

সিনিয়াররাই আলাপ আলোচনার মাধ্যমে কি সুন্দর ভাবে সেগুলোর সমাধান করে নিতেন। আরেকজন বন্ধুর নাম না নিলে স্টাফ রুমটা অপূর্ণ থেকে যায়। তারা হচ্ছেন ডা: সামসুল আলম, অধ্যাপক বংশীবদন দে, ড: তপন নাগ, স্বর্গীয় লক্ষীকান্ত দে এবং অধ্যাপক জিতেন ভান্ডারী মহাশয়। পরবর্তীতে আমাদেরকে সঙ্গ দেন ড: বিপুল দে, ড: আসরাফি খাতুন, অধ্যাপক মইনুল হক, অধ্যাপক সুধীর চৌধুরী ইত্যাদিরা।

প্রাণিবিদ্যার অধ্যাপক হওয়ায় আমাকে ছাত্র-ছাত্রীদের কে নিয়ে শিক্ষামূলক ভ্রমণে প্রায় প্রতিবছর পুরী, দী
বকখালি, বিশাখাপত্তনম, গোপালপুর, বালাসোর, দার্জিলিং-জলদাপাড়া কোনও না কোন জায়গা যেতে হ
এখানে সহযোগিতার হাত বাড়াত আমার প্রিয় ছাত্র – সহকর্মী শ্রী বিপ্লব ব্যানার্জী, মধুসূদন ডোম, রবিশ
সিদ্ধান্ত প্রমুখ। মেয়েরা সঙ্গে থাকায় সঙ্গে কোন বার ছায়াদি কখনও বা সুভদ্রাদিকে ও নিয়ে গেছি। একেক বা
একেক রকম অভিজ্ঞতা।

একবারগেছি পুরী, বাস রিজার্ভ করে। ফেরার সময় সন্ধ্যা হয়েছে কটকে। ড্রাইভার বলল, স্যার আপনা
এখানে একটু চা-টা খেয়ে নেন, আমি গাড়ির একটু কাজ করিয়ে নিই। মিনিট বিশেকের মধ্যেই কাজ শেষ হ
সবাই গাড়িতে উঠছি, এমন সময় পিছনের দরজায় সুটকেশ হাতে, বছর তিরিশের এক যুবক ও উঠল। আমি প্র
করলাম, আপনি ? ও বলল, স্যার আমি সামনের Level Crossing -এ নেমে যাব, এখন আর কোন বাস নে
আমি ট্রেন ধরব, নইলে ট্রেনটা মিস্ করব। আমি বাসের হেল্পারকে বলেছি। "আমি বললাম, অসম্ভব, হেল্পা
অনুমতি দেবার কে, আমি গাড়ি রিজার্ভ করে এনেছি, আপনি দয়া করে নেমে যান।" ওকে নামিয়ে দিই। এবা
গাড়ি ছাড়ল। দেখা গেল সেই-এ শাবল হাতে, লাঠি হাতে লোক দাঁড়িয়ে Driver দূর থেকে সেটা লক্ষ্য ক
গাড়ির গতি বাড়িয়ে বেরিয়ে গেল। ততক্ষণে-এর জানালায় শাবলের বাড়ি পড়েছে; জানলার কাঁচও ভেঙেছে
এরপর রাত বারোটার আগে আমরা উড়িষ্যা সীমান্ত পেরিয়ে বর্ডারের হোটেলে রাতের খাওয়া সারছি। এম
সময় একটি বাস এসে দাঁড়াল। কারও হাত ভাঙা, কারও মাথা ফাটা, ইত্যাদি। ওরা ঐ যুবকটির বর্ণনা দিয়ে বল
সে নাকি একই অনুরোধ করে ওদের বাসে ওঠে, Level Crossing -এ নামার সঙ্গে সঙ্গেই আরও সশস্ত্র লো
বাসে উঠে বাসটিকে রাস্তা থেকে জঙ্গলের দিকে নামতে বাধ্য করে এবং লুটপাট চালিয়ে পালায়।

একই অভিজ্ঞতা, সেবার পুরী গেছি। রাত বারোটার আগেই বাংলায় ঢুকে হোটেলে খাচ্ছি। একটি ছা
ব্যক্তিগত সমস্যায় সুভদ্রাদির (ড: সুভদ্রা সরকার, রসায়ন বিভাগ) সঙ্গে হোটেলের পাশেই একটি গাছের আড়া
গেছে। রাত্রি হলেও চারিদিকে হোটেল চা-পানের দোকানের আলোয় আলোকিত। এরই মধ্যে একটি লো
পেছন থেকে মেয়েটির মুখে গামছা জড়িয়ে ওকে তুলে নেওয়ার চেষ্টা করে। সুভদ্রাদি সঙ্গে সঙ্গে আমার নাম ধ
ডাক দেওয়ায় মধু (মধুসূধন ডোম) শুনতে পায় এবং চার পায়া থেকে লাফ দিয়ে লোকটির পিছু ধাওয়া করতেই
মেয়েটিকে ছেড়ে দিয়ে দৌড়ে পালায়। এবার তো জোর হুলুস্থুল। অনেক কষ্টে হোটেলের মালিক কে মেয়েটি
অসুবিধার কথা বুঝানো হল এবং ঐ লোকটির চেহারা পোষাকের বর্ণনা দেওয়া হল। ওরা (দোকান মালিকরা
তাকে সনাক্ত করল। আমাদেরকে ওর শাস্তির আশ্বাস দিয়ে বলল। এখানে রাতেই আমাদের ব্যবসা বা রুটিরুজি
জোগাড় হয়। এরকম হলে এখানে ভবিষ্যতে গাড়ি দাঁড়াবেনা। তাই আপনারা নিশ্চিন্তে ফিরে যান আমরা ওকে
শাস্তি দেবই।

একবার গেছি বকখালি-ফ্রেজারগঞ্জ, সঙ্গে ভগবৎপুর কুমীর প্রকল্পও। সেবার আমার সঙ্গে আমার সহকর্মী
অধ্যাপক দিলীপ পাত্র মহাশয়ও ছিলেন। নামখানা থেকে ভুটভুটিতে ভগবৎপুর। সকাল বেলা বের হয়ে দুপুরে
ফিরে আসা। সঙ্গে নিয়েছি কয়েক কিলো পেটাই পরোটা, মিষ্টি ইত্যাদি। ওখানে কুমীরের ডিম ফুটিয়ে তা দিয়ে

ছানা তৈরী করা হত। সে সব হত। সে সব ভালভাবে দেখা হল। এবার ওখানকার দায়িত্ব প্রাপ্ত একজন বললেন। আসুন এখন কুমীরগুলোকে খেতে দেওয়ার সময়, ওরা কাছে আসবে। একটা জলাশয়ের কাছে এসে বলল, এই প্রকল্পের এই কুমারগুলো সবচাইতে বড়। একেকটা ছোট জলাশয়ে (ডোবায়) দুটো করে কুমীর, ডোবায় চারিদিকে পাঁচইঞ্চি ইটের গাথনি দিয়ে সেগুলি পরস্পরের সঙ্গে পৃথক করা আছে। ঐ কুমীরগুলো বাসি, একটু গন্ধ হয়ে যাওয়া শঙ্কর মাছ বা হাঙর খায়। ঐ ব্যক্তি একটা লম্বা সরু রডের হুকে মাছগুলো গেঁথে উঁচুতে ছুঁড়ে দিচ্ছিলেন। সেগুলো যখন জলের কাছে আসছিল, কুমীর গুলো মুখটা জলের ওপর প্রায় তিন ফুট উঠিয়ে সেটি ধরার প্রতিযোগিতায় মাতছিল। এই দেখতে দিলীপদা এবং মুকুল নামে পাত্রসায়েরের দিকে বাড়ি একটি ছাত্র ক্যামেরা নিয়ে ঐ সরু পাঁচিলের ওপর চড়ে ছবি তোলার অপেক্ষায় দাঁড়িয়ে আছে, কিন্তু কুমীরটির খাবার আগ্রহ যেন কম মনে হল। অনেক্ষণ অপেক্ষার পর যেন ধৈর্য্য ধরেনা। দর্শকবৃন্দ অতঃপর চিৎকার অনেকক্ষণ করে খাবার অনুরোধ করায় ও থাকতে পারলনা। এবার প্রায় দশ ফুট লম্বা জন্তুটি সে সবের জবাব দিতে তার চোয়াল প্রসারিত করে দাঁত বের করে জলের ওপর প্রায় তিনফুট উঁচুতে তেড়ে এলো। তখন পাঁচিলের উপর দণ্ডায়মান (ক্যামেরাহাতে) দিলীপবাবু এবং সুস্বাস্থ্যের অধিকারী মুকুলের পা দুটি থরথর করে কাঁপতে থাকায় পাঁচিল ভাঙ্গার জোগাড় (একে পাঁচ ইঞ্চির দেওয়াল, তার উপর সরকারি ঠিকাদারের কাজ)। ভেঙে যে কোন এক পাশে পড়লেই সাক্ষাৎ কুমীরের পেটে, কারণ দু পাশের দুটি জলাশয়েই বৃহদাকার কুমির। কোন রকমে মৌখিক বল জুগিয়ে তাদেরকে নীচে নামানো হল। Excursion -এর আরও অনেক ঘটনার কথা মাঝে মধ্যে মনে পড়ে; সেগুলো এই লেখায় সংযোজন করে লেখাটি দীর্ঘায়িত করলাম না।

দেখতে দেখতে কলেজের বয়স ৫০ হয়ে গেল। কত শিক্ষক, শিক্ষাকর্মী এলেন, অবসর নিয়ে বাড়ি ফিরলেন। তাদের মধ্যে আবার কেউ মৃত কেউবা জীবিত। যারা গত হয়েছেন তাদের সঙ্গে যুক্ত থাকার কত স্মৃতি আজও মনকে ব্যথিত করে। আবার কারও সঙ্গে এখন দেখা হলে মনে হয় পুরানো দিনে ফিরে এলাম। আমার কর্মজীবনের শেষ প্রান্তে দু'বছরের কিছু বেশী সময় আমি রানীগঞ্জ টি.ডি.বি কলেজে অধ্যক্ষের পদে যোগদান করেছিলাম। সেখান থেকে ফিরে এসে যেন আবার প্রাণ পেয়ে ছিলাম। ভ্রাতৃপ্রতিম ড. বাসুদিত্য মন্ডল বর্তমানে এই কলেজের অধ্যক্ষ। এর আগে ড. বিজয়কৃষ্ণ ভান্ডারী কলেজের প্রভূত উন্নয়ন করে গেছিলেন। অনেক নতুন ভবন, গ্রন্থাগার, নতুন নতুন বিষয়, শাখা সংযোজিত হয়েছে। নব কলেবরে সুবর্ণ জয়ন্তী পালিত হচ্ছে। অনেকের সঙ্গে কাটানোর নানান অভিজ্ঞতার কথা এই স্বল্প দৈর্ঘ্যের লেখায় উল্লেখ করা গেল না। এজন্য মাফ চেয়ে নিচ্ছি। স্বর্ণজয়ন্তী উৎসবের সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

পথের সন্ধানে

দেবব্রত দত্ত

[অবসরপ্রাপ্ত অধ্যাপক, অর্থনীতি বিভাগ (০১.০৯.১৯৬৯ – ৩১.১২.২০০৫)]

কয়েকদিন আগে সোনামুখী কলেজের অধ্যাপক ইন্দ্রজিৎ দাস সোনামুখী কলেজের ৫০ বছর পূর্তি উপলক্ষে প্রকাশিতব্য একটি স্মারক পত্রিকার জন্য আমার কাছে একটি লেখা চায়। অনুরোধ করে লেখাটি যেন বিতর্কিত না হয়। ভাবতে শুরু করলাম। বিতর্কিত নয় এমন কি বিষয় আছে? আমি জীবিত বলেই তো আমার কাছে লেখা চাওয়া হল। বিবেকানন্দের সেই বিখ্যাত বাণী They alone live who live for others. The restore more dead than alive. এই বাণীটির পরিপ্রেক্ষিতে আমি কী জীবিত? তর্কের অবতারনা হয়ে গেল। নিজের মনেই অজস্র প্রশ্ন ভীড় করতে লাগল। প্রশ্ন, উত্তর, আবারও প্রশ্ন, তারও উত্তর। নিজের মধ্যের তর্ক শেষ হলনা। শা হবার জন্য নানান কবির একটি কবিতা সংকলন টেনে নিলাম। পাতা ওল্টাতে ওল্টাতে একটি কবিতার নামে চো আটকে গেল। কবিতার নাম "শেষ খুঁটিগুলো" লেখক কবি অরুন কুমার সরকার। কবিতার নামটি পড়েই আশ্চর্য হয়ে গেলাম। মনে প্রশ্ন এল খুঁটি বলতে আমরা সাধারণ মানুষ যে অদৃশ্য রজ্জু অথবা মই এর কথা ভাবি যে রজ্জু বা মই বেয়ে নিম্ন ও মধ্য মেধার অযোগ্য মানুষরা তরতর করে ওপরে উঠে যায়। কবি কি এখানে তার কথাই বলেছেন? বিশ্বাস হল না। প্রশ্নের উত্তর পাওয়ার জন্য কবিতাটি বার বার পড়লাম। বুঝতে পারলাম কবি এখানে অন্য কিছুর কথা বলছেন। কবিতাটির প্রথম লাইন "শেষ খুঁটিগুলো খুব শক্ত করে ধরে রাখতে চাই।" এখানে কবি খুঁটি বলতে বোঝাচ্ছেন কিছু মূল্যবোধের কথা যা গভীর কোন সত্য ও বিশ্বাস থেকে উদ্ভূত। যে সত্য ও বিশ্বাসকে অবলম্বন করে মানুষ বাঁচতে চায় এবং যাকে অবলম্বন করে মানুষ মৃত্যুও বরন করতে পারে। পরাধীন ভারতে ঐ গভীর সত্য ও বিশ্বাস থেকে উদ্ভূত মূল্যবোধকে পাথেয় করে বেঁচে থাকা মানুষের সংখ্যা অল্প ছিল না।

আমাদের মনও চায় সেইরকম কিছু খুঁটি, নানা সংশয়, তর্ক-বিতর্ককে অতিক্রম করে যাকে খুঁজে পাওয়া সম্ভব যদিও তা সহজলভ্য নয়। সেই খুঁটিগুলো খুঁজে না পেলে সবই কেমন অর্থহীন হয়ে পড়ে। এবং তা খুঁজে পেতে হলে সংশয় এবং তা থেকে জন্ম নেওয়া তর্ক বিতর্কই একমাত্র পথ। এইখানেই সংশয় এবং সংশয় থেকে উদ্ভূত তর্ক বিতর্কের একটি গুরুত্বপূর্ণ স্থান আছে আমাদের জীবনে। সংশয়, তর্ক বিতর্কের অনুপস্থিতি মানুষকে অন্ধ বিশ্বাসের দাস করে তোলে, যুক্তি ও শুভবুদ্ধি থেকে দূরে সরিয়ে নিয়ে যায়।

তর্কবিতর্ক ছাড়াই কিছু আদর্শকে সবাই সম্মান করেন। যেমন সত্য, সাম্য, প্রেম। শ্রেষ্ঠ আদর্শ হিসাবে সত্য, সাম্য, প্রেম প্রশ্নাতীত ভাবে গ্রাহ্য আবার প্রশ্নের বলয়ের বাহিরে এই শব্দগুলিই মৃত। একমাত্র প্রশ্নের স্পর্শেই এই শব্দগুলি জীবন্ত হতে পারে। "সদা সত্য কথা বলিবে" এই বাক্যটির সঙ্গে আমরা প্রায় সবাই পরিচিত। কিন্তু প্রশ্ন উঠবে কোনটি সত্য তা সম্পর্কে আমরা নিঃসন্দেহ হব কি করে? কি সত্য তা যদি আমাদের জানা না থাকে তাহলে সত্যি কথা বলার পরামর্শটা কি করে মেনে চলা যায়? তহলে কি বিষয়টি এভাবে ব্যাখ্যা করা যায় যে যা

ত্য বলে বিশ্বাস করবেন তাই বলবেন। কিন্তু তাতে কি তর্কাতীত ভাবে সত্যই প্রতিষ্ঠিত হবে? সংস্কৃতে একটি শ্লোক আছে যার বাংলা তর্জমা করলে দাঁড়ায় "সত্য বলবে, প্রিয় বলবে, অপ্রিয় সত্য বলবে না।" তাহলে কি এটি প্রিয় মিথ্যা ভাষণের কথা বলছে? কিন্তু তা কি হতে পারে? তর্ক থামছে না।

সাম্য! জন্মসূত্রে সব মানুষই সমান এমন এটি ধারণায় আমরা প্রায় সবাই বিশ্বাস করি। মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানেও এমন কথা বলা আছে। বিষয়টি কি প্রশ্নাতীত ভাবে মেনে নেওয়া যায়? ফরাসী বিপ্লব থেকে শুরু করে সমগ্র বিংশ শতাব্দী জুড়ে গ্রামে, গঞ্জে, শহরে, নগরে, বন্দরে বিপ্লবের মাধ্যমে সাম্যবাদ প্রতিষ্ঠার কত ঘোষনাই না আমরা শুনেছি। স্থায়ী শান্তি ও জনগণের স্বাধীনতার ভিত্তিতে এক নতুন সভ্যতাকে বরণ করে নেওয়ার উদ্দেশ্যে লেখাই বিপ্লবের বাণীকে স্বপ্নমদির পূর্বাভাষ রচনা করেছিল। কিন্তু সেই স্বপ্ন এক মোহমুক্তির ঐতিহ্যকে মানবজাতির সামনে রেখে বিদায় নিয়েছে। যাঁরা বিপ্লবের মাধ্যমে সমাজ ব্যবস্থার ঐ পরিবর্তনকে প্রশ্নাতীত বা তর্কাতীতভাবে মেনে নিয়েছিলেন, তাঁরা আজ নিশ্চয় বিশ্বাস করেন "সফল বিপ্লব" নিশ্চিতভাবে এক অলীক কল্পনা ছিল। কমিউনিস্ট মতবাদে বিশ্বাসী অনেক মানুষ হয়ত এখনও আছেন কিন্তু তাঁদের অধিকাংশই হয়তো পূর্বতন প্রজন্মের কমিউনিস্টদের থেকে ভিন্ন।

মৃত্যু, সাম্য, প্রেম প্রতিটি শব্দের অর্থের নানান স্তর আছে। স্তর থেকে স্তরান্তরে পৌঁছনর রাস্তা নানান প্রশ্ন ও তার উত্তর তর্ক ও বিতর্কে ভরা। বিষয়টিকে প্রকৃতির বিভিন্ন স্তরের সঙ্গে তুলনা করা যায়। তর্কাতীতভাবে যাকে আমরা ইন্দ্রিয়াতীত বলি তাকেও ইন্দ্রিয়ের ভিতর দিয়ে লাভ করা অসম্ভব নয়। আধ্যাত্মিকতাও তেমনি প্রকৃতির এক উর্দ্ধস্তর। আধ্যাত্মিকতা শব্দটি এমন যে এর উচ্চারনেই কেউ কেউ অসহিষ্ণু হয়ে ওঠেন কেননা তারা বিশ্বাস করেন বিষয়টি প্রকৃতি বহির্ভূত অবাস্তব এবং কাল্পনিক, আবার কেউ কেউ ঐ শব্দটি শোনামাত্র গদগদ হয়ে ওঠেন। রবীন্দ্রনাথ প্রর্থনা ভাষণে আধ্যাত্মকতা প্রসঙ্গে বলেছেন "তুমি কি ভাবছ, চোখে বুজে ধ্যানযোগে দেখবার কথা আমি বলছি? আমি এই চর্মচক্ষে দেখার কথাই বলছি। .... আমি বলছি এই চোখ দিয়েই, এই চর্মচক্ষু দিয়েই এমন দেখা দেখবার আছে যা চরম দেখা ...... তাই যদি না থাকত তবে আলোক বৃথা আমাদের জাগ্রত করেছে।"

খনি থেকে খাদ মেশানো সোনাই আমরা তুলি, খাদ মুক্ত করেই আমরা আসল সোনা পাই। আমাদের প্রাত্যহিক জীবনের নানান দেখাও তাই। আমাদের দেখা, শোনা, লেখা, পড়াও তাই। প্রশ্ন এবং তর্কের আগুনে আমাদের দেখা শোনা ও পড়াকে জ্বালিয়ে নিলেই আমরা চলার সঠিক পথ খুঁজে নিতে পারি। শিক্ষা প্রতিষ্ঠানের মূল কাজই হল প্রশ্নের উত্তর খোঁজা। তর্ক বিতর্কের মাধ্যমে প্রশ্ন ও পাল্টা প্রশ্নের মাধ্যমে সত্যকে অনুসন্ধান করার মধ্যেই শিক্ষা প্রতিষ্ঠানের সার্থকতা। আজ আমরা এমন এক সময়ের মধ্য দিয়ে চলেছি যেখানে প্রশ্নের উপস্থিতিই বিলুপ্তির পথে। স্কুল কলেজের পড়ুয়ারা শিক্ষকদের প্রশ্ন করে না পুরো শিক্ষা ব্যবস্থাটাই বলতে গেলে জেরক্স করা নোটের ওপর দাঁড়িয়ে আছে। অধস্তন উর্দ্ধতনকে প্রশ্ন করে না, আমলা মন্ত্রীকে প্রশ্ন করে না। রাজনীতির কর্মীরাও নেতা নেত্রীকে প্রশ্ন করে না। এই প্রশ্নহীনতার পরিমণ্ডল আমাদের এক বদ্ধ ডোবায় নিয়ে এসে ফেলছে, যেখানে প্রকৃত বা সত্যিকারের পরিবর্তনের তরঙ্গ ওঠে না।

আপনারা অনেকক্ষণ ধরে একজন বরিষ্ঠ শিক্ষকের এই লেখাটি পড়লেন। লেখাটি পড়ে কেউ লেখকের সঙ্গে সহমত হবেন, কেউ কেউ আংশিকভাবে সহমত হবেন, অনেকে আবার হয়ত আমার মুণ্ডপ... করবেন অর্থাৎ এই বিষয়টিও তর্কাতীত রইল না। অনুজ প্রতিম ইন্দ্রজিৎকে আশ্বস্ত করে লেখাটি কি অবিতর্কি... রইল?

কৃতজ্ঞতা স্বীকার :- পূজনীয় প্রয়াত শিক্ষক অম্লান দত্তর "শান্তি, স্বরাজ, সংস্কৃতি" নামের প্রতি সংকলন।

DOWN THE MEMORY LANE

Dr. Dharmadas Banerjee
[Ex-Associate Professor, Dept. of English]

Myself being a superannuated teacher of Sonamukhi College, it will not be presumptuous to write about this institute of hitgher learning on the occasion of its Golden Jubilee in the year 2016. Better it is to make a journey down the memory lane and recount those reminiscenes of tears and smiles, inextricably interwoven with the fabric of my life. After serving for long fifteen years in a Degree College at Coochbehar, I joined Sonamukhi College in 1997. As a teacher of this state (West Bengal), I had the experience of North-South dialogue — interesting turns and twists of the colloquial Bengali of the North and South Bengal, the manners and mores of the locality and of course the student-teacher relationship in particular.

On the very first day, I signed on the Attendance Register of the Teachers, kept in the room of the Principal. The old-fashioned, non-furnished room had only one black and white group photograph of the staff of the college, including the photograph of Prof. Anantalal Patra, the founder Principal of the college; one Christian Calender on the wall and a placard with bold letters, 'DUTY FIRST, SELF LAST' since my joining this college till retirement from service, I had been the only teacher, posted permanently and evidently I had to shoulder the entire responsibility of the students of both Honours and General Course of the Dept. and studetns of the faculty of science as well for the compulsory Engligh Paper. While trying for this humble white-up, many incidents crop up and spill over the cap of memory. Let me jot down only two such to present smiles to the readers, keeping tears for myself.

It was a rainy day, drizzling continuously. The attendance of the students was very poor. the teachers including myself either gossiped on various topics or turned over the pages of the Newspapers at the Staff Room. Sorry, I cannot recollect the date, but I can well remember the time. It was 3.00 p.m. A fail girl-student peeped at the door. "Sir, you have one class", she reminded me of my class at that time. I got up very quickly; took the Attendance Register, a Text-Book, a piece of chalk and a duster. I unfolded my umbrella

and crossed the open space between the Staff Room and the Class Room. After enterin into the classroom, I found that she was the only student. In any case I opened my boo and began explaining Robert Browning's poem 'Porphyria's Lover' line by line, the poe Browning's philosophy of life and love and his poetic technique — dramatic monologue She listened with rapt attention for 45 minutes or a little more and asked me to distinguis between 'lyric' and 'dramatic' poetry. I advised her to note down the chief aspects. He patience and sincerity enthralled me. She was a daughter of a poor shop-keeper in a village Her father was too poor to provide private tuition for her. She told me all that and requeste me to help as far as possible. I should say that I did it and as a result she scored first clas marks in the subject and later on well established in life.

How can I forget the face of that emaciated brown-skinned boy who approached me fo economic help in respect of paying unpaid fees before B.A. Final Exam. As the Secretary of the Teachers' Council, I personally requested all the teachers to donate money; collected the same and kept in my steel almirah. I told his father, a poor marginal farmer in a drought-affected village to submit some amount of money next day. he could not turn up in time and I had to donate a good amount of money and submitted the total amount of about three thousand to the college office. That guardian appeared at about 4.00 p.m. and asked me in a trembling voice if the fees had been submitted. I told him not to worry because the student's financial problem had been solved by the teachers. "May God bless you all!". — the words came out in a muttering tone from his lips.

We, the rational human beings are not sure whether there is any existence of God. Not a few persons in the world are atheists. Though I am not one of them, still I believe that if there were no God, we had to invent Him who would teach us the lesson of unversal brotherhood of man crossing the bar of caste, creed and nation. He would perhaps show us the way to unpremiditated art of feeling for the bleeding hearts of our fellow citizens and thus to create a brave new world for the humanity to come. As a teacher, I think, my days had not been wasted for I could feel at least in my bones that I had many more miles to go to enter into the hearts of young learners. Perhaps on some fond breasts, the parting soul (like myself, a retired teacher) relies.

সোনামুখী কলেজ সম্পর্কে আত্ম-উপলব্ধি

শচীন্দ্রনাথ কুমার
[অবসরপ্রাপ্ত অধ্যাপক, গণিত বিভাগ]

হুগলী জেলা থেকে সোনামুখী আগমন ঠিক চল্লিশ বছর আগে সোনামুখী কলেজের টানে গণিত শিক্ষার পাঠ প্রদানে।

এই কলেজ শিখিয়েছে সোনামুখীকে ভালবাসতে – ছাত্রদের কাছে টেনে নিতে। কিন্তু কেন ছাত্ররা পাঠবিমুখ হচ্ছে তার কারণ অনুসন্ধান করতে কিছু মানুষের সাথে সংযোগ করেছি। অবশেষে কলেজের প্রয়োজনে শিক্ষা সংস্কারে ব্যর্থ হয়ে শুরু করেছি আত্মগবেষণা। কলেজ থেকে ২০১১-এর ফেব্রুয়ারীতে অবসর নিলেও আত্মগবেষণা থামেনি কলেজের সামগ্রিক উন্নয়নে।

কলেজ ছাড়ার পর নিত্য কলেজের পাশ দিয়ে যাতায়াত কালে দেখি পরিকাঠামোগত পরিবর্তনের সাথে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের (NSOU) সংযোজন। নেতাজি সুভাষচন্দ্রের মতো মহামানবকে নিত্য আহ্বান করি শিক্ষা অঙ্গনে, মহাবিদ্যার লয় প্রবাহ বন্ধ করে যথার্থ এক মহাবিদ্যালয় গড়তে।

ধর্মের মূল কথা – নিঃস্বার্থ সেবাই পারে শিক্ষার চেতনায় বিকাশ ঘটিয়ে জ্ঞানের বিপ্লব ঘটাতে – সেবার মানসিকতাপূর্ণ কিছু মানুষ গড়তে।

সোনামুখী কলেজের সোনালি দিনগুলির স্মৃতি

কৃষ্ণদাস গোস্বামী
[অবসরপ্রাপ্ত অধ্যাপক, দর্শন বিভাগ]

সেদিনের কথা মনে পড়লে আজও দেহ ও মন রোমাঞ্চিত হয়। দিনটা ইংরোজী ১৯৭৪ সালের জানুয়া মাসের ৩ (তিন) তারিখ। সোনামুখী কলেজ থেকে দর্শন বিভাগের অধ্যাপক হিসাবে একটি নিয়োগপত্র পে কাজে যোগদান করার ইচ্ছা নিয়ে বাঁকুড়া থেকে বাসে করে সোনামুখী যাচ্ছি। বাজারের চৌমাথায় নেমে রিক্সা ক দশটার মধ্যে সোনামুখী কলেজে পৌছোলাম। দেখি কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ শ্রদ্ধেয় শ্রী অনন্তলাল পাত্র মশা অফিস ঘরে বসে আছেন। আমি যেতেই আমাকে কাজে যোগদানের চিঠি এবং অন্যান্য সই সাবুদ করতে বললেন। ইতিমধ্যে অন্য অধ্যাপক ও অধ্যাপিকারা আসতে শুরু করছেন। এমন সময় বেশ নেতা গোছের দু ছেলে অফিসে এসে স্যারকে একটি ছাত্রের বেতন মুকুব করার কথা বলল। স্যার রেগে উঠে বললেন। "বেতন মুকুব করার কথা বলার তুই কেরে ছুঁচো?" ছাত্রটি বলল, "আমি কলেজের জি. এস্, আমাকে তো এসব দেখতেই হবে।" স্যার বললেন, "তোর বাবা আমার প্রিয় ছাত্র ছিল। সে এখনও মাথা নীচু করে কথা বলে। আর তুই এখানে মোড়লি করতে এসেছিস। তোর বাড়টা বড়ো বেড়েছে ত। ভাল চাস্তো এখনি বিদেয় হ, নইলে তোর বাবাকে ফোন করে আমি তোর কথা বলছি, ছুঁচো, পাজী কোথাকার।" ছেলেটা তৎখনাৎ একছুটে পগার পার। আমি জি. এস. কে এই সব বলায় ভিতরে ভিতরে উত্তেজিত হয়ে পড়লাম। খালি মনে হচ্ছে পাছে কিছু ঝামেলা হয়। মনে মনে ঠাকুরকে বললাম -হে প্রভু! যেন এমন পরিস্থিতি না হয় যে কাজে যোগদান করা সম্ভব হবে না।

যাই হোক কিছু হল না এবং কিছুটা নিশ্চিন্ত হলাম। কিন্তু এর পর যে ঘটনা ঘটল তা আরও ভয়ানক, আমি আজও এই ঘটনা ভুলতে পারি নি। আমি অফিসের মধ্যে বসে কাজ করছি। সামনে দরজার পাশে কয়েকটি ছেলেমেয়ে গল্প করছে। দুটি মেয়ে বেশ জোরেই কথা বলছে, এর ফলে মাঝে মাঝে কাজের ব্যাঘাত ঘটছে। স্যার হঠাৎ চেয়ার ছেড়ে উঠে গিয়ে ওই দুটি মেয়ের পিঠে সপাটে দুটি চড় কসালেন। ছেলে মেয়েরা কোন কথা না বলে ছুটে ওখান থেকে চলে গেল। ভয়ে আমার ভিতরটা কেঁপে উঠল। বুক টিপ্ টিপ্ করতে লাগল। মিন্ মিন্ করে বললাম, "স্যার কলেজের মেয়েদের এভাবে মারলেন! যদি কোন ঝামেলা হয়?" স্যার বললেন "ওদের বাবারা আমার কাছে কত মার খেয়েছে জান? তাদের যদি মেয়েদের গল্প করার কথা বলি তবে ওরা বাড়ীতে গিয়ে আরও মার খাবে।" কি আত্মবিশ্বাস। ছেলে মেয়েদের প্রতি কি গভীর ভালোবাসা। শুধু ছেলে মেয়েরা নয় তাদের বাড়ীর সাথেও কি দারুণ সম্পর্ক। আমার সেই কথাটি মনে পড়ে গেল শাসন করা তারই সাজে সোহাগ করে যে, তিনি অনেকদিন সোনামুখী বি. জে. হাইস্কুলের প্রধান শিক্ষক ছিলেন বলে এই এলাকায় সকলেই উনাকে গভীর শ্রদ্ধা করতেন।

আমাদের কলেজের পরিকাঠামো বিরাট কিছু ছিল না। জনগণের দানে এই কলেজ তৈরী হয়েছে। অধিকাংশ র ছাত্রীরাই গরীব ছিল। অনেকেই ভাত না খেয়ে কলেজে আসত। কিন্তু লেখাপড়ায় তারা মনোযোগী ছিল। মে কলা ও বাণিজ্য বিভাগ এবং অনেক পরে বিজ্ঞান বিভাগ চালু হয়। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কলেজগুলির যে লেখাপড়ায় আমাদের কলেজের সুনাম ছিল। বহু ছেলে মেয়ে পরবর্তী কালে জীবনে প্রতিষ্ঠিত হয়েছে। মার দর্শন বিভাগের বহু ছেলে মেয়ে শিক্ষকতায় সঙ্গে যুক্ত আছে। যেমন উত্তম পুরুলিয়া নিস্তারিণী কলেজে, া হাজরা বহরমপুর গার্লস কলেজে, কৃষ্ণা চক্রবর্তী সোনামুখী গার্লস স্কুল, অমিয় গোস্বামী রাধানগর স্কুল, শিখা র সোনামুখী বি. জে. হাইস্কুল, আভা ঘোষ আবুল, বিশ্বজিৎ প্রভৃতি। এছাড়া সুভাষ চক্রবর্তীর মতো লোক ীও আমাদের বিভাগের ছাত্র ছিল।

আমাদের কলেজের স্থায়ী এবং আংশিক সময়ের অধ্যাপক অধ্যাপিকাদের মধ্যে সম্পর্ক ভাল ছিল। এছাড়া র শিক্ষক ও শিক্ষাকর্মী বন্ধুদের সাথেও সম্পর্ক খুবই ভাল ছিল। আমাদের কলেজে লেখা পড়া ছাড়া খেলাধুলার নরকম চর্চা ছিল। ভলি বল খেলায় আমাদের অধ্যাপকেরা সোনামুখীর সব জায়গায় বিজয়ী হয়েছিলেন। মিও এই কলেজের অধ্যাপকদের ভলিবল ও ক্রিকেট দলের সদস্য ছিলাম। কলেজ ছুটির পর বিশ্বনাথ দা, লীপ দা ও দেবুদার নেতৃত্বে প্রতিদিন এক ঘণ্টা করে খেলা হত। তারপর সবাই এক সাথে বাজারে টিফিন করে ড়ী ফিরতাম। আমরা ভলিবল খেলায় পাঁচমুড়া কলেজ এবং ক্রিকেট খেলায় রামানন্দ, সম্মিলনী ও খৃষ্টান লেজকে হারিয়ে ছিলাম। মাঝে মাঝে ছেলেদের সাথেও আমাদের ফুটবল এবং ক্রিকেট খেলা হত। এই প্রসঙ্গে কটা মজার ঘটনা না বলে পারছি না। ছেলেদের সাথে ক্রিকেট খেলা হচ্ছে। হঠাৎ দীপেন বাবুর ব্যাটে লেগে কটা বল কোথায় চলে গেল। তখন শুধু রানের পর রান্ হচ্ছে। শেষে এটিকে বাউন্ডারি ধরে বল খোঁজা শুরু ল। দেখা গেল বল এসে হরিসাধন বাবুর ধুতিতে আটকে আছে।

লেখাপড়া এবং খেলাধুলা ছাড়া সামাজিক ও শিক্ষামূলক কাজের সঙ্গে অধ্যাপক, অধ্যাপিকা, শিক্ষাকর্মী ন্দগণ ও ছাত্র-ছাত্রীরা যুক্ত ছিল। ১৯৭৮ সালের বন্যার সময় জাতীয় সেবা প্রকল্পের ছাত্র-ছাত্রীরা কয়েকটি দলে গ করে একজন করে শিক্ষক মহাশয়কে সঙ্গে নিয়ে বন্যাপীড়িত গ্রামগুলিতে ত্রাণসামগ্রী বিলি করেছে। আমার লে ছিল কমার্সের ছাত্ররা। এমনিতে ওরা চঞ্চল ও দুষ্টু হলেও সেদিন একটি দানা মুখে না দিয়ে সুষ্ঠু ভাবে সমস্ত ড়ে গুড় বিলি করেছিল। আমার মনে পড়ে গেল বিখ্যাত গানের কথা "সব দুষ্টু ছেলেরাই লক্ষ্মী।"

কলেজে সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠানেও সবার খুব উৎসাহ ছিল। এই প্রসঙ্গে একটি ঘটনার কথা উল্লেখ না করে রছি না। ১৯৯১ সালে কলেজের রজত জয়ন্তী বর্ষে প্রত্যেককে সাংস্কৃতি অনুষ্ঠানে অংশগ্রহণ করতে বলা য়েছিল। আমাকেও একটি গান করতে বলা হয়েছিল। যদিও আমার দাদু এবং বাবা ভারতীয় মার্গ সঙ্গীত চর্চা রতেন এবং আমিও মার্গ সঙ্গীতের অনুরাগী ছিলাম তবুও কলেজের অনুষ্ঠানে কোনদিন গান করিনি। আমি হুদিন কলকাতায় 'রবিতীর্থে' সুচিত্রা মিত্রের স্কুলে রবীন্দ্র সঙ্গীত এবং বিমান মুখোপাধ্যায়ের কাছে নজরুলগীতির লিম নিয়েছিলাম। নির্দিষ্ট দিনে আমাকে প্রথমেই গাইতে বলা হল। একটি গান গাওয়ার পর ভয় ছিল যদি টিল

পড়ে। আমি উঠে যাচ্ছি এমন সময় ছেলেরা আমাকে ছাড়ল না। বেশ কয়েকটি গান গেয়ে তবে ছুটি পে
সবাই তালি বাজিয়ে আমাকে অভিনন্দন জানাল। আমার আনন্দ হল এই ভেবে যে আজ আমি কলেজে নি
শিল্পী হিসাবে প্রতিষ্ঠিত করতে পেরেছি। এই দিনটি আমার জীবনের একটি স্মরণীয় দিন। এরপর কলেজের
বরণ ও অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেছি। সঙ্গীত প্রতিযোগীতায় বিচারকের দায়িত্ব
করেছি। কিন্তু রজত জয়ন্তী বর্ষের সোনালি দিনটির কথা ভাবলে আজও মনে আনন্দ পাই।

পরবর্তীকালে কলেজের অনেক কাজেই যোগদান করেছি। বেশ কয়েক বৎসর উচ্চমাধ্যমিক এবং বিশ্ববিদ্যা
পরীক্ষা পরিচালনার দায়িত্ব পালন করেছি। জাতীয় সেবা প্রকল্পের প্রোগ্রাম অফিসার হিসাবে ছেলেদের নিয়ে
কয়েকবার ১০ (দশ) দিনের 'ক্যাম্প' পরিচালনা করেছি। বেশ কয়েক বছর প্রাতঃ বিভাগের ভারপ্রাপ্ত অধ্যা
দায়িত্ব পালন করেছি। এছাড়া যখন অধ্যক্ষ বিজয়বাবু অসুস্থ হন তখন বেশ কিছুদিন কলেজের পুরো দায়িত্ব নি
হয়েছে। কিন্তু সমস্ত শিক্ষক অশিক্ষক বন্ধু ও ছাত্র-ছাত্রীদের সহযোগিতায় কলেজ পরিচালনার ক্ষেত্রে আ
কোন অসুবিধা হয়নি।

পরিশেষে আমার কলেজকে আমি আজও ভালবাসি। আমার জীবনের কত সুখ-দুঃখ, হাসি কান্নার স্মৃতি
কলেজের সাথে জড়িয়ে আছে। বর্তমানে কলেজের পরিকাঠামোর অনেক উন্নতি হয়েছে। কলেজে 'ন্যাক' ক
মূল্যায়ণ হয়েছে। বর্তমান অধ্যক্ষ মশাই, শিক্ষক ও অশিক্ষক বন্ধুরা এবং ছাত্র ছাত্রীদের সমবেত প্রচেষ্টায় কলে
নতুন নতুন বিষয় চালু হয়েছে। আমি চাই আমার কলেজ আরও উন্নতি করুক। শিক্ষক-শিক্ষাকর্মী এবং ছাত্র-ছাত্রী
সম্পর্ক আরও ভাল হোক। বিখ্যাত দার্শনিক হিউম্ বলেছেন-পন্ডিত হওয়ার আগে ভালো মানুষ হওয়াটা দরক
ভালো মানুষ হতে গেলে বাহ্যিক আড়ম্বরপূর্ণ, যান্ত্রিক, অর্থকরী শিক্ষার পরিবর্তে মূল্যবোধের শিক্ষার প্রয়োজ
স্বামী বিবেকানন্দ বলেছেন শিক্ষা হল মানুষের মধ্যে নিহিত পূর্ণতার প্রকাশ। আমাদের লক্ষ্য হবে ছাত্র-ছাত্রী
এই মূল্যবোধের শিক্ষায় শিক্ষিত করে প্রকৃত মানুষ হিসাবে গড়ে তোলা যাকে বলে "Man making Educatio
আমাদের কলেজের নাম বাঁকুড়া জেলার শ্রেষ্ঠ কলেজ রূপে খ্যাত হোক। ঈশ্বরের কাছে এই প্রার্থনা জানিয়ে এ
শিক্ষক-শিক্ষাকর্মী ও ছাত্র-ছাত্রীদের মঙ্গল কামনা করে আমার এই লেখা শেষ করছি।

কিছু স্মৃতি কিছু কথা

বংশীবদন দে
[প্রাক্তন অধ্যাপক, সংস্কৃত বিভাগ]

সোনামুখী কলেজের পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার প্রাক্কালে স্মৃতির সরণি বেয়ে আজ অতীতের কথা স্মরণ করতে গিয়ে আমি স্মৃতিমেদুরতায় আচ্ছন্ন, কারণ সোনামুখী কলেজ আমার কাছে শুধু একটি শিক্ষাপ্রতিষ্ঠান নয়, সোনামুখী কলেজ আমার অনাবিল ভালোলাগা, প্রায় তেত্রিশ বছর অধ্যাপক রূপে এই মাহবিদ্যালয়ের সাথে যুক্ত থেকে আমি এই প্রতিষ্ঠানকে খুব কাছ থেকে দেখেছি-- এই কলেজের সুদিন-দুর্দিন, ভালো মন্দ, উত্তরণ অবক্ষয়ের প্রতিটি মুহূর্তের স্বাক্ষী থেকেছি, প্রতিটি পরিবর্তেনের প্রক্রিয়ার সাথে নিজেকে যুক্ত রেখেছি প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে, প্রতিটি নতুন পদক্ষেপকে স্বাগত জানিয়েছি এগিয়ে চলার প্রেরণায়। কখনও এক মুহূর্ত্তের জন্যও একথা ভাবিনি সোনামুখী কলেজ থেকে আমি কি পেয়েছি বা পাইনি; শুধু ভেবেছি আমি কতখানি এই মহাবিদ্যালয়ের প্রয়োজনে আসতে পেরেছি। তাই আজ আমার মনে নেই কোন আক্ষেপ, নেই কোন অপ্রাপ্তি, নেই কোন দুঃখবোধ-- শুধু হিরণ্ময় ভালোলাগা ও ভালোবাসা শ্রাবণের ধারার মত আমার মনের মধ্যে অবিরত ঝরে পড়ে। আমি সিক্ত হই, প্লাবিত এই।

সোনামুখী কলেজের যাত্রাপথের শুরু ১৯৬৬ সালে বি. এ. এবং বি. কম. জেনারেল কোর্সের পাঠক্রম দিয়ে। ১৯৬৯ এ Accountancy (Hons.) চালু হয়। ১৯৭১ থেকে ১৯৭৩ সালের মধ্যে বাংলা, দর্শন ও রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে Honours পাঠক্রমের শুরু। ১৯৭৭ সালে Higher Secondary বিভাগে Arts, Science এবং Commerce পাঠক্রম শুরু হয়েছিল। স্নাতক স্তরে B. Sc. জেনারেল কোর্সের শুরু ১৯৭৯ সালে। ১৯৯৫ সাল থেকে পরপর B. Sc. এবং B.A কোর্সে বিভিন্ন বিষয়ে Honours পাঠক্রম চালু হয় এবং কলেজের পঠনপাঠনের ক্রমবিস্তার ঘটতে থাকে।

১৯৭৮ সালে যখন আমি এই কলেজে যোগদান করি তখন কলেজের অধ্যক্ষ ছিলেন শ্রদ্ধেয় অনন্তলাল পাত্র মহাশয় যাঁর অকৃপণ স্নেহ ও ভালোবাসা আজও আমি অন্তরে অনুভব করি। কী নিরলস পরিশ্রমে তিনি এই শিক্ষা প্রতিষ্ঠানটিকে গড়ে তুলেছিলেন, কী অসীম ক্ষমতায় এই স্বপ্নসৌধকে দুহাতে আগলে রেখেছিলেন এবং কী পরম যত্নে তিলে তিলে এই মহাবিদ্যালয়কে সুনামের উচ্চশিখরে তুলেছিলেন, সেই কাহিনীর অনেকটাই আমার অগ্রজ সহকর্মীদের কাছে শোনা আর বাকিটা নিজের চোখে দেখা। তাঁর নিঃস্বার্থ প্রচেষ্টা, অনন্ত পরিশ্রম, নিয়মানুবর্তিতা সময়ানুবর্তিতা, শিক্ষক শিক্ষাকর্মী-ছাত্রছাত্রীদের প্রতি অপার স্নেহ এবং প্রতিষ্ঠানের প্রতি দায়বদ্ধতা তাঁকে অনন্য করে তুলেছিল। সোনামুখী কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষরূপে তাঁর স্থান সবার উপরে।

সময়ের পরিপ্রেক্ষিতে আমাদের দৃষ্টিভঙ্গী, চিন্তাভাবনা, বিশ্বাস, আদর্শ অনেক কিছুই পালটে যায়। আমরা পরিবর্তিত হই কখনও ভালোর দিকে কখনও বা অন্যায়ের সাথে আপস করে চলি। অন্যায় দেখেও প্রতিবাদ

করতে পারিনা শুধু এক অক্ষম আত্মপীড়ন নিজেকে দগ্ধ করে। সবচেয়ে বেশী দুঃখ বোধ করি যখন দেখি ব্য স্বার্থ প্রতিষ্ঠানের স্বার্থের চেয়েও বড় হয়ে উঠে। তবুও এরই মাঝে কিছুসংখ্যক মানুষ নীরবে নিজের দায়িত্ব পা করে যান। আমার এই সব অইভজ্ঞতার নিরিখে ১৯৬৬ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত সোনামুখী কলেজে ইতিহাসকে তিনটি পর্যায়ে ভাগ করেছি— (১) অনুশাসনের যুগ (২) অস্থিরতার যুগ (৩) নির্লিপ্ততার যুগ।

অনুশাসনের যুগ :— ১৯৬৬ সাল থেকে ১৯৮১ সাল হল এই যুগের ব্যাপ্তিকাল। এই যুগের যিনি প্রধ কান্ডারী তিনি হলেন প্রতিষ্ঠাতা অধ্যক্ষ প্রয়াত অনন্তলাল পাত্র। শিক্ষার নির্মল পরিবেশ, শিক্ষক-ছাত্র সুসম্প শিক্ষক ও শিক্ষাকর্মীদের পারস্পরিক শ্রদ্ধা, কাজের প্রতি নিষ্ঠা ও দায়বদ্ধতা, এবং কলেজের প্রতি সম্ভ্রমবোধ এ যুগের বৈশিষ্ট্য। এই যুগে কোন সরকারি নির্দেশ ছাড়াই অধ্যক্ষ, অধ্যাপক- অধ্যাাপিকা ও শিক্ষাকর্মীগণ কলেজে শুরু থেকে শেষ পর্যন্ত উপস্থিত থাকতেন। ক্লাসের শেষে খেলাধূলার চর্চাও হত নিয়মিত। অধ্যক্ষ মহাশয়ের কোন নির্দেশ পালন করতে শিক্ষক শিক্ষাকর্মীর উন্মুখ হয়ে থাকতেন। শিক্ষকদের প্রতি সাধারণ ছাত্র-ছাত্রীদে ছিল ভয়মিশ্রিত শ্রদ্ধা। পারস্পরিক অস্থা ও বিশ্বাস, সৌজন্য ও শ্রদ্ধা, নিষ্ঠা ও দায়বদ্ধতা, স্নেহ ও সম্ভ্রমবোধে বিচারে এই যুগকে আমি সোনামুখী কলেজের "সোনালি অতীত" বলে অভিহিত করতে পারি। এই যুগে সদর্থকদিকগুলি পরবর্তীকালে কলেজকে এগিয়ে নিয়ে যাওয়ার শক্তি, সাহস ও প্রেরণা যুগিয়েছে। এই যুগ থেকে সঞ্চারিত জীবনীশক্তির প্রবাহে বিভিন্ন ঘাত প্রতিঘাতের মধ্যেও সোনামুখী কলেজ আজও এগিয়ে চলেছে।

অস্থিরতার যুগ :— ১৯৮২ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত কলেজের ইতিহাসে "অস্থিরতার যুগ" বলে চিহ্নিত করা যেতে পারে। এই সময়ের মধ্যে স্বল্পকালস্থায়ী তিনজন অধ্যক্ষ এবং ছয়জন টিচার -ইন-চার্জ কলেজে দায়িত্বভার গ্রহণ করেছেন। স্থায়ী অধ্যক্ষ না থাকার ফলে কলেজের উন্নয়নের দীর্ঘমেয়াদী পরিকল্পনা ও পরিকাঠামোগত উন্নয়নের কাজ বারে বারে ব্যাহত হয়েছে। একদিকে নতুন নতুন পাঠক্রম চালু ও ছাত্রসংখ্যার উত্তরোত্তর বৃদ্ধি অন অন্যদিকে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষাকর্মীর অভাব কলেজ প্রশাসনে প্রচন্ড চাপ সৃষ্টি করেছিল। বিভিন্ন বাধা-বিঘ্ন প্রতিকূলতা অতিক্রম করে ১৪ জন ক্যাজুয়াল শিক্ষাকর্মীর স্থায়ীকরণের মাধ্যমে এই সমস্যার সমাধান করা গেলেও কলেজের আর্থিক ব্যবস্থার উপর যে চাপ পড়েছিল তার ফলে ইচ্ছা থাকলেও উন্নয়নের কাজকে বেশী দূর এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হয়নি। কিন্তু এর মধ্যেও একদল নিবেদিতপ্রাণ অধ্যাপক-অধ্যাপিকা ও শিক্ষাকর্মীর আন্তরিকতায় কলেজের পঠন পাঠনের মান অক্ষুন্ন ছিল। তবে দৃষ্টিভঙ্গীর ভিন্নতার কারণে শিক্ষকদের মধ্যে মতান্তর এই সময়ে তীব্র হতে শুরু করে। সংখ্যাগরিষ্ঠের মতামত সর্বত্র প্রাধান্য পাওয়ার ফলে কিছুসংখ্যক সহকর্মী নিজেদের বঞ্চিত বলে মনে করতে থাকেন। কিন্তু সৌভাগ্যের কথা এই মতান্তর কখনও মনান্তরে পরিণত হয় নি। কলেজের উন্নয়নের কাজে সকলে একসাথে এগিয়ে এসেছেন, সেখানে মতান্তর কখনও বাধা হয়ে দাঁড়ায় নি। উদারহৃদয় সহকর্মীদের কোন সংকীর্ণতা ছিল না বলেই মতান্তরের ঘূর্ণাবর্তের মধ্যেও পারস্পরিক সৌজন্যবোধ অটুট ছিল। এ সিময়কালে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (U.G.C) অর্থানুকূল্যে আমাদের কলেজের উদ্ভিদবিদ্যা ও প্রাণীবিদ্যা বিভাগের উদ্যোগে কয়েকটি গবেষণা প্রকল্প (Research Project) রূপায়িত হয়েছিল যা আমাদের কলেজের

...ক্রম আরও বৃদ্ধি করেছিল। কলেজের ইতিহাসে ১৯৯১ সাল একটি মাইলফলক কারণ এই বছরে সোনামুখী কলেজের "রজত জয়ন্তী বর্ষ" (Silver Jublee) মহাসমারোহে উদ্‌যাপিত হয়েছিল। ১৯৯১ সালের ৫ই ডিসেম্বর থেকে ৮ই ডিসেম্বর এই চারদিন ব্যাপী আলোচনা, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, ছাত্র-ছাত্রীদের পুনর্মিলন উৎসব প্রভৃতি অনুষ্ঠানগুলি সমস্ত শিক্ষক-শিক্ষাকর্মী-ছাত্র-ছাত্রীদের সম্মিলিত প্রয়াসে এবং স্থানীয় মানুষের অকুণ্ঠ সহযোগিতায় সফল হয়ে উঠেছিল যে সুখস্মৃতি আজও আপ্লুত করে। তবে যে সকল সহকর্মীর অক্লান্ত পরিশ্রমে এই অনুষ্ঠান সফল হয়েছিল তাদের আজ আর অনেকেই আমাদের মধ্যে নেই– এই বেদনাবোধ সবসময় মনকে পীড়িত করে। সুভদ্র সহকর্মীগণ যে অফুরান ভালোবাসা দিয়ে আমাদের মত কনিষ্ঠ সহকর্মীদের ভরিয়ে রেখেছিলেন তাঁদের প্রতি রইল আমার বিনম্র প্রণাম।

নির্লিপ্ততার যুগ :— ২০০১ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত এই সময়কালের প্রথমার্ধে শিক্ষকদের মধ্যে, বিশ্বাস ও সৌহার্দ পুনঃপ্রতিষ্ঠিত হতে লাগল। দীর্ঘদিন পরে একজন স্থায়ী অধ্যক্ষ যোগদান করায় শিক্ষক-শিক্ষাকর্মী-ছাত্র-ছাত্রীদের মনে নতুন ভাবে পথ চলার আশা সঞ্চারিত হল। এই সময়ের একটি উল্লেখযোগ্য ঘটনা হল ২০০৩ এবং ২০০৪ সালে পরপর দুবছর আমরা বাঁকুড়া জেলা আন্তঃবেসরকারি কলেজ ক্রীড়া প্রতিযোগিতা ও ফুটবল চ্যাম্পিয়ানশিপ টুর্নামেন্ট-এর সফল আয়োজ করেছিলাম। শিক্ষক-শিক্ষাকর্মী ও ছাত্র-ছাত্রীদের আন্তরিক প্রচেষ্টায় এই অনুষ্ঠান দুটি এতই সফল হয়েছিল যে D.P.I -এর প্রতিনিধিগণও এর প্রশংসা করেছিলেন। কিন্তু এই পরিবেশ দীর্ঘস্থায়ী হল না। অদ্ভুত এক উদাসীনতা, নির্লিপ্ততা ও গতানুগতিকতা চারদিক থেকে আমাদের ঘিরে ধরল। কর্মসংস্কৃতির দ্রুত অবক্ষয় ঘটতে লাগল। শিক্ষক ও শিক্ষাকর্মীদের সম্পর্কের জটিলতায় পঠনপাঠনের পরিবেশ ও কলেজের উন্নয়ন স্তিমিত হয়ে পড়ল। সদর্থক চিন্তাসম্পন্ন কিছু অধ্যাপক, অধ্যাপিকা ও শিক্ষাকর্মীদের আন্তরিক প্রয়াসও এই অচলাবস্থার পরিবর্তন ঘটাতে পারল না। ব্যক্তিস্বার্থ বারে বারে প্রতিষ্ঠানের স্বার্থকে ক্ষুন্ন করছিল। ফলে কলেজের কাঙ্খিত উন্নয়ন ঘটল না। একই প্রতিষ্ঠানের অঙ্গ হয়েও কলেজ প্রশাসন, শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্র-ছাত্রী সব বিচ্ছিন্ন দ্বীপের মত একক হয়ে উঠল।

২০১০ সালের পরবর্তীকালের মূল্যায়ন আমার এই লেখায় অনুপস্থিত থাকল কারণ তখন আমি কলেজ থেকে অবসর গ্রহণ করেছি। এই লেখার মাধ্যমে কোন নেতিবাচক চিন্তাভাবনা প্রকাশ করা আমার উদ্দেশ্য নয় অথবা শুধুই হতাশা প্রকাশ করাও আমার উদ্দেশ্য নয় শুধু যা দেখেছি, যা উপলব্ধি করেছি সেই অভিজ্ঞতার ভিত্তিতে কলেজের অতীত সময়কে আমি ধরতে চেয়েছি। আমি চিরকালই আশাবাদী। সব অস্থিরতা ও নির্লিপ্ততা অতিক্রম করে সোনামুখী কলেজ আগামী দিনে নবীন সহকর্মীদের হাত ধরে সোনালি যুগ তৈরী করবে এই আশা ও বিশ্বাস আমি আজীবন পোষণ করে যাব। এই স্মরণীয় মুহূর্তে সকলের প্রতি রইল আমার শুভেচ্ছা।

অর্ধশত বর্ষের দ্বিতীয় দশকে

জহর সাঁই
[অবসরপ্রাপ্ত অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (১৯৭৩-১৯৮৩)]

স্বাধীনতা প্রাপ্তির প্রায় তিন দশক পরেও ভারতে বেসরকারী স্নাতক পর্যায়ের কলেজগুলোর বেতন কাঠাে
একরূপতা ছিল না। প্রধানত: দুটি স্কেল চালু ছিল সেসব কলেজে: ১৪০—১৫—৪৪০ এবং ২০০—১৫—
টাকা। উভয় ক্ষেত্রেই কলেজ ডি.এ এবং সরকারী ডি.এ. ছিল যথাক্রমে ৪০ টাকা এবং ৬০ টাকা। ১৯৭৩ স
বেশ কিছু কলেজে Intergrated Pay Scale (৩০০—২৫—৮০০ টাকা) চালু হয়েছিল, এক্ষেত্রে সরকারী ডি
পাওয়া যেত ১১৮ টাকা। ১৯৭৪ সালের জানুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহে সোনামুখি কলেজে যোগদানের জন্য
নিয়োগপত্র পাই , তাতে প্রথম স্কেলটির উল্লেখ ছিল। আরও বলা ছিল যে তৃতীয় সপ্তাহের মধ্যে যোগদান
করলে নিয়োগপত্রটি বাতিল বলে বিবেচিত হবে। নিয়োগপত্র পেয়ে মাথায় হাত কেননা তখন গলসী বহু
বিদ্যালয়ে Economics and Ciries র post এ শিক্ষকতা করে ২৫০ টাকা পেতাম। লোকে চাকুরি পরিবর্তন ক
সাধারণঃ higher pay scale enjoy করার জন্য। আর আমি কি ঐতিহ্যবাহী বিদ্যালয়টি ছেড়ে, অন্য জেল
অবস্থিত এক কালেজে যোগ দেব-যেখানে সেই মুহূর্তে বেতন কাঠামো মোটেই আকর্ষণীয় নয়। এ নিয়ে চি
করার বিশেষ, সময় ছিল না। অন্তর্দ্বন্দ্বে দীর্ন হয়ে, কিছুটা ঝুঁকি নিয়েও ঐ মাসের শেষ দিকে রাষ্ট্রবিজ্ঞানের প
যোগ দিই। জীবন চলতে শুরু করে এক নতুন পথে। একদিকে অত্যন্ত স্বল্প বেতনে পরিবার নিবাহের জ
সর্বভারতীয় স্তরে আন্দোলনে নিরন্তর অংশগ্রহণ, আর কলেজে পাঠদানের জন্য নিজেকে প্রতিদিন প্রস্তুত রাখ
অভিযান। ১৯৭৬ সালে ঘোষিত হয় U.G.C র নতুন বেতন কাঠামো (৭০০-৪০-১১৫০- ৫০-১৩০০- E
৫০-১৬০০) বলা বাহুল্য, সোনামুখী কলেজ ও ঐ বেতন কাঠামোর অধীনে আসে। তখনই কেন্দ্রীয় সরকার মে
নেয় যে, প্রতি দশবছর অন্তর বেতন কাঠামো সংশোধিত হবে, যার ফলেই চলতি বেতন কাঠামো ২০০৬ সা
পুর্ণবিন্যস্ত হয়েছে— যখন অধ্যাপনার জগৎ থেকে আমাদের অবসর গ্রহণ করতে হয়েছে।

উচ্চশিক্ষার প্রাঙ্গণে বেসরকারী (non Government non-sponsorsed) কলেজ গুলোতে শিক্ষকদের আর্থি
দুরবস্থা বোঝানোর জন্য বেতন কাঠামোর প্রসঙ্গটি উল্লেখ করতে হয়েছে। অবস্থাটা বাস্তবে আরও রূঢ় ছিল যখ
জানা যায় কোন কোন কলেজে '১০০ টাকা নিয়ে ২০০ টাকা পেলাম' বলে সই করতে হোত। এই অবস্থা পরিবর্তনে
জন্য সর্বভারতীয় আন্দোলনের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গে অধ্যাপকদের সংগঠনের (West Bengal College an
University Teachers' Association-WBCUTA) ভূমিকা ছিল গৌরবোজ্জ্বল। অভিনব সাংবিধানিক বৈশিষ্ট
কারণে -WBCUTA অন্যান্য পেশাজীবি সংগঠনের কাছে ছিল ঈর্ষণীয়। WBCUTA র বাৎসরিক অধিবেশন
আমার মতো অনেকেই কাছেই ছিল পারস্পরিক মিলনের, মত-বিনিময়ের ও সংগ্রামী শপথ নেওয়ার উৎসব
৩২ বছরের কর্মজীবনে ৩ বার আমি এই উৎসবে যোগ দিতে পারিনি। সাম্প্রতি কালে বেতন কাঠামোর পুর্ণবিন্যা
ও অন্যান্য সুযোগ সুবিধা যে ভাবে বৃদ্ধি পেয়েছে তাতে অতীতের আন্দোলনের প্রচ্ছায়া দেখতে পাওয়া যায়

কিন্তু আজকের অধ্যাপকরা তা স্বীকার করতে কুণ্ঠাবোধ করেন। তাঁদের জীবন যাপন প্রণালী ও পাঠদান পদ্ধতিতেও এসেছে লক্ষ্যনীয় পরিবর্তন। সে পরিবর্তন শিক্ষার গুণগত ও পরিমাণগত পরিবর্তনে কতটা সহায়ক - তা সময়-ই বিচার করবে। অনেক প্রতিকূলতাকে অগ্রাহ্য করে সেদিনের সোনামুখী কলেজের অর্ধশত বর্ষ পূর্ত্তি হচ্ছে - এ সংবাদে রোমাঞ্চিত হই। অর্ধশতাব্দীর দ্বিতীয় দশক (১৯৭৪-১৯৮৩) ব্যাপী ছিল কলেজে আমার অসা-যাওয়া। আমার কাছে সে দিনগুলো ছিল 'চঞ্চল হিল্লোলে কল্লোলময়।' ১৯৭৪ র জানুয়ারী মাসে কৃষ্ণদাস, লক্ষ্মীনারায়ণ ও আমি যখন যোগ দিই, তখন কলেজে সম্ভবতঃ সতের জন শিক্ষক, যার অর্ধেক সংখ্যক ছিল বাংলা ও বাণিজ্য বিভাগে (ঐ দুটি ক্ষেত্রে সাম্মানিক পাঠক্রম চালু ছিল)। অন্যদিকে ইংরেজী, অর্থশাস্ত্র ও দর্শন বিভাগে দুজন করে এবং সংস্কৃত, ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞানে এক জন করে শিক্ষক ছিলেন। দর্শন বিভাগে সাম্মানিক পাঠক্রম তখন-ই চালু ছিল, না কি ১৯৭৬ সালে রাষ্ট্রবিজ্ঞানে ও দর্শনে একই সঙ্গে অনার্স প্রবর্তন হয় তা ঠিক মনে পড়ে না। কিন্তু ১৯৭৭ সালে যখন কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক পাঠক্রম চালু করার নির্দেশ আসে, তখন সোনামুখী কলেজে এক বড় রকমের পরিবর্তন সূচিত হয়। কলা ও বাণিজ্য বিভাগে ঐ পাঠক্রম চালু কারর ক্ষেত্রে বিশেষ অসুবিধা না থাকলেও বিজ্ঞান বিভাগে ছাত্র ভর্ত্তি করার মতো কোনো পরিকাঠামোই ছিল না। কিন্তু শিক্ষা বিস্তারে আগ্রহী অধ্যক্ষ মহাশয় আমাদের সঙ্গে কয়েক দফা আলোচনা করার পর কিছু ঠানাপোড়েন সত্ত্বেও কলা, বাণিজ্য ও বিজ্ঞান সব শাখাতেই ছাত্র ভর্ত্তির বিজ্ঞপ্তি জারী করেন। এর ফলে কলেজে কলেজে পড়ার উৎসাহে একদল তরুণ - তরুণীর আবির্ভাবে, তাদের কলকাকলিতে কলেজ চত্বরটাই শুধু মুখরিত হয়ে উঠল না, বিভাগে ছায়া দিলীপ, তপন ও কুমার -এর যোগদানের ফলে শিক্ষক সংসদের ও শিক্তবৃদ্ধি ঘটে। এতকাল ধরে অধ্যক্ষ মহাশয়ের অফিসের লাগোয়া 'টিচার্স রুমটি' সকলের বসার পক্ষে যথেষ্ট বিবেচিত না হওয়ায় নতুন একটি 'টিচার্স রুম' তৈরী হয়। H.S. Course এর বিজ্ঞান শাখায় পাঠরত ছাত্র-ছাত্রীরা যাতে দু বছর পর স্নাতক পর্যায়ে পড়ার সুযোগ আমাদের কলেজে-ই পায়, সে চেষ্টাও চলতে থাকে। ক্রমে আলাদা বিল্ডিং তৈরীর ক্ষেত্রে সম্ভবতঃ তৎকালীন M.P. কৃষ্ণচন্দ্র হালদার-এর সহযোগিতায় U.G.C র আর্থিক অনুদান পাওয়া গিয়েছিল। এ সময়ে অধ্যক্ষ মহাশয়কে ও কয়েক বার-ই দিল্লীতে U.G.C র অফিসে যাতায়াত করতে হয়েছে। এই সময়ে-ই কোনো এক শিক্ষানুরাগী সহৃদয় ব্যক্তি কলেজের অদূরে প্রধান রাস্তার ধারে একটা সুন্দর বাড়ী কলেজকে দান করেন। অধ্যক্ষ মহাশয়ের কাছে শুনে, আমরা কয়েকজন সেটা দেখলাম এবং তাঁকে পরামর্শ দিলাম, ছাত্রদের হোষ্টেল করে দেওয়ার জন্য। অনেকদিন কোনো কাজে লাগানো হয়নি বাড়ীটাকে। আমাদের পরামর্শ মতো সংস্কৃতর শিক্ষক বংশীবাবুকে সেই হোষ্টেল দেখভাল করার দায়িত্ব দেওয়া হয়। উনি দীর্ঘদিন সে দায়িত্ব সুষ্ঠুভাবে (বিনা পরিশ্রমিকে) পালন করেছেন। এখন নিশ্চয়ই সে হোষ্টেলের রূপ বদলে গেছে। এই সময় উন্নয়নের নিরিখে ঐ দশকটিকে কলেজের সর্বাঙ্গীন বিকাশের সূচনা পর্ব রূপে চিহ্নিত করাই সমীচিন। কলেজে যখন অধ্যাপনার কাজে যোগ দিই, তখন সে সবেমাত্র ৯ বছরে পা রেখেছে। প্রায় এক দশক পরে যখন সে উদ্ভিন্ন যৌবনের সাজসজ্জায় নিজেকে আরও পল্লবিত করে চলেছে তখন মর্মরিত শালপাতর শব্দে আর মহুয়ার গন্ধে ভরা সেই মনোরম প্রাকৃতিক পরিবেশ ছেড়ে চলে এসেছি। সেই চলে আসাটা আমার নিজের কাছে এতটাই বেদনাদায়ক ছিল যে, ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের অনেককেই বলে আসিনি। তাদের অগোচরে নীরবে চলে এসেছিলাম ঘরের আরাম (home Comfort) উপভোগের লোভে।

না, সে লোভের আশা মেটেনি, না গৃহে না কর্মস্থলে, কিন্তু সে তো অন্য কাহিনী, যা প্রকাশের জায়গা এটা নয়। একটা কলেজকে অগ্রগতির পথে নিয়ে যেতে হলে অধ্যক্ষকে হতে হবে বিশেষভাবে প্রশাসনিক দক্ষতার অধিকারী। পাণ্ডিত্য সম্ভবতঃ সেখানে গৌণ। অনন্তলাল পাত্র সোনামুখী কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ হিসেবে যে সাংগঠনিক দক্ষতার পরিচয় রেখে গেছেন তা সোনামুখীর আঞ্চলিক ইতিহাসের অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিবেচিত হওয়ার দাবী রাখেন। এমন এক কর্মবীর ও মহানুভব ব্যক্তির সান্নিধ্য ও স্নেহ পেয়ে নিজেকে ভাগ্যবান বলে মনে করি। এমন জ্ঞানী, স্থিতধী, নিয়মনিষ্ঠ ও সদালাপী মানুষের সন্ধান সহজে মেলে না। প্রখর স্মৃতি শক্তির অধিকারী ছাড়াও তিনি ছিলেন খাদ্যরসিক। শারীরিকভাবে অসুস্থ হতে তাঁকে দেখেছি বলে মনে পড়ে না। একটা নির্দিষ্ট রিক্সায় চেপে প্রতিদিন ৯-৩০ টার সময় তিনি কলেজে হাজির হতেন এবং সেখান থেকে বের হতেন ৪-৩০ এর সময়। এই দীর্ঘ সাত ঘণ্টা সময়কালে কোনো ছাত্র তো দূরের কথা, কোনো শিক্ষকও তাঁকে কোনোদিন ধূমপান করতে দেখেন নি। অথচ বাঁড়াতে তিনি এক প্যাকেট চারমিনার ধোঁয়া করে দিতেন দুঘণ্টায়। বারটদা'র সাথে ওঁর বাড়ীতে এক সান্ধ্য আড্ডায় প্রথম যেদিন ঐ দৃশ্য দেখেছিলাম সেদিন যার পর নেই বিস্মিত হয়েছিলেন। নেশার ওপর তাঁর এই নিয়ন্ত্রণক্ষমতা আমার কাছে আজও এক বিরল অভিজ্ঞতা। একটা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান তো এমন দৃষ্টান্ত-ই রাখবেন। কলেজের গণ্ডী ছাড়িয়ে সোনামুখীর সমাজে সর্ব স্তরের মানুষের কাছে তিনি ছিলেন অত্যন্ত সম্মান ও শ্রদ্ধার পাত্র। বিবাহ, অন্নপ্রাশন ইত্যাদি উপলক্ষ্যে সবেতেই তাঁর নিমন্ত্রণ থাকতো। এক্ষেত্রে গৃহে তাঁর পরামর্শ থাকতো আমাদেরও নিমন্ত্রণ করার। আমাদের প্রায় সকলকে সঙ্গে করে বিকেলের দিকে তিনি হাজির হতেন গৃহকর্তার অনুষ্ঠানে। সামাজিকতা রক্ষায় যত্নশীলতা ছিল তাঁর চরিত্রের এক অনন্য ধর্ম। শিক্ষকদের বিশেষত; ছাত্রবৎসল শিক্ষকদের বিশেষভাবে সম্মান করতেন। সীমিত আর্থিক ক্ষমতা সত্ত্বেও কলেজের লাইব্রেরীকে সমৃদ্ধ করতে আগ্রহী ছিলেন। রাষ্ট্রবিজ্ঞানে সাম্মানিক পাঠক্রম চালু হলে বহু বই -এর অভাব দেখা যায়। সে সব বই কিনতে তিনি কতটা যত্নবান ছিলেন তার একটা উদাহরণ দেওয়া এখানে, অপ্রাসঙ্গিক হবে না। Bhandari র লেখা History of European Political Philosophy, বাঙ্গালোর থেকে প্রকাশিত, কলকাতার বাজারে নেই। সহজ ভাষায় লেখা এই বইটা পাবার জন্য আমি প্রকাশককে চিঠি দিই। উত্তরে জানতে পারি যে, কমপক্ষে তিনটে বই না নিলে তারা পাঠাবে না। অধ্যক্ষ মহাশয়কে বলতে তিনি হাসিমুখে আমাকে অনুমতি দিয়েছিলেন। সে সময়েই কিনেছিলাম Harvey and Bather র British Constitution, এমাজ উদ্দিন -এর লেখা ঢাকার বাংলা একাডেমি থেকে প্রকাশিত 'মধ্যযুগের রাষ্ট্রচিন্তা' বইটাও তখন কলকাতা পুস্তক মেলা থেকে কিনেছিলাম। বাংলা ভাষায় এমন ক্ষুরধার বিশ্লেষমমূলক রাষ্ট্রচিন্তার বই আমি আর একটাও পাইনি। অধ্যক্ষ অনন্তবাবু সম্পর্কে অনেকেই অনেক কথা লিখবেন আশা করি। আমি তাঁর প্রসঙ্গ শেষ করবো দু/একটা অন্য বিষয়ের উল্লেখ করে। এক, শিক্ষক সংসদের সভায় অনেকদিন ওঁর সঙ্গে আমার মতান্তর হয়েছে, কিন্তু মনান্তর হয়নি। এটা প্রমাণের জন্য অনেক উদাহরণ দিতে পারলেও প্রবন্ধের কলেবর বৃদ্ধির কথা ভেবে তা করা উচিৎ হবে না। অপরের বক্তব্যকে না শোনার মানসিকতা আজ আমাদের সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের অন্যতম কারণ বলা বাহুল্য, এই স্বৈরতান্ত্রিক মানসিকতা তাঁর চেতনাকে প্রভাবিত করেনি। দুই, ১৯৭৬ সালে আমাদের নূতন বেতনক্রম ঘোষিত হলেও টাকা পয়সা তখনো কলেজে আসেনি। ঐ বছরেই আমার বোনের বিবাহ উপলক্ষ্যে পাত্র মশাইয়ের কাছে ২/৩ হাজার টাকা

চেয়েছিলাম, উনি টাকাটা তো আমাকে দিয়েছিলেন-ই, পরন্তু আমার পাওনা বকেয়া কলেজে না আসা পর্যন্ত দিন টাকাটার কথা উল্লেখ করেননি। এমনই ছিল তাঁর মানবিকতা। তিনি কলেজের কর্মীদের বেতনের যে প্রতিমাসে কলেজের দেয়, তা তিনি মাসের পয়লা তারিখেই দেওয়ার চেষ্টা করতেন। কলেজের ভাঁড়ারে াজনীয় অর্থ না থাকলে তিনি স্থানীয় দু/একজন ধনী ব্যক্তির কাছে টাকা ধার করতেন এবং যথাসময়ে আমাদের নে দিয়ে দিতেন। পরবর্তীকালে আমরা অন্য সূত্র মারফৎ জেনেছি স্থানীয় কয়েকজন প্রগতিশীল ও রুচিসম্পন্ন ব্যক্তির সঙ্গে তাঁর এই সুসম্পর্কের কথা। অধ্যক্ষের প্রশাসনিক দক্ষতা ও ব্যক্তি মানুষের মানবিক বিচক্ষণতার ন সম্মিলনকে নত মস্তকে প্রণাম জানাই। কলেজে নানা কাজের মাধ্যমে আমি তাঁর স্নেহ ধন্য হয়ে উঠেছিলাম। তঃ এই প্রীতিবশতঃ তিনি বর্ধমানে বিশ্ববিদ্যালয়ের অফিসে এলে আমার বাসায় উঠতেন সকালের দিকে, এক া ভাত খেয়ে বের হতেন। আসলে আমিও আমার পরিবারের সদস্যরা সকলেই এই পিতৃপ্রতিম মানুষটির স্নেহ া থেকে বঞ্চিত হইনি।

১৯৮৩-র জুন মাসে যখন কলেজ থেকে চলে আসি তখন শিক্ষকদের সংখ্যা প্রায় তিরিশের কোঠায়। এঁদের ত্যেকের সঙ্গে আমার সম্পর্ক ছিল আন্তরিকতায় ভরপুর। প্রত্যেকের সম্পর্কে দু-চার কথা লিখতেই হবে। বয়সে হওয়া সত্ত্বেও বরাটদা, প্রশান্ত দা ও বিশ্বনাথ দা'র কাছে পেয়েছি নিবিড় স্নেহ ও প্রশ্রয়। যোগদান করার ৫/৬ স আগে যেদিন প্রথম কলেজে গিয়েছিলাম 'সাক্ষাৎকার' উপলক্ষ্যে, সেদিন-ই বরাটদা আমাদের সকলের সঙ্গে লাপ পরিচয় করেছিলেন। সে পরিচয় ক্রমশঃ নিবিড়তর হয়েছে। সোনামুখীতে এই অজাতশত্রু মানুষটির স্নেহস্পর্শ ন আজও অনুভব করি। স্থিতধী, বিচক্ষণ তরুণদা কলেজের গন্ডী অতিক্রম করে আমরা পারিবারিক জীবনে য়ে উঠেছিলেন অপরিহার্য। বিশ্বনাত দাও বয়সের সীমা অতিক্রম করে আড্ডা জমিয়ে দিতে পারতেন। সঙ্গীত ত্রী, রুচিশীলা বৌদ্ধিক সৌন্দর্যের অধিকারিণী অনিতা দাস -এর মতো ছাত্রবৎসল কৃতি অধ্যাপিকা যে কোন লেজের কাছেই এক সম্পদ। পরবর্তী কালে যাঁরা এই কলেজে শিক্ষকতায় এসেছেন তাঁদের প্রত্যেকের সঙ্গেই শেষ সখ্যতা গড়ে উঠেছিল। বিজ্ঞান বিভাগের ছায়া, তপন, দিলীপ ও কুমারকে স্থায়ী শিক্ষকরূপে কলেজে হণ করার জন্য সে সময়ে আমাদের শিক্ষক সংসদকে নিরন্তর সংগ্রাম করতে হয়েছে একাধারে অধ্যক্ষ মহাশয় বং কলেজ সার্ভিস কমিশনের সঙ্গে। সে দিনের কথা অতীত হয়ে গেলেও আজো স্মৃতিতে উজ্জ্বল। শিক্ষক ন্ধুরা সকলেই ছিলেন নিরঅহংকারী, বিনয়ী, ছাত্রবৎসল এবং মানুষ হিসেবে চমৎকার। সেখানে যেমন ছিল পেন এর মতো রসিক মানুষ তেমনি ছিলেন মুখার্জী দা'র মতো গম্ভীর প্রকৃতির ব্যক্তিও। তাঁরা প্রত্যেকেই জ্ঞান প্রদীপ জ্বালিয়ে মহাবিদ্যালয়কে এক আলোক দীপ্ত প্রতিষ্ঠানে দাঁড় করাতে বদ্ধ পরিকর ছিলেন।

চল্লিশ বছর আগের ছাত্রদের অনেকেরই নাম মনে নেই, কিন্তু তাদের চেহারা এখনো চোখের উপর ভাসে। পাশ্ কোর্সের ক্লাসে সে সময়েও ছাত্রীদের সংখ্যা ভাল থাকতো। আর অন্যান্য সব বিষয়ের তুলনায় রাষ্ট্রবিজ্ঞানের ক্লাসে তাদের সংখ্যা সম্ভবতঃ সর্বাধিক থাকতো। ছাত্র-ছাত্রীদের অধিকাংশই যে গ্রাম থেকে আসতো, তা তাদের চেহারা ও পোষাকে বোঝা যেত। তারা সবাই যে খুব মেধাবী ছিল তা নয়, কিন্তু দুরন্ত ছিল না। পাস্ ক্লাসে, এমন সব তত্ত্ব পড়িয়েছি যা পাঠক্রমের অনেক উর্দ্ধে। কিন্তু সবাই মন দিয়ে সেটা গ্রহণ করতো। সরলমতি ছাত্রদের কাছ

থেকে পেয়েছিলাম বন্ধুত্ব মেশানো সমীহ। বাংলা ভাষায় অনার্স পড়ার নির্দেশ তখনো ছিল না। আমার
আমি যতটা জানি, ছাত্রদের কাছে সেটাকে সহজ করে উপস্থাপিত করা। সোনামুখীর ছাত্ররা আমার কাছ
কতটা উপকার পেয়েছিল সেটা পরিমাপ করা আমার পক্ষে সম্ভব নয়। কিন্তু তাদের পড়িয়ে আমি এমন
প্রস্তুতি অর্জন করেছিলাম যে পরে আর কোনো কলেজেই পড়াতে অসুবিধায় পড়তে হয়নি। অনার্সের ছাত্র-
অনেকেই বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছে, শুধু তাই নয় মহাবিদ্যালয়ে পাঠদানে
কয়েকজন। সবার নাম মনে নেই, কিন্তু সম্মেলনে দেখা হয়েছে দু-একজনের সঙ্গে। একজন ছাত্র স
চাপাডাঙ্গা কলেজে পড়ায়। তুষারকণা ও কৃষ্ণা সম্ভবতঃ রাণীগঞ্জ ও হটচুনা কলেজে পড়ায়। সম্মেলনের
ট্রেনে, রাস্তায় তখানকার ছাত্র-ছাত্রীদের সঙ্গে যখন দেখা হয় তখন হৃদয়ে অন্য অনুরণন সঞ্চারিত হয়।
সোনামুখী কলেজের বাণিজ্য বিভাগের বেশ কিছু ছাত্র মর্যাদপূর্ণ কর্মে নিযুক্ত রয়েছে। কলেজকে ঘিরে
অনন্তবাবুর যে স্বপ্ন তা তাঁর সুদক্ষ পরিচালনার গুণে ঐ দ্বিতীয় দশকেই অনেকখানি বাস্তবায়িত হয়ে ওঠে।
শিক্ষক শিক্ষাকর্মী সকলের বিচিত্র চরিত্র নিয়েই কলেজের জীবন। এই জীবনের পথে সোনামুখী কলেজ অর্ধশত
করলো। শতবর্ষ পূর্ত্তির উৎসব যখন হবে তখন দেশ ও সমাজ, শিক্ষা ও আর্থিক প্রগতি কোন্ রূপ নেবে
অনিশ্চিত। পঞ্চাশ বছর আগেও ভবিষ্যৎ এমনই অনিশ্চিত ছিল। কিন্তু আমরা অতীতের দিকে তাকিয়ে
বলতে পারি যে সমাজের বিবর্তনে এই মহাবিদ্যালয়ের যা করণীয় ছিল, তার অনেকটাই সুষ্ঠুভাবে সম্প
হয়েছে।

সোনামুখী কলেজের দিনগুলো আমার কাছে আজও আনন্দও উজ্জ্বলতায় ভরপুর। এর জন্য কলে
সামগ্রিক পরিবেশের যেমন সদর্থক ভূমিকা ছিল, তেমনই গুরুত্বপূর্ণ ছিল বৈভবহীন, অনাড়ম্বর উষ্ণতম সা
বহু স্মৃতি বিজড়িত সেই 'প্রফেসরস' মেস। কলেজ এবং মেস-এর জন্ম সমকালীন। সম্ভবতঃ প্রশান্ত ব্যা
(অর্থনীতি) এবং দিলীপ দত্ত (ইতিহাস)-দুই অধ্যাপকের সৌজন্যে মেসটির পথ চলা শুরু। দুই অধ্যাপ
উদ্যোগ ছাড়াও বেশীর ভাগ সময়ে আবাসিকদের অধিকাংশ-ই অধ্যাপক হওয়ার সুবাদে মেসটি সঙ্গত কার
'প্রফেসরস' মেস নামে পরিচিতি লাভ করে। বস্তুতঃ দুরান্তের কেউ যখন অধ্যাপনার কাজে যোগ দিয়ে থাকা-খা
ঠিকানা খুঁজতেন তখন অধ্যক্ষ মহাশয় মেস-এর কোন বোর্ডারকে ডেকে তাঁকে আশ্রয় দেওয়ার কথা বলতে
আর ক্রমশঃ মেসের প্রশ্রয় পেয়ে পূর্বের খোলসটাকে ছেড়ে তিনি কখন যেন এক অন্তরঙ্গ সদস্য হয়ে উঠতে
আমি যখন এখানে প্রবেশ করি তখন এই বাড়ীটার (যা এখন শুভম লজ নামে বাঁকুড়া বর্ধমান রোডের পূর্বদি
অবস্থিত) দোতলা ও তিনতলায় সেটি তিন খানা ঘর নিয়ে মেস, বাকী দুটো ঘর নিয়ে প্রশান্ত দা'র সংসার। দিলী
দত্ত বরাবর আশ্রয় নিশ্চিন্ত হয়। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে ইতোপূবে সিদ্ধান্ত পাড়ায় একটা দোতলা বাড়ীতে অন্য এ
মেসে চণ্ডী, আমি ও মুখার্জী দা থাকতাম। সম্ভবতঃ বছর খানেক থাকার পর সে বাড়ীটা আমাদের ছেড়ে দিতে হ
তখন চণ্ডী ও আমি এই মেসে উঠি। প্রায় ৯ বছর ঠিকানার আর কোন বদল ঘটেনি। তবে কেউ কেউ যে
এসেছেন, আবার কেউ কেউ অন্যত্র বাসা করেছেন। কলেজের ২/১ জন জায়গার অভাবে অন্যত্র থেকেছেন কি
খেতে আসতেন মেসে। আমি থাকাকালীন যাঁরা এসেছেন তাঁদের মধ্যে স্বপন, বংশী, ষষ্ঠী ও পিনাকীর সঙ্গে যে
বন্ধুত্ব গড়ে উঠেছিল। রুমমেট (Room mate) হিসেবে দিলীপের সঙ্গে যে নৈকট্য গড়ে উঠেছিল তা আজ চ

দশক ধরে স্রোতস্বিনীর মতোই প্রবহমান। অন্যদিকে অকাল-প্রয়াত তরুণদা'র প্রশ্রয় ও পরামর্শ আমার চলার পথে এমন এক মাত্রা যোগ করেছিল যে তাঁকে নিভৃতে friend, philosopher and guide আসনে বসিয়ে ছিলাম। নবাগত হিসেবে যে সামান্য বেতন পেতাম, তাতে প্রতিদিন প্রোটিন ও ভিটামিন যুক্ত খাবারের আয়োজন করা যেত -না। শাক-সব্জী, মাছ ইত্যাদির প্রাত্যহিক বাজারও খুব উন্নত মানের ছিল না। জল -এর সংকট তো সোনামুখীর সবর্ত্র। আর দত্ত দা যিনি আমাদের রান্না করতেন, তাঁর আপ্রাণ চেষ্টা সত্ত্বেও রান্নাটা কদাচিৎ স্বাদবিশিষ্ট হোত। এতদ্‌সত্ত্বেও এখানে এক প্রাণবন্তা বিরাজ করতো যা ছিল আমাদের তদানীন্তন আনন্দময় কর্মজীবনের অন্যতম প্রেরণা স্বরূপ। সেই প্রাণশক্তির মুল কথা ছিল "Plain living and high thinking." মানুষ গড়ার কারিগর হিসেবে সেটাই ছিল জীবনযাপনের মূল মন্ত্র। আমরা বলতে পারতাম-রূপ নয়, যশ নয়, ধন নয়, বিনাযুদ্ধে জয় নয়, মাছের কালিয়া নয়, কোপ্তা নয়, মাংসের বিরিয়ানী নয়, আমাদের শুধু বোধ দাও, অন্তরের সত্যের বোধ।

নিজ নিজ Class নেওয়ার সময়ানুসারে আমরা আগে পরে বের হতাম মেস হতে। রথতলা হতে সোজা আম-কাঠালের বাগানের মাঝখান দিয়ে, DVC র কোয়াটার্সের ভেতর দিয়ে আমরা কলেজে যেতাম। ফিরতাম সবাই একসঙ্গে প্রধান রাস্তা ধরে। হয় ভজ বাঁটের দোকনে অথবা রথতলায় কোনো দোকানে টিফিন খেয়ে মেসে ফিরতাম।

১৯৬৭ বর্ধমান রাজ কলেজ থেকে রাষ্ট্রবিজ্ঞানে অনার্স গ্রাজুয়েট,

১৯৬৮ - ১৯৭৩- পাত্রসায়ের ও বামিরা বিদ্যালয়ে এবং গলসী হাইস্কুলে শিক্ষকতা, পাশাপাশি এম. এ. এবং বি. এড্ ডিগ্রি অর্জন।

১৯৭৪-১৯৮৩- সোনামুখী কলেজে কর্মরত। ১৯৮৩ - ২০০৬- মেমারী কলেজে কর্মরত।

১৯৯১ - এম্. ফিল, ১৯৯৬-পি. এইচ ডি. বর্তমানে U.G.C. র অধীনে গবেষণা মুলক কাজে রত।

সন্ধ্যায় ঘন্টা তিনেক পড়তাম, পরের দিনে Class নেওয়ার জন্য। সম্ভবতঃ ১৯৭৬ - ১৯৭৭ সাল থেকে রাষ্ট্রবিজ্ঞানে সাম্মানিক পাঠক্রম চালু হয়। বিভাগে চণ্ডী ও আমি ছাড়া তৃতীয় কোনো শিক্ষক না থাকায় কাজের চাপ থাকতো যথেষ্ট। সে কারণেই নিজেকে তৈরী করার প্রশস্ত সময় ছিল এটাবিষয় সম্পর্কে যদি একটু আধটু কিছু শিখে থাকি তা এ সময়েই, ছাত্রাবস্থায় নয়রাতে খাওয়ার শেষে প্রশান্ত দা'র ঘরে জমে উঠতো আমাদের কয়েক জনের আড্ডা যা ছিল প্রাণ সঞ্চারে এক ঝলক দখিনা হাওয়া। মন তখন গেয়ে উঠতো ঃ—

আজ আলোকের এই ঝর্ণাধারায় ধুইয়ে দাও।

আপনাকে এই লুকিয়ে রাখা ধুলার ঢাকা ধুইয়ে দাও।

আজ থেকে ৫২ বছর আগে সোনামুখী যাওয়া খুব সহজ ছিল না। দামোদর -এর ওপর কৃষক সেতু হয়নি। বর্ষাকালে দুর্গাপুর হয়ে আসার ফলে রাত ১১/১২ টায় সময় বর্ধমানে পৌছাতাম, স্বপন থেকে যেত আমার বাসায়, রবিবার সকালে যেত কলকাতায়। শহরে আধুনিক জীবন যাপনের সুযোগ সুবিধার অভাব ছিল। বাজার 'চৌমাথা'র ভীড় ও জটিলতা কাটিয়ে কলেজে যেদিন প্রথম প্রবেশ করেছিলাম সেদিন কিন্তু অনেক বিরক্তি দূর হয়ে গিয়েছিল

বনাঞ্চল সন্নিকটে কোলাহল বর্জিত প্যাটার্নের একতলা বিল্ডিংটা দেখে। বিদ্যাচর্চার আদর্শ স্থান হিসেবে তাকে বরণ করেছিলাম। ঐ মুগ্ধকর পরিবেশ ছাড়াও অধ্যক্ষ ও অধ্যাপকদের সাদর আমন্ত্রণ আজও আমার হৃদয়ে অমলিন। সোনামুখীর সমাজজীবন ও কলেজের বিকাশ প্রসঙ্গে আরও কিছু লেখার আবেগকে সংবরণ করতেই হচ্ছে। সব শেষে কলেজকে সম্ভাষণ করে সেই সোনালী দিনগুলো স্মরণ করি রবীন্দ্রনাথের গানের ভাষায়—

আমার জীবনপাত্র, উচ্ছলিয়া মাধুরী করেছ দান
তুমি জান নাই, তুমি জান নাই,
তুমি জান নাই তার মুল্যের পরিমাণ।।
যারে জান নাই, যারে জান নাই, যারে জান নাই
তার গোপন ব্যথার নীরব রাত্রি হোক আজি অবসান।।

সোনামুখী কলেজে কর্মময় জীবনের দিনগুলি

দেবব্রত কর্মকার

[প্রাক্তন ক্যাশিয়ার]

সালটা ১৯৭৪ এবং তারিখ ২৪ শে অক্টোবর। সোনামুখী ব্যোমশঙ্কর জুনিয়ার হাইস্কুলের প্রধান শিক্ষকের থেকে ইস্তফা দিয়ে ১৯৭২ সালে কলেজে 'ক্যাশিয়ার' পদে নিয়োগ পরীক্ষায় প্রথম হওয়ার সুবাদে কলেজে শ করলাম। অনেকের মনে প্রশ্ন জাগতে পারে কেন স্কুলের গন্ডী ছাড়লাম। কিন্তু বেশী কথা না বলে শুধুমাত্র র সাধুসঙ্গ (নারায়ণ গিরি) ছেড়ে কলেজের এক মহীরুহের ছত্রছায়াতে এলাম। এই মহীরুহটির নাম পরমশ্রদ্ধেয় প্রতিম প্রতিষ্ঠাতা অধ্যক্ষ "অনন্তলাল পাত্র। প্রথমদিন কলেজ ঢোকার মুখে প্রণাম করে প্রবেশ করলাম। া ১১টার কিছু আগেই প্রবেশ করে অফিসঘরে হাজিরা খাতায় সহি করে দেখলাম অধ্যক্ষের চেয়ারে শ্রদ্ধেয় মশায় উপবিষ্ট। তাদেখে তাৎক্ষণিক মনে মনে লজ্জা এবং ভয় বিরাজ করছিল। প্রথম দু'একদিন বাদ চেষ্টা তাম যে অধ্যক্ষ মশায়ের আসার আগে যেন কলেজে প্রবেশ করি। কর্মজীবনের শেষ দিন পর্যন্ত এই অভ্যাস য় ছিল। অধ্যক্ষ মহাশয়ের ঘরেই একধারে টাইপ মেশিন ছিল। সেই মেশিনের চেয়ারে আমার কলেজের কৃত্রিম এবং অভিন্ন হৃদয় কর্মীবন্ধু সাধনরাম যাদব টাইপিষ্টের চেয়ারে বসে কাজ করত। পরে ১৯৮০ সালে কালীন বড়বাবু 'ভক্তিভূষণ দে মহাশয়ের অবসর নেওয়ায় সাধনবাবু বড়বাবু হিসাবে মনোনীত হন। এই নবাবুই আমার কর্মজীবনের প্রকৃত শুভাকাঙ্খী ও বন্ধু ছিলেন। উনি ২০০৭ এর ৩১শে জানুয়ারীতে অবসর ওয়ার পর নিজ পৈতৃক বাসভূমি আজমগড়ে (উঃ প্রদেশ) চলে যান। আজও তিনি প্রায়শই আমার সাথে বাইলে যোগাযোগ রক্ষা করে চলেছেন। আমারও অবসর গ্রহণের বার বছর অতিক্রান্ত।

আমি প্রথম থেকেই প্রতিবাদী চরিত্রের মানুষ। কর্মজীবনে আমার একমাত্র ব্রত ছিল– 'কাজকে আমি ভয় রিনা কাজ আমাকে ভয় করে'। তাই কর্মজীবনের প্রতিটি মুহূর্তে আমি নিষ্ঠা সহকারে সকল ছাত্র-ছাত্রী এবং কচারীদের তাৎক্ষণিক সাহায্য করতাম। এই কাজের প্রতি নিষ্ঠার জন্য বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় র্মীগণ আমাকে যথেষ্ট ভালবাসতেন।

ছাত্রাবস্থা থেকে কর্মজীবন পর্যন্ত আমি 'Regular Attendance' হিসাবে অতি পরিচিত ছিলাম। কলেজের মস্ত ষ্টাফের মধ্যে আমারই কমছুটি নেওয়ার রেকর্ড আছে। আমি ছিলাম ক্যাশিয়ার। তাই ক্যাশিয়ারের সমস্ত াজ সেরেও আমাকেই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত সমস্ত কাজ সামলাতে হত। অফিসার অন্যান্য র্মীও আমাকে যথাসাধ্য সাহায্য করতেন।

কলেজে এক ঘটনা আমার আজীবন মনে থাকবে। কলেজে যখন উচ্চ মাধ্যমিক পাঠক্রম চালু হয় একবার পরীক্ষার ফরম পুরণ ব্যাপারে তৎকালীন অধ্যক্ষ শ্রী সমীর সান্যাল মহাশয়কে ফরমে স্বাক্ষর করার প্রয়োজন হয়। কিন্তু উনি অফিসে কাউকে না জানিয়ে চুপচুপ্ বেলা ৪টার গাড়ী ধরবার জন্য রতনগঞ্জ বাসস্টপে চলে যান।

পরদিনই সমস্ত পরীক্ষার ফরম জমা দেওয়ার শেষ তারিখ। আমি তাৎক্ষণিক সাইকেলে হন্তদন্ত হয়ে বা
গিয়ে দেখি 'রাজধানী' বাসের ড্রাইভার কেবিনে বসে আছেন। আমি তড়িঘড়ি উঠে অধ্যক্ষ মহাশয়কে ব
এক্ষুনি বাস থেকে নামুন এবং কলেজে গিয়ে ফরমগুলোতে স্বাক্ষর করে পরের গাড়িতে যাবেন। উনিও নাছো
আমিও নাছোড়বান্দা। শেষ পর্যন্ত উনি আমাকে বললেন 'Mr. Karkakar don't to be Childish'। আমি
আপনি এর জন্য যা করার করবেন আগে কলেজে চলুন। উনি তখন নিচে নেমে কলেজের দিকে পা বা
প্রায় একঘন্টা সময়ের মধ্যে পরীক্ষার ফরমগুলি সহি করে পরের বাসে চাপলেন এবং বিষ্ণুপুর গেলেন। এ
উনি আমাকে 'শো-কজ' করতে পারতেন। কিন্তু না তিনি পরদিন হতে কোন কাজ-বাকী আছে কিনা আমা
জেনে তবে গাড়ি চাপতেন। এই ছিল আমার নির্ভীক সংগ্রাম। এই ঘটনা আমাকে প্রচারের আলোয় এনে

প্রতি বছর ভর্তির সময় ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবক/অভিভাবিকাদের ভিড় লেগে থাকে। এই
সামলাতে সকল অফিস স্টাফদের হিমসিম অবস্থায় পড়তে হয়। অধ্যক্ষ মহাশয়ের অনুরোধে আমিও
হলঘরে যেতে বাধ্য হই। সেই সময় ছাত্র-ছাত্রীদের পিতা/মাতা এমনকি দাদামশায় শুদ্ধ সবাই 'দেবুদা'
চিৎকার করে যাতে অবিলম্বে কাগজপত্র ঠিক আছে কিনা পরীক্ষা করে কাউন্টারে পাঠাই। সকলের এই '
ডাকটা আমাকে আবেগতাড়িত করে দিত। এই ডাকটাই আমাকে ত্বরিত কাজটা করতে উদ্বুদ্ধ করত। অ
গ্রহণের পর সেই সমস্ত ছাত্র/ছাত্রীগণ কোন জায়গায় দেখা সাক্ষাৎ হলে বলে 'দেবুদা' কেমন আছেন। প্র
আমি বলি তোমাদের 'দেবুদা' ডাকটাই আমাকে ভাল থাকতে সাহায্য করছে। সাথে সাথে একথাও ভা
সকলকে ভালোবাসতাম বলেই হয়ত তারা আমাকে ভালবাসে।

আজ কলেজ NAAC -এ উন্নিত হয়েছে। পুরো বিল্ডিংটাই দ্বিতলে পরিণত হয়েছে। সারা কলেজ নীল
রঙে রঞ্জিত হয়েছে। দেখতে ভালোই লাগছে। তাই পরিশেষে বলি সকলেই ভালো থাকুন ছাত্র-শিক্ষক-
একসাথে পারস্পরিক সম্পর্ক বজায় রাখুন ছাত্র-ছাত্রীরা যাতে আরোও ভাল পরিষেবা পায় তার জন্য শি
কর্মীগণ সজাগ থাকুন তবেই সোনামুখী কলেজ আরও উন্নতির দিকে এগিয়ে যাবে এবং বাঁকুড়া জেলা
বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে নাম করা কলেজ রূপে পরিগণিত হবে।

আমাদের কলেজ

দেবব্রত চ্যাটার্জী

[অবসরপ্রাপ্ত প্রধান করণিক]

৩৭ বৎসর কলেজের চাকুরীজীবন সমাপন শেষে অবসর গ্রহণ করলাম ২০১৯-এর জুন মাসে। কলেজের পক্ষ থেকে একটি পত্রিকা প্রকাশ হবে সেজন্য এই পত্রিকা সাব-কমিটির তরফ থেকে অধ্যাপক ইন্দ্রজিৎ দাশ এবং অধ্যাপক সুপ্রিয়া সাহা কিছু লেখার জন্য অনুরোধ করায় এই লেখার জন্য অনুপ্রাণিত হয়ে কিছু কথা লেখার মাধ্যমে প্রকাশ করার ইচ্ছা করছি।

আমার এই কলেজে শুধু কর্মজীবনের ৩৭ বৎসর নয়, তার আগে এখানেই আমি পড়াশোনা করেছি তিন বৎসর। তাই স্বাভাবিকভাবেই ছাত্রজীবনের কিছু স্মৃতি যা আজও স্মৃতিতে অমলিন সেগুলিও উল্লেখ করছি।

আমরা যে কলেজে ছাত্র ছিলাম (১৯৭৬-৭৯) তখন এখনকার মতো কলেজ এত বড় ছিল না সামনের কয়েকটি ক্লাসরুম (১ থেকে ৭নং রুম) সিঁড়িতে উঠেই Principal এর Room। তার পাশেই ছোট দু'টি অফিসঘর পিছনে বামদিকে ছিল খড়ের চালা ও টিনের ঘর (এখন যে জায়গায় Library হয়েছে) পাশে বিশ্বনাথ দত্তের সিনেমা হল পরিত্যক্ত ছিল। সেখানে আমাদের সর্বজনীন দাদু ৺কানাইলাল চক্রবর্ত্তীর ক্যান্টিন যেটি দাদুর ক্যান্টিন বলে খ্যাত ছিল। চারপাশে গাছগাছালি, প্রাকৃতিক পরিবেশে বেড়ে ওঠা মহীরুহ যথা শাল, কেঁদ, মহুয়া, হরিতকি, বহেড়া ইত্যাদি গাছ। আর কলেজে ঢোকার মুখেই ছিল দু'পাশে ছাতার মতো দুটি শ্যাওড়া গাছ। কালের নিয়মে পরিকাঠামো উন্নয়নের জন্য অনেক গাছের অস্তিত্ব নেই, পাশাপাশি প্রচুর গাছ নতুন করে রোপণ করা হয়েছে। এবারে শিক্ষক মহাশয়দের কথা বলি। প্রথমেই অধ্যক্ষ মহাশয় অনন্তলাল পাত্র মহাশয়ের কথা – প্রতিদিন বাড়ী থেকে কলেজে ঢুকেই একবার গোটা কলেজের শ্রেণীকক্ষ প্রদর্শন করতেন হাতে একটা বাঁশের বেত থাকতো। কোনো ছাত্র ক্লাসের বাইরে থাকলে বেতের ঘা পড়ত পিঠে। অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী এই মানুষের ছিল বহুমুখী প্রতিভা। আমরা ছিলাম কমার্সের ছাত্র। উনি ছিলেন সংস্কৃতে M.A.। কিন্তু Commerce-এর Com. Math এবং Statistics-এর ক্লাসও নিতেন। বাণিজ্য বিভাগে পাশ, অনার্স দুটোই Stream ছিল এবং এই বিভাগের বিরাট নাম ছিল। লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপকরা সর্বশ্রী বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়, তরুণ মুখার্জী, লক্ষ্মীনারায়ণ দত্ত, পদ্মলোচন গাঙ্গুলী এই বিভাগের শিক্ষক ছিলেন।

আর্টসেও পাশ ও অনার্স দুটি বিষয়ে পড়ানো হত। সে সময় অধ্যাপক রাধারমণ দাস (দর্শন), অধ্যাপিকা অনীতা দাস, বাংলা বিভাগের অধ্যাপক রাধাগোবিন্দ বরাট, ড. স্বপন দে, ইংরাজীর স্বনামধন্য অধ্যাপক হরিসাধন মুখার্জী, দীপেন চৌধুরী, অধ্যাপক চণ্ডীবাবু, জহরবাবু (পরে মেমারী কলেজে যোগ দেন), সংস্কৃতের জীতেন্দ্রনাথ ভাণ্ডারী, ইতিহাসের অধ্যাপক দিলীপ দত্ত, অর্থনীতির অধ্যাপক প্রশান্ত ব্যানার্জী, দেবব্রত দত্ত (D.B.D.) – এঁরা ছিলেন সমসাময়িক শিক্ষক। ছাত্রজীবনের শেষের দিকে অধ্যাপক বংশীবদন দে (সংস্কৃত বিভাগ), অধ্যাপক

সামসুল আলম (রাষ্ট্রবিজ্ঞানের) শিক্ষক হয়ে আসেন। বিজ্ঞান বিভাগের পড়াশোনা শুরু হয়। অধ্যাপক নি পাত্র, শচীন্দ্রনাথ কুমার, তপন নাগ, অধ্যাপিকা ছায়া মুখার্জী প্রমুখরা প্রথম নিযুক্ত হন।

কলেজে নিয়মিত পড়াশোনার পাশাপাশি খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, নবীনবরণ সবই হত। ছাত্র-শি সম্পর্ক অত্যন্ত ভালো।

আমাদের সময়ে শিক্ষাকর্মী ছিলেন ভক্তিভূষণ দে (Head Clerk), মিহির মুখার্জী (Librarian), সাধনা যাদব। দেবব্রত কর্মকার, চতুর্থ শ্রেণীর কর্মীদের মধ্যে খগা বাহাদুর, ভজহরি দে, জয়দেব লোহার, শম্ভু বাউ বামাচরণ আঁকুড়ে, মুরলীমোহন মুখার্জী, শ্রীমতী রাশি ঘোষ। প্রত্যেকেই ছিলেন একনিষ্ঠ কর্মী।

যাঁদের কথা উল্লেখ করলাম পরবর্তীকালে কর্মজীবনে প্রবেশ করে অনেককেই পেয়েছি। অধ্যক্ষ অনন্তল পাত্র মহাশয় ৩১.১০.৮১ তারিখে চাকুরী থেকে অবসর নেন। পরবর্তীকালে ভারপ্রাপ্ত অধ্যাপক হিসাবে বিশ্ব বন্দ্যোপাধ্যায় মহাশয় দায়িত্ব নেন। উনি আমার শ্রদ্ধেয় শিক্ষক নন, আমার নিয়োগকর্তা। উনি T.I.C থাকাকা ১৯৮২ সালের ২২শে জুন এই কলেজে আমি এবং রবিশংকর সিদ্ধান্ত একই দিনে চাকুরীতে জয়েন করি। আমার স্কুলজীবন, কলেজ জীবন ও কর্মজীবনেও সুহৃদ।

এই দীর্ঘ কর্মজীবনে অনেক শ্রদ্ধেয় শিক্ষক থেকে শুরু করে বিভিন্ন সরকারী আধিকারিক থেকে আরম্ভ ক সহকর্মীদেরও আন্তরিক সহযোগিতা ও সহৃদয়তা পেয়েছি যা আমার স্মৃতিতে অমলিন হয়ে থাকবে। ছাত্র সাথে কারোরই সম্পর্ক তিক্ততার পর্যায়ে কখনো কখনো গেলেও সেটা স্বাভাবিকভাবেই কোনদিন দীর্ঘস্থায়ী হয় উন্নয়নের ব্যাপারে কলেজে সকলেই যুক্ত থেকে এই ধারাকে অব্যাহত রেখেছেন। কলেজে ২৫ বৎসর পূ অনুষ্ঠান হয়েছিলো অত্যন্ত সাড়ম্বরে তখন অধ্যাপক রাধাগোবিন্দ বরাট মহাশয় কলেজের অধ্যাপক ছাড়া পৌরস চেয়ারম্যান ছিলেন। তার যোগ্য নেতৃত্বে নানান ধরণের সাংস্কৃতিক অনুষ্ঠান হয়, তার মধ্যে প্রাক্তন অধ্যা আশীষ খাস্তগীরের ব্যবস্থাপনায় মধ্যমগ্রামের একটি নৃত্যগোষ্ঠী একটি সুন্দর নৃত্যানুষ্ঠান করে।

প্রতিষ্ঠাতা অধ্যক্ষ অনন্তলাল পাত্র মহাশয় এসেছিলেন, ওনার স্ত্রী আমাদের শ্রদ্ধেয়া মাসীমাও উপস্থিত ছিলে তাঁর কলেজ গড়ার ইতিহাস সুন্দরভাবে ব্যক্ত করেছিলেন। শরীর অসুস্থ থাকা সত্ত্বেও তাঁর এই ভাষণ আজও ম পড়ে।

যত দিন গেছে কলেজ আরো অনেক বড়ো হয়েছে, তারা নিজ নিজ চেষ্টায় কলেজের প্রভূত উন্নতি করেছে পঃবঃ সরকারের অর্থানুকূল্যে বিশাল Central Library, Canteen, Administrative Building নির্মিত হয়ে অনুদানে অন্যান্য শ্রেণীকক্ষ Boys' Hostel, Girls' Hostel (নির্মীয়মান), যার ফলে আগামী দিনে ছাত্রাবা সমস্যা থাকবে না।

কলেজের তহবিল থেকেও পরিকাঠামোর অনেক উন্নয়ন হয়েছে Conference Room, সুদৃশ্য বাগা আভ্যন্তরীণ রাস্তা এবং বিজ্ঞানাগারও আধুনিক সরঞ্জাম সমৃদ্ধ হয়েছে। ২০১৬ সালে 1st Round NAA Accreditation হয়েছে। কলেজের অধ্যক্ষ ড. বাপ্পাদিত্য মণ্ডল মহাশয়ের সুযোগ্য নেতৃত্বে সোনামুখী কলে B-Grade পেয়েছে। ড. স্বপন সামন্ত IQAC Co-Ordinator অক্লান্ত পরিশ্রমে ও সকলের সহযোগিতায়

সাফল্য প্রাপ্তি। আগামী দিনেও NAAC Accrediation এও কলেজে আরও বড়ো সাফল্য পাবে আশা করা যায়।

নতুন নতুন কোর্স, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (NSOU) স্নাতকোত্তরের পড়াশোনার মাধ্যমে প্রত্যন্ত এলাকার ছাত্র-ছাত্রীরা উপকৃত হবে এবং জেলার শিক্ষা মানচিত্রে একটি বিশিষ্ট স্থান দখল করবে – এই আমার দৃঢ় বিশ্বাস। স্বল্প পরিসরে লেখায় যদি কোন ভুল-ত্রুটি থেকে যায় তার জন্য ক্ষমা চেয়ে নিচ্ছি। আমার প্রিয় সোনামুখী কলেজের সর্বাঙ্গীণ উন্নতি ও শ্রীবৃদ্ধি কামনা করে শেষ করলাম।

স্টাফরুম

ইন্দ্রজিৎ দাশ
[এ্যাসোসিয়েট প্রোফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ]

ক্লাস তখনো শুরু হয়নি। স্টাফরুম। অনেকেই ব্যস্ত। কেউবা গল্পে মশগুল। বোমাটা ফাটালেন দি
(পাত্র) দা। 'ইন্দ্র, গণশক্তির এই খবরটা পড়'। হতবাক হয়ে গোটা স্টাফরুম দেখল ছবিসমেত এক অধ্যাপ
জীবনাবসানের খবর। পীযূষ বন্দ্যোপাধ্যায় , এ-কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আমাদেরই প্রাক্তন এক সহক
পরবর্তী সময়ে কোলকাতা বিদ্যাসাগর কলেজে চলে যায়। সমবয়সী। হাসি-খুশি, দিলখোলা মানুষ ছিল পী
স্বল্পসময়ে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছিল। এ্যাত্তো কমবয়সে! নিয়তি কি তা আমার কাছে সংজ্ঞায়িত হল।
অনুভব করলাম অব্যক্ত বেদনা কিভাবে গলা পর্যন্ত এসে আটকে যায়।

জীবন মানেই ঘাত-প্রতিঘাত। চড়াই-উৎরাই। এক কঠিন সংগ্রাম। সব্বাই চলে যায়। সময়ে-অসম
একদিন। কোনও একদিন। তবু সংগ্রামী জীবনে কেউ কাউকে এক ইঞ্চি জমি ছাড়তে নারাজ। সহানুভূতির
থাকে সাময়িক। লড়াইটা থেকে যায় স্রেফ ভুক্তভোগী পরিবারের। নিজের সঙ্গে নিজের। শেষপর্যন্ত। আ
দেখা অনেক সহকর্মীকেই কালে-অকালে পৃথিবীকে বিদায় জানাতে দেখেছি। অধ্যাপক রাধাগোবিন্দ বরাট, হরিস
মুখার্জী, দীপেন্দ্র নারায়ণ চৌধুরী, সিদ্ধার্থ ব্যানার্জী, অনীতা দাস, রাধারমণ দাস, তরুণ মুখার্জী, লক্ষ্মীনারায়ণ
পদ্মলোচন গঙ্গোপাধ্যায় এবং শিক্ষাকর্মী বন্ধু মুরলীমোহন মুখার্জী, রাশি ঘোষ, বামাচরণ আঁকুড়ে, ভজহরি
লম্বা এক সফরনামায় স্মৃতিশক্তি হয়তো ক্ষণিকের জন্য বিভ্রান্ত হতে পারে। কিন্তু অমোঘ এই পার্থিব নিয়
ব্যতিক্রম কেউই হতে পারি না। চন্দ্রায়ণের যুগে বিজ্ঞানীদের দাবি আড়াইশ বছরের দীর্ঘজীবনের অধিকারী
নাকি ইতিমধ্যেই পৃথিবীতে জন্মগ্রহণ করে ফেলেছে; কিন্তু সৌভাগ্য (!) আমাদের লড়াইটা সীমিত সময়ে
'মেমারিজ ওয়ার্ম ইউ আপ ফ্রম দ্য ইনসাইড। বাট দে অল্সো টীয়ার ইউ অ্যাপার্ট।'

সময়ের সঙ্গে দিনের সম্পর্ক খুবই নিবিড়। সময় পাল্টায়। প্রতীক্ষায় থাকে আরেকটা দিন। সঙ্গে আ
পরিবর্তন। প্রযুক্তির পরিবর্তন উন্নয়ন-অভিমুখী। তাল মিলিয়ে সনাতন স্টাফরুম বদলে গেছে। বসেছে এ.সি
টি.ভি। সদস্যরা এক-এক করে পেয়ে গেছেন স্বতন্ত্র বিভাগীয় ঘর। সে-ঘরে রয়েছে আধুনিক প্রযুক্তিগত হাতিয়
ল্যাপটপ, ডেস্কটপ, সাউন্ড বক্স, এ.সি, ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, কোনোটা আবার ভার্চুয়
ক্লাশরুম। পর্যাপ্ত পড়াশুনোর সুবিধে গবেষণাধর্মী কাজে নিরত শিক্ষকদের পক্ষে সহায়ক হয়েছে। তবে অপ্রা
ঘটেছে কিছু কৌতুকোদ্দীপক কথাবার্তা কর্ণগোচর হওয়া।

গ্রীষ্মের দাবদাহের এক দুপুর। স্থান স্টাফরুম। কথোপকথন চলেছে নীচুস্বরে। প্রশ্নকর্তা ও উত্তরদা
উভয়েই উদাস। হঠাৎ–সিদ্ধার্থদা–দেবুদা, চলুন না অযোধ্যা পাহাড় ঘুরে আসি।

দেবুদা – শোনো সিদ্ধার্থ, যাওয়াই যখন হবে না তখন একটু দূরে কোথাও ঘুরে আসি। – এই সিমলা-টিম

........।

[illegible] – কেন?

দেবুদা – তাহলে অনেক পয়সা বাঁচবে।

অর্থনীতি বিভাগের প্রাক্তন অধ্যাপক এই আমুদে (witty) দেবুদাকেই দেখেছিলাম রথতলায় পেছনে তেলের টিন-বোঝাই এক বাসে উঠতে। অন্য এক সহযাত্রী বলে উঠলেন, 'এ্যাত্তো তেল, কে নিয়ে যাচ্ছে?' দেবুদার প্রত্যুত্তর, 'কে নিয়ে যাচ্ছে সেটা বড় কথা নয়, বড় কথা হল – কাকে দেওয়ার জন্য নিয়ে যাচ্ছে!'

নিজের অজান্তেই শব্দ নিয়ে খেলা আমার অভ্যাস। কিম্বা হয়তো বদভ্যাস। একবার স্টাফরুমে প্রকাশনী [illegible] এক 'আনন্দাসরে' আমায় ধন্যবাদ জানানোর প্রত্যুত্তরে বলেছিলাম – ধন্য-টাই বাদ দিয়ে দিলেন। স্বপনদা (বাংলা) বললেন, 'ইস্, তোরা এই শব্দ নিয়ে খেলাটাকে কি বলে জানিস? – পানিং।' স্বপনদা নিজেও ছিলেন [illegible] মানুষ। বড় মনের অধিকারী। ক্রিকেট-ফুটবল দুই খেলাতেই সমান পারদর্শী বাংলার আরেক অধ্যাপক আশিস খাস্তগীরের ছিল গানের অপূর্ব গলা। মনে পড়ে কলেজের অনুষ্ঠানের জন্য উনি আমাকে দিয়ে একটু ভালোবাসার জোর খাটিয়ে দু'টো গান লিখিয়ে নিয়েছিলেন। একটা বিদ্যাসাগর-এর সেমিনারে, অন্যটা রজত জয়ন্তী বর্ষে। আমি আদৌ গীতিকার নই। তবে, সুরকার তথা গায়কের গুণে দু'টো গানই সমাদৃত হয়েছিল। রজত জয়ন্তী বর্ষের গানের লাইনগুলো ছিল এইরকম–

এক পা দু'পা করে চলতে পথে
পঁচিশ বসন্ত পেরিয়ে এলাম
এই সীমানার এই ঠিকানায় খবর পেলাম
স্বপ্নের দিনগুলো ফিরে ফিরে আসে যেন
তবু কেন সবকিছু দূরে সরে।
স্মৃতি যেন অকপটে জীবন কবিতাখানি
পড়ে পড়ে যায় ....।

[illegible]বাবু বললেন, 'নাথিং ইজ্ এভার লস্ট টু আস এ্যাজ লং এ্যাজ উই রিমেম্বার ইট।'

তখন অল্পবয়সী অধ্যাপকদের মেস নামে একটা জোটবদ্ধ সংসার ছিল। দৌড় ছিল স্টাফরুম পর্যন্ত। তবে ছিল অফুরন্ত প্রাণশক্তি। পরিচিতি ছিল 'মেষশাবক' রূপে, সেখানে পরপর আমার রুমমেট ছিল যথাক্রমে [illegible] – ড. তাপস বসু (বর্তমানে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে) এবং ড. বাপ্পাদিত্য মণ্ডল। প্রসূন নামে বাঙলা বিভাগের (বর্তমানে কোলকাতা বিশ্ববিদ্যালয়) এক তরুণ অধ্যাপক আমার মাত্রাতিরিক্ত আড্ডার দেখে প্রশ্ন করেছিল, 'হাঁ বাপ্পাদা, তুমি হন্দ্রদার রুমমেট হওয়ার পরে পি.এইচ.ডি করেছিলে, না আগে?' তখন বাপ্পার [illegible] নিরীহ গোবেচারা চেহারাটা দেখে কখনই ঠাহর করতে পারিনি, এই বাপ্পাদিত্য মণ্ডলই একদিন অধ্যক্ষ হয়ে দক্ষ প্রশাসকের ভূমিকায় অবতীর্ণ হবে। দক্ষ বলছি এ-কারণেই, যে পারদর্শিতা ও দূরদর্শিতা দেখিয়ে কলেজকে 'ন্যাক' উত্তীর্ণ করিয়ে দিয়েছে তা অকল্পনীয়। একধাক্কায় কলেজে পরিকাঠামোগত পরিবর্তন এসেছে। সঙ্গে হয়েছে চোখ-ধাঁধানো কনফারেন্সরুম, ঝাঁ-চকচকে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং, সায়েন্স বিল্ডিং। এখন আমরা পরবর্তী ন্যাক উত্তরণের লক্ষ্যে বায়োমেট্রিক এ্যাটেন্ড্যান্সে ছাপ দিয়ে সি.সি.টি.ভি-র রক্তচক্ষু উপেক্ষা করে

সাবলীল কাজ করে যাই। পারদর্শী, কর্মদ্যোগী নবনিযুক্ত অধ্যাপকেরা আগামী দিনেও কলেজকে নতুন দিশা-
যোগাবে তা বলাইবাহুল্য। বুঝতেই পারি, কারো স্থান কখনো অপূর্ণ থেকে যায়না।

'পুরানো সেই দিনের কথা ভুলবি কি রে হায়।' ভোলা যায় না। চট করে। 'দাদুর ক্যান্টিন।' ঐ-না
পরিচিত ছিল। সহযোগী ছিল ফটিক ওরফে ফটকে। পাওয়া যেত মিষ্টি-পাঁউরুটি-চা আর ঘুগনি। সময় পে
স্টাফরুম থেকে হাঁটা লাগাতাম ছোট্ট সেই ক্যান্টিনে। পাশে ছিল বিশালাকার এক উইঢিবি। এখন সে-ক্যা
নেই, উইঢিবিটাও নেই, মায় ঘরটার অস্তিত্বও নেই। ক্রমশঃ তপন ও বুলুর ক্যান্টিন। রুটির আমদানি
স্টাফরুমে পৌঁছে যেত অর্ডারও। এখন হাতবদল হয়ে সে-ক্যান্টিন পরিচালনার দায়িত্ব অমিত শিবুর।
ক্যান্টিন এখন বিশালাকার। ভাত-রুটির সঙ্গে অমিল নেই আধুনিক ফাস্টফুড। এগরোল, চাউমিন, চি
পকোড়া, এগটোস্ট, মোগলাই-এর। সময় পেলেই স্টাফরুমের সদস্যরা এখন ক্যান্টিন-মুখো।

পড়ানোর ফাঁকে ক্রীড়াপ্রেমিক স্বপনদা (বাড়ুলা) স্টাফরুমে বসে পরিকল্পনা ফাঁদতেন বা বলা ভালো
কষতেন কবে ছাত্রদের সঙ্গে খেলা যায়। স্বপনদা ব্যাটিং-এ আমার সঙ্গে ওপেনিং এ যেতেন। খেলা হত ডি
বলে। কিন্তু হেলমেট ছিল না। ক্রিজের অন্যপ্রান্তে দাঁড়িয়ে দেখতাম স্বপনদা কিরকম সাবলীল ভঙ্গিতে ব্যা
একদম মাঝ-বরাবর খেলে বলকে বাউন্ডারী লাইনের ওপারে পাঠিয়ে দিচ্ছেন। তখন কমার্স বিভাগের দুর্গাপু
দুই ছাত্র পেস বোলিং-এ বর্ধমান জেলার প্রতিনিধিত্ব করত। আমাকে আউট করতে না পেরে পরপর বাউ
দিয়েছিল। তখনকার টিচার ইন-চার্জ প্রশান্তবাবু এগিয়ে এসে ছেলে দু'টোকে সাবধান করে গেছিলেন।
ভলিবলে বিশ্বনাথবাবুর সার্ভিস ফেরানো ছেলেদের পক্ষে ছিল দুষ্কর। ফুটবলে স্বপনদার কর্ণার থেকে সোয়া
কিকে গোল এখনো চোখে ভাসে। সিদ্ধার্থদার দক্ষতার চেয়ে প্রস্তুতির বহর ছিল চোখে পড়ার মতো। উনি
আর আমাদের মধ্যে নেই। কিন্তু স্মৃতি রয়ে গেছে। এখনো তা অমলিন। খেলা শুরুর আগে স্টাফরুমে শর্টস-
পরে বেঞ্চে শুয়ে ভৈরবদাকে বলেছিলেন, 'এ্যাই, আমার বডিটা একটু ম্যাসেজ করে দে তো' অথচ মূল
ওনার জায়গা হয়নি। উইং-এ জয়দেবদা আর বংশীদার হেড করার দক্ষতা ছিল দর্শনীয়। স্টাফরুমে বসে বংশী
একটা গল্প বলেছিলেন। উনি তখন কোলকাতা বিশ্ববিদ্যালয়ে মাস্টার ডিগ্রী-র ছাত্র। ডিপার্টমেন্টাল খেলা পড়ে
হার্ডিঞ্জ হোস্টেলের মাঠে। সংস্কৃত বিভাগে মেয়েদের আধিক্য থাকায় হার্ডিঞ্জ হোস্টেলের ছেলেরা বংশীদা
সমর্থক হয়ে যায় এবং 'গোলং কুরু, গোলং কুরু' বলে চিৎকার করতে থাকে। তাই ফুটবল মাঠে বংশীদার পা
বল পড়লেই আমারও মনে হত সেই অদ্ভুত 'সংস্কৃত' শব্দদ্বয়ের সমাহার 'গোলং কুরু'!

একটি মাত্র জীবন। আকাঙ্খা থাকে আকাশ-ছোঁয়া। কিন্তু সব স্বপ্ন বাস্তবে পরিণতি পায় না, প্রত্যাশার ঝু
অন্নবিত্তর খালিই রয়ে যায়। যতটুকু বাস্তবায়িত হয়, ততটুকুই প্রাপ্তি এবং পূর্ণতা। কলেজ-জীবনে এ-যা
ছাত্র-ছাত্রীদের শ্রদ্ধামিশ্রিত ভালোবাসার বিনিময়ে খুব কমই দিতে পেরেছি। বিশেষতঃ 'নকল (Mock) সংস
করাতে গিয়ে আবিষ্কার করি তাদের মধ্যে অদ্ভুতভাবে প্রচ্ছন্ন ছিল ব্যক্তি-গুণের বহুমাত্রিক প্রকাশ। কারো কা
ব্যক্তিত্ব ছিল চোখে পড়ার মতো। স্রেফ সঠিক পথপ্রদর্শনের অভাবে তারা বিষয় চয়ন করতে পারিনি। উন্নতত
সমাজ গড়ার লক্ষ্যে আর অবদান রাখতে পারেনি। উজ্জ্বল অনেক সম্ভাবনা চলে গেছে বিয়োগের পথে। অথ
তাদের প্রয়োজন ছিল পেশা পরামর্শদানের (Career Counseling)। অবশ্য দেরিতে হলেও তাদের নানারকম

স্যা প্রকাশ করতে কখনো দ্বিধাবোধ করেনি। মনে হয় এখানে প্রাসঙ্গিক কালিদাস রায়-এর লেখা 'ছাত্রধারা' তার কিছু অংশ –

'স্বচ্ছতা শুধু হেরি আমার জীবন ঘেরি
জাগে শুধু ম্লান মুখগুলি
কলহাস্য মহোৎসব আর ভুলে যাই সব
ম্লান মুখ কখনও না ভুলি।'

একাকীত্ব কাটানোর আমার একমেবদ্বিতীয়ম বন্ধু হল গল্প করা, কিম্বা বলা ভালো আড্ডা দেওয়া। অধ্যাপক বিপুল দে ও ড. পার্থসারথি দে-র কাছে তা ছিল ভীতিপ্রদ। তাদের মুখেই শোনা আমার এই ভয়ঙ্কর অত্যাচারের ত থেকে বাঁচতে মেস জীবনে রাত এগারোটার সময় তিনতলার সিঁড়িতে আমার পায়ের আওয়াজ শুনে ঘরের লো নিভিয়ে মিনিট পাঁচেক স্রেফ 'স্ট্যাচু' হয়ে একদিন পার পেয়ে গেছিল। পায়ের আওয়াজ ক্রমশঃ নীচের কে স্তিমিত হতেই পেয়েছিল স্বস্তির নিঃশ্বাস। আর দীপকদা রোজই ভয় দেখাত, 'দেখ্ তোর যেমন রাত, মার সেরকমই ভোরে ওঠা।' এরপর আমায় অক্সিজেন যোগাতে কলেজে যোগদান করল অধ্যাপক মইনুল হক। ফরুমের চৌহদ্দি ছাড়িয়ে যার আড্ডার স্থান আমার বাড়ি পর্যন্ত গেল। খুব কাছ থেকে দেখার কারণে বুঝতে রলাম নিজে মুসলমান সম্প্রদায়ভুক্ত হওয়া সত্ত্বেও হিন্দুধর্ম ও শাস্ত্র সম্পর্কে তার জ্ঞানের পরিধি আমার মতো থাকথিত হিন্দুর চেয়ে বহুগুণ বেশি এবং মনুষ্যত্বের সবচেয়ে বড় গুণ একটা সুন্দর মনের অধিকারী।

স্টাফরুমে যে 'আমরা-ভাব' (We feeling) ছিল, বিভাগ স্বতন্ত্র হলেও এখনো তার রকমফের ঘটেনি। শেষতঃ আংশিক সময়ের অধ্যাপক, অতিথি অধ্যাপক ও শিক্ষাকর্মী বন্ধুদের সঙ্গে আমার হৃদ্যতা এখনো অটুট। টি পেরিয়ে বাষট্টি থেকে পঁয়ষট্টি। এখনো অবসর-পূর্ব আঁকড়ে ধরার বহু স্মৃতি অপেক্ষমান। সাগরের আছড়ে ড়া ঢেউ গোনার জন্য কেউ প্রতীক্ষা করে না। বোবাও যায়না মুছে যাওয়া একটা ঢেউ জীবনের একটা মুহূর্ত কড়ে নিল। তবু আমরা পরবর্তী ঢেউ-এর প্রত্যাশায় থাকি। ঢেউ-এর রেশ যেন বলে – 'মুছে যাওয়া দিনগুলি / আমায় যে পিছু ডাকে / স্মৃতি যেন আমারে / হৃদয় বেদনার রঙে/রঙে ছবি আঁকে।'

একটা সময় ছিল যখন স্টাফরুমে ধুতি পরিহিতের সংখ্যা থাকত চোখে পড়ার মতো। এখনো বাঙ্গালি পুরুষের ছবি আঁকতে বললে ধুতি-পাঞ্জাবি পরিহিত মানুষেরই ছবি আঁকব। এটাই 'আমরা যা' (what we are)। অর্থাৎ সংস্কৃতি। কিন্তু কালের স্রোতে বা বলা ভালো বিশ্বায়নের প্রভাবে আমাদের সংস্কৃতিতেও ছাপ পড়ে গেছে। একটা সময় কলেজে ছাত্রীরা আসত শাড়ি পরে, এখন বিকল্প বহু ফ্যাশন তার জায়গা নিয়েছে। গতিশীল বিশ্বে পরিবর্তন সবসময় কাম্য। উত্তরণ ঘটুক উর্ধ্বগামী। গুণগত। উন্নত হোক চিন্তা-মনন, ভাব-ভালোবাসা, আর পারস্পরিক শ্রদ্ধা ও সৌহার্দ, ভাতৃত্ববোধ।

স্বল্প পরিসরে অনেক গল্প-ই উহ্য থেকে গেল। অনুক্ত কথাগুলোর জন্য প্রয়োজনীয় সময় বরাদ্দ নেই। আছে স্টাফরুম। খুড়ি, নিজস্ব ডিপার্টমেন্ট। সেখানেই স্বাগত। রাত তিনটে। নিজের সাথে নিজেই কথা বলে গেলাম। সুইচ অফ্ করছি। কাল আবার আঙুলের ছাপ। বায়োমেট্রিক হাজিরা ....

কলেজ নিয়ে দু-চার কথা

ড. শুভ্রকান্তি সিনহা
[অধ্যাপক, প্রাণীবিদ্যা বিভাগ]

একটা গুরুগম্ভীর বিষয় নিয়ে লিখতেই পারতাম। ক্যান্সার প্রতিরোধে অ্যান্টিবডির নতুন ভূমিকা কি ডারউইনের বিবর্তনবাদের সামালোচনা করে শিম্পাঞ্জীর ব্যবহারের গাণিতিক বিশ্লেষণ। ইয়া বড় বড় ব্যা কেউ কউ পুরোটা পড়ত, তারপর হাই তুলে বলত, 'বড্ড জটিল কেস। মাথায় দু-হাত ওপর দিয়ে বেরিয়ে গে কেউ আবার টাইটেল চোখ বুলিয়েই ক্ষান্ত হতেন। জটায়ুর মত আর কি ! আসলে আমাদের প্রত্যেকের এ নিজস্ব পছন্দ অপছন্দ আছে। পড়বার বাছ-বিচারটা আমরা আমাদের প্রত্যেকের একটা পছন্দ অনুযায়ী অটোমেটিক করে ফেলি। খুব কমজন সাহিত্যের লোক আছে যাঁরা কোয়ান্টাম থিওরী বা বিবর্তনবাদ নিয়ে পড়তে ভালোবাসে আবার উল্টোটাও অতিমাত্রিক সত্যি। কেমিস্ট্রির অধ্যাপক ক'জন আছেন যারা বাউলের গানের রসে সিক্ত হ পারেন? কলেজ ম্যাগাজিন যেহেতু সার্বজনীন তাই ভাবলাম এমন একটা বিষয় নিয়ে লিখব যেটা, সবার বোধ হয়।

ছাত্র-ছাত্রীদের বেজায় বকতুম বলে ওরা আড়ালে নিজেদের মধ্যে কথাবর্তা একসময় আমাকে 'আল নামে ডাকত। পরের পর ব্যাচ ছড়িয়ে গেল আমার 'নিকনেম'। তারপর না জানি আরো কত উপাধি পাবার ভ বকাঝকা একবারেই ছেড়ে দিলাম। পরিণতি যা হল, ছাত্র-ছাত্রীরা প্রায় ঘাড়ে উঠে বসতে লাগল। মাঝখানে কি ছাত্র তো আমাকে একদিন 'দাদা' গোছের সম্বোধনে ডেকে ফেলল। মহা মুশকিল! সুতরাং আবার গম্ভীর হ যেতে হল। মাষ্টারমশাইদের এই হচ্ছে এক বিপদ। ব্যালান্স করে চলতে হয়। ভালো স্টুডেন্টদের বেশী ভালো যাবে না, ফাঁকিবাজ স্টুডেন্টদের বেশী বকাঝকা করা যাবে না। করলেই উল্টো ফল।

খুব একটা যদি ভুল না বলে থাকি আমাদের কলেজে বেশিরভাগ ছাত্র-ছাত্রীই গ্রাম্য সরল ভাবধারায় বিশ্বা তাদের যেটা আরো বেশী করে দরকার তা হল 'মোটিভেশন'। নিম্নমধ্যবিত্ত বা প্রায় দরিদ্র বাড়ী থেকে পড় আসা অধিকাংশ ছাত্র-ছাত্রীরা মনে প্রথম প্রথম থাকে অগাধ কৌতুহল। অনেকেই হয়ত শুধু এটা জেনে কলে এসেছে যে, উচ্চমাধ্যমিক পাশ করে কলেজেই ভর্তি হতে হয়'। কেন কলেজ? কি শেখার জন্যে কলেজ কলেজে গেলে কি হয়? এরপর কি পড়লে ভালো হয়? কলেজে পড়ে কি ভাবে জীবনে উন্নতি করা যায়? – সব প্রশ্ন তো তাদের কোনদিন জানা ছিল না! আর কেই বা বলে দেবে এ সবের উত্তর? এসব হাজারো প্রশ্ন বু চেপে রেখে সহজলভ্য অনার্সে ভর্তি হয়ে সে জানতে পারল, শিখতে হলে মোটা বাই পড়তে হবে। লাইব্রেরী নিয়মিত পড়াশুনো করতে হবে। রেগুলার ক্লাসে যেতে হবে ইত্যাদি। সেসব তখন গুরুগৃহে। বাবা-মা'র কষ্টে উপার্জন শ্রীগুরুর চরণে নিবেদন করে মহামূল্যবান 'নোটপত্তর' আদায় করে। ভাবখানা এমন যে, গুরুগৃহেই তো যা শিখবার শিখলুম। কলেজ ছুটির সংখ্যা বেড়ে চলে। মাষ্টার মশাইরা আশায় বুক বেধে বসে থাকেন – এই বুঝি এলেন তেনারা! তেনারা তখন 'নোট' চয়নে রত।

এঁটেলমাটি নিয়ে এসে সরাসরি মূর্তি বানানো যায় কি? মাটিকে ভিজিয়ে রেখে, নুড়ি-পাথর আলাদা করে, পচিয়ে, পাটের টুকরো মিশিয়ে বার বার মেখে মাটিকে প্রতিমা বানানোর উপযুক্ত করতে হয়। তেমনি হল শিক্ষার্থীর মন। তাকে তৈরী করতে হয়। পড়ানোর আগে বা পড়াতে পড়াতে মাষ্টার মশাইরা অনেক কথা বলেন যা শিক্ষার্থীর মনকে তৈরী করতে সাহায্য করে। অভিজ্ঞতার দেখেছি– অনেক শিক্ষার্থীর তো বিষয়ের প্রাথমিক জ্ঞান টুকুও থাকে না। বিষয়ের অ আ ক খ টি শিখিয়ে দেবার দায়িত্ব যেমন শিক্ষকের, সেটি নেবার দায়িত্বও কিন্তু শিক্ষার্থীর। আমার এক মাষ্টার মশাই বলতেন– শিশুরা কথা বলতে পারে না কিন্তু কেঁদে উঠলেই মা বুঝতে পারেন তার খিদে পেয়েছে। তেমনি জ্ঞানের খিদেটাও তো বুঝিয়ে দিতে হবে ! নইলে শিক্ষক বুঝবে কি করে।

কোন ইনস্টিটিউশন এর সাফল্য শিক্ষার্থীদের যোগ্যতা অর্জনের ওপর নির্ভর করে। এমন তো ভাবা দুর অস্ত যে সবাই ষাট-শতাংশ নম্বর পেয়ে পাশ করবে। কিন্তু যে ছেলেটি বা মেয়েটি চল্লিশ শতাংশ নম্বর পেয়ে পাশ করবে সে যেন ভেবে না নেয় তার উজ্জ্বল ভবিষ্যতের স্বপ্ন।

সেখানেই থেমে গেল। আমাদের কলেজ থেকে পাশ করে বেরোনো অনেক ছাত্র-ছাত্রী আছে যারা কম নম্বর পেয়েও শুধুমাত্র নিজেদেরে মনের ইচ্ছার জোরে এখন সু-প্রতিষ্ঠিত। এরকম বহু ছাত্র-ছাত্রীর উদাহরণ আমরা দিতে পারি। শুধুমাত্র পোষ্ট গ্র্যাজুয়েট ডিগ্রীটাই লক্ষ্য না করে, প্রাইভেট সেক্টর থেকে এমন কি স্বনির্ভর গোষ্ঠীর তৈরীর মাধ্যমেও যে জীবনে প্রতিষ্ঠা পাওয়া যেতে পারে তা ছাত্র-ছাত্রীদের বুঝতে হবে। শুধুমাত্র মনের জোর আর একাগ্রতা থাকার জন্যে আমাদের কলেজ থেকে একাধিক ছাত্র ভারতবর্ষে বিখ্যাত গবেষণা কেন্দ্রে যে বিষয়ে গবেষণায় রত, পশ্চিমবঙ্গের থেকে সে সুযোগ এর আগে কেউ পেয়েছে বলে জানা নেই।

রাজার যুবরাজ সেনাপতি শুভি দখল করতে উদ্যত। যুদ্ধ ঘোষণা করে দূত পাঠিয়েছে শুভিতে।

দূত ফিরে এলে সেনাপতি তাকে জিজ্ঞেস করছে –

– শুভিতে হাতি আছে?

– নেই।

– অশ্বারোহী?

– নেই

– পদাতিক?

– নেই।

– হাতিও নেই, অশ্বও নেই, পদাতিক সৈন্যও নেই? তাহলে আছেটা কি শুনি?

দূত তখন বলছে –

— মাঠে মাঠে ধান আগে, পুকুরে মাছ আছে, গাছে গাছে ফুল আছে, ফল আছে, শান্তি আছে ....

তেমনি বলতে হয় –

সোনামুখী কলেজ অভিভাবকসম শিক্ষক শিক্ষিকা আছে, দিগন্ত জোড়া সবুজ বনানী আছে, পর্যাপ্ত শ্রেণীকক্ষ আছে, শিক্ষক-শিক্ষাকর্মীদের অফুরন্ত স্নেহ আছে, শিক্ষার পরিবেশ আছে, অপার শান্তি আছে ....।

কর্মজীবনের দ্বিতীয় পুণ্যভূমি

ড. সাধন কুমার পাত্র
[অধ্যাপক, সংস্কৃত বিভাগ]

সোনামুখী কলেজ। আমার কর্মজীবনের দ্বিতীয় পুণ্যভূমি। প্রথম ছিল পূর্ব মেদিনীপুর জেলার ভূপতিন ত্রিলোচন উচ্চ বিদ্যালয়। ২০০৭ সালের ৫ই অক্টোবর যোগ দিয়েছিলাম সহ-শিক্ষক হিসাবে। দীর্ঘ প্রায় সাত পর কলেজ সার্ভিস কমিশন অধ্যাপক হিসাবে নির্বাচন করল। ডাক পড়লো কলেজ পছন্দের জন্য। কোলক উদ্দেশ্যে রওনা দিলাম। তালিকায় তখন জেলার তিনটি কলেজ জ্বলজ্বল করছে। শালতিহা কলেজ, খা আদিবাসী মহাবিদ্যালয় ও সোনামুখী কলেজ। একসময় শালতিহা কলেজের ছাত্র ছিলাম আমি। ছাত্রজীব অসংখ্য স্মৃতি আজও অন্তরে গাঁথা হয়ে আছে। খাতড়া আদিবাসী কলেজ আমার ঘরের কলেজ। এমন সময় যেন বলে উঠল .... "সোনামুখী কলেজই হোক তোমার কর্মজীবনের দ্বিতীয় পুণ্যভূমি।"

রেকমেন্ডেশন লেটার এসে পৌছল। কলেজের ওয়েবসাইট থেকে নম্বর নিয়ে ফোন করলাম। রি করালেন বড়বাবু দেবব্রত চাটার্জী মহাশয়। কথোপকথনের মধ্য দিয়ে জয়েন করানোর ক্ষেত্রে অধ্যক্ষ মহাশ তৎপরতার বিষয়টি কর্ণগোচর হল এবং আগামী ৫ই অগাষ্ট যোগদানের তারিখ নির্দিষ্ট হল। ২০১৪ সালের অগাষ্ট। স্কুলে একটি বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন হল। একাদশ ও দ্বাদশ শ্রেণী পৃথক পৃথকভাবে অনুষ্ঠা আয়োজন করল। শ্রদ্ধা ও স্নেহের এক অদ্ভুত রসায়ন সকলের চোখে জল এনে দিলো। স্টাফরুমে প্রবেশ ক নিজেকে ধরে রাখতে পারলাম না। অবোধ শিশুর মত কান্নায় ভেঙে পড়লাম। সকলের অলক্ষ্যে দিব্যেন্দু মিশ্রবাবুর পকেটের রুমালও তখন চোখে এসে ঠেকেছে। বুলবুল হক মহাশয়। ভীষণ গুরুগম্ভীর ও রাশভ হেডমাষ্টারমশাই। পুষ্পস্তবক হাতে দিয়ে জড়িয়ে ধরলেন। দুজনের চোখের জল গড়াতে শুরু করল। সেদি প্রথম তার হৃদয়ের একটি প্রশস্ত অলিন্দ আমার কাছে উন্মোচিত হয়ে উঠল। চোখের জলে আধভেজা রিলি অর্ডার নিয়ে এগিয়ে চললাম আমার জন্মভূমি, আমার জেলা, বাঁকুড়ার দিকে। পরের দিন। ৫ই অগাষ্ট। উপস্থি হলাম সারস্বতচর্চার এই পবিত্র নিকেতনে।

সোনামুখী কলেজ। প্রতিষ্ঠা ১৯৬৬ সালে। আর্টস ও কমার্স নিয়ে যাত্রাপথ শুরু। প্রথম অধ্যক্ষের অলঙ্কৃত করলেন শ্রদ্ধেয় অনন্তলাল পাত্র মহাশয়। অসাধারণ কর্মদক্ষতা আর নিষ্ঠায় অতি অল্পদিনের মধ্যেই এ প্রতিষ্ঠান হয়ে উঠল শিক্ষাজগতের উর্বরভূমি। প্রত্যন্ত গ্রামাঞ্চলের দরিদ্র পরিবারের সন্তান-সন্ততীরাও শিক্ষা আলোকে আলোকিত হওয়ার সুযোগ পেল। পাত্র মহাশয়কে দেখার সৌভাগ্য আমার হয়নি। কিন্তু বিভি অনুষ্ঠানে ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের সাথে তাঁর সুশোভন ব্যবহার বারংবার আলোচিত হয়েছে আজও, যখন লাইব্রেরীতে যাই তখন দূর থেকে লাল শালুতে বাঁধা পাণ্ডুলিপিগুলি প্রথমেই চোখে পড়ে। অ তখনই মনে পড়ে প্রতিষ্ঠান অন্তপ্রাণ সেই বিদগ্ধ মানুষটির কথা যিনি বিভিন্ন জায়গা থেকে এগুলি সংগ্রহ করেছিলেন

আমি বাঁকুড়া জেলার সন্তান। কিন্তু সোনামুখী কলেজ দেখার সৌভাগ্য তখনও হয়ে ওঠেনি। প্রথম দিন কলেজের মূল ফটক দিয়ে প্রবেশ হল আমার। বামপাশে মস্ত বড় এক কেন্দুগাছ। দুপাশে দুই ফুলের বাগান উপরতলার দুদিকের সামনের অংশ ফাঁকা। দেওয়ালের রঙ বড় ফ্যাকাশে। আর গায়ে গায়ে ছোপ ছোপ দাগ

[illegible] এগিয়ে গেলাম অধ্যক্ষ মহাশয়ের কক্ষের কাছে। তখন অধ্যক্ষ ছিলেন ডঃ বিজয়কৃষ্ণ ভাণ্ডারী মহাশয়। অনুমতি নিয়ে প্রবেশ করলাম। আত্মপরিচয় ও সৌজন্য বিনিময়ের পর বড়বাবু কক্ষে প্রবেশ করলেন। জয়েনিং রিপোর্টের সাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিলাম। জেরক্স কপিগুলোর সাথে মূল শংসাপত্রগুলি খুঁটিয়ে দেখলেন [illegible]। অধ্যক্ষ মহাশয় বড়বাবুর সম্মতি নিয়ে রেজিষ্টারে সই করতে বললেন এবং আমাকে নিয়ে পৌঁছে গেলেন [illegible]। সকলের সাথে একে একে পরিচয় করিয়ে দিলেন।

কলেজের প্রায় মধ্যিখানে একটি আমগাছ রয়েছে। সেখান থেকে কিছুটা দূরে উত্তর-পূর্ব সীমান্তে ছিল ক্যান্টিন। পাঁচিলের গায়ে অ্যাসবেস্টসের ছাউনি। ভেতরে গোটা চারেক বেঞ্চ। রুটি, এগরোল, মোগলাই এবং চা সবই পাওয়া যায়। আমগাছের নীচে পরিচয় হল বিপ্লববাবুর সাথে। প্রথম আলাপেই কলেজ সম্বন্ধে অনেক কিছু জানার সুযোগ হল। সেদিন আর একজনের সাথে আলাপ হয়েছিল। তিনি হলেন ইংরেজী সাহিত্যের বিদগ্ধ অধ্যাপক ডঃ [illegible] ব্যানার্জী মহোদয়। কিছুদিন আগে তিনিও কর্মজীবন থেকে অবসর নিয়েছিলেন।

দ্বিতীয় দিন। আলাপ হল সামন্তবাবু, দীপকবাবু, ইন্দ্রজিৎবাবু ও পার্থবাবুর সাথে। এই চারজনই তখন বাঁকুড়া শহর থেকে যাতায়াত করেন। আমিও সহযাত্রী হয়ে পড়লাম। সদ্য জয়েন করেছি। তখন কলেজ থেকে [illegible] হিসাবে কুড়ি হাজার টাকা দেওয়ার নিয়ম ছিল। বাবা, মা, স্ত্রী ও ছেলে-মেয়েকে নিয়ে কুড়ি হাজার টাকায় সংসার চালানো প্রায় অসম্ভব ছিল। সেই সময় মাঝে-মধ্যেই স্বপনবাবু ও দীপকবাবু জোর করে আমার হাতে টাকা গুঁজে দিয়েছেন। সেদিনের সেই অযাচিত সহযোগিতা আমৃত্যু স্মরণীয় হয়ে থাকবে। প্রতিদিন একসাথে [illegible] আসা-যাওয়া। কিন্তু যে আবেগ, উৎসাহ নিয়ে জয়েন করলাম, সর্বোপরি যাদের জন্য আমাকে নিযুক্ত করা হল সেই ছাত্রছাত্রীদের দেখা মিললো না। ক্লাস নেওয়ার উদগ্র বাসনা ক্রমশ ক্ষীণ হয়ে এল। পরীক্ষা এসে পৌঁছল। পরীক্ষা শেষ হওয়ার পরে পরেই অধ্যক্ষ মহাশয়ও কর্মজীবন থেকে অবসর নিলেন। এমতাবস্থায় কলেজ পরিচালনার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্ব অর্পিত হল মাননীয় অধ্যাপক ডঃ বাপ্পাদিত্য মণ্ডল মহাশয়ের উপর।

মণ্ডল মহাশয় সাদরে দায়িত্বভার গ্রহণ করলেন। মাস কয়েক অতিক্রান্ত হল। একদিন শিক্ষক-সংসদের সভা চলছে। সভাপতির আসনে তখন স্বয়ং ভারপ্রাপ্ত অধ্যক্ষ। হঠাৎ ন্যাক ভিজিটের প্রস্তাব উত্থাপিত হল। বহু পুরাতন কলেজ। 'এখনো ন্যাক ভিজিট হয়নি'– এমন কথা শুনতে হয় মাঝে-মধ্যেই। প্রস্তাবকে সাধুবাদ জানিয়ে সকলেই [illegible] হয়ে উঠলেন। ততক্ষণে কলেজ সার্ভিস কমিশনের মধ্য দিয়ে আরো পাঁচজন অধ্যাপক-অধ্যাপিকা যোগদান করেছেন। মণ্ডল মহাশয়ের তত্ত্বাবধানে ছোট্ট ছোট্ট কমিটি তৈরি করে প্রত্যেকটি বিভাগের এবং অফিসের প্রয়োজনীয় তথ্য একত্রিত করার সিদ্ধান্ত গৃহীত হল এবং কয়েকদিনের মধ্যে এস.এস. আর. প্রস্তুত করে পাঠিয়ে দেওয়া হল। কলেজকে সুন্দর করে সাজিয়ে তোলার পরিকল্পনা নেওয়া হল। সম্মুখভাগে দুদিকের ফাঁকা অংশে [illegible] বিজ্ঞান ও এডুকেশন বিভাগ গড়ে উঠল। উত্তর পূর্ব কোণের ক্যান্টিন ততক্ষণে নিজস্ব জায়গায় এসে [illegible]। পাশেই গড়ে উঠল একটি উন্নতমানের গ্রন্থাগার। ছাত্রছাত্রীদের কমনরুম, সেমিনার হল, ক্লাসরুম, [illegible] অফিস ও প্রিন্সিপাল মহাশয়ের চেম্বার আধুনিকতার স্পর্শ লাভ করল। নির্মিত হল একটি শীততাপ নিয়ন্ত্রিত কনফারেন্স রুম। মূল ফটক থেকে শুরু করে ক্লাসরুম এবং সমগ্র ক্যাম্পাসের আনাচে-কানাচে সি. সি. টিভি ব্যবস্থা হল। সামনের অংশে লাল সিমেন্টের টালি বসানো হল। কলেজের পূর্ব, উত্তর ও দক্ষিণ সীমান্ত বরাবর পাঁচিল উঠে দাঁড়াল। ট্রানজিট হোস্টেলের সামনে গোলাপের বাগান, লাল মোরামের রাস্তার ধারে ধারে [illegible] দিয়ে এক আশ্রমিক পরিবেশ সৃষ্টি হল। বিষয় অনুসারে বিভাগগুলিকে বন্টন করা হল।

সম্মুখে কলেজের একটি মানচিত্র এবং অফিস, প্রিন্সিপাল চেম্বার, স্টাফরুম, লাইব্রেরী প্রভৃতি স্থান নির্দিষ্ট
দ্বারা চিহ্নিত করা হল।

অবশেষে ন্যাক ভিজিটের দিন এসে উপস্থিত হল। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে তিন জন সদস্য
পৌঁছলেন। সাদর অভ্যর্থনা শেষে প্রথম দিনই অধ্যক্ষ মহাশয়ের সঙ্গে একান্ত বৈঠক, বিভাগ অনুসারে ছাত্রছাত্রী
উপস্থিতি, উত্তরপত্র, উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতি, কর্মসংস্থান, সেমিনার প্রভৃতি বিষয়গুলি খুঁটিয়ে পর্যালো
হল। অফিস থেকে ছাত্রছাত্রী-সংক্রান্ত, শিক্ষক-শিক্ষিকাসংক্রান্ত ইত্যাদি যাবতীয় তথ্য সম্যক পর্যালোচনা ক
সমর্থ হলেন। দ্বিতীয় দিনেও এরূপ পর্যালোচনার পর একটি সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন
হয়। অনন্তলাল পাত্র স্মৃতি মঞ্চের সামনে আমরা তখন দর্শকাসনে। একের পর এক নৃত্য-সঙ্গীতের অ
রোমাঞ্চকর এক আলো আঁধারি পরিবেশ। সম্মুখে উপবিষ্ট ত্রয়ী বিদগ্ধ বিদ্বজ্জন তখন আহ্লাদিত। মুখ
নিঃসৃত হতে লাগলো অনর্গল প্রশংসা বাণী। তৃতীয় দিন অর্থাৎ শেষের দিন। দুপুরের মধ্যাহ্নভোজন সমাধা
কলেজ প্রাঙ্গনে বিদগ্ধ ত্রয়ী পুরুষের হাত দিয়ে তিনটি বৃক্ষ রোপণের আয়োজন করা হল। সবশেষে সক
সাধুবাদ, শুভেচ্ছা ও ভালোবাসা জানিয়ে প্রস্থান করলেন। উৎসব শেষে আমরাও যেন বিষন্ন হয়ে পড়লাম।

আমাদের কলেজ কিছুদিনের মধ্যেই বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হয়ে পড়ল। শুরু হল সি. বি. সি.
পদ্ধতি অনুসারে সেমিস্টারভিত্তিক পঠন-পাঠন। পাঠ্যক্রমেরও পরিবর্তন হল। ইতিমধ্যে আমাদের কাছে এ
সুখবর এসে পৌঁছল। কলেজ সার্ভিস কমিশন আমাদের জন্য অধ্যক্ষ হিসাবে ডঃ বাসন্তিকা মণ্ডল মহাশয়া
মনোনীত করেছে। অধ্যাপক, ভারপ্রাপ্ত অধ্যক্ষ থেকে পাকাপাকিভাবে অধ্যক্ষ হিসাবে যোগদান করলেন।
থেকেই কলেজের সমস্ত বিষয় তাঁর অধিগত। দিনে দিনে জেলা পরিষদের অসম্ভব তৎপরতায় প্রশাসনিক ভ
সম্পূর্ণ হয়ে উঠল। কিছুদিনের মধ্যে প্রিন্সিপাল চেম্বার সহ অফিস স্বমহিমায় এসে উপস্থিত হল। অপরদি
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে প্রাপ্ত আর্থিক অনুদানে একটি বয়েজ হোস্টেল ও একটি গার্লস হোস্টে
নির্মাণকাজও পুরোদমে চলেছে। আর কিছুদিনের মধ্যেই হয়তো পূর্ণাবয়ব নিয়ে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠবে এ
আমাদেরকে আরো একটি উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করতে আহ্বান জানাবে।

দিনে দিনে বেশ কয়েকজন অধ্যাপক ও শিক্ষাকর্মী অবসর গ্রহণ করলেন। বর্তমানে শিক্ষক নিয়োগ বি
নিয়মিত হওয়ার কারণে শিক্ষকের চাহিদা হয়তো পূর্ণ হয়েছে। কিন্তু যথেষ্ট সংখ্যক শিক্ষাকর্মী না থাকায় কা
চাপ বেড়েছে। এক্ষেত্রে আমরা সকলেই আন্তরিকতার সঙ্গে পাঠন-পাঠন ছাড়াও নানবিধ কার্যে সহযোগিতা ক
চলি। অধ্যক্ষ মহাশয়া ও কর্ম ও নিষ্ঠার সঙ্গে কলেজকে যেন সন্তানস্নেহে লালন করে চলেছেন। নতুবা এ
দ্রুততার সঙ্গে উন্নয়নের এই বাস্তবায়ন সম্ভবপর হতো না। আমরা ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মী সক
মিলে একটি পরিবার। পরিবারের মত এখানেও হয়তো মান-অভিমান, ভুল-ত্রুটি ও রাগ-অনুরাগ আছে। ত
তা উন্নয়নের জন্য। সঠিক দিশায় এগিয়ে চলার জন্য। কিন্তু এখানে হিংসা বা বিদ্বেষের কোন স্থান নেই। সকলে
সম্মিলিত প্রয়াসে আগামী দিনে আমাদের এই পুণ্যভূমি শাখা-প্রশাখা-পত্র -পুষ্পাচ্ছাদিত হয়ে বিশ্ব সারস্বত
জগতে সমুজ্জ্বল হয়ে উঠুক- এই কামনা করি। পরিশেষে সকল বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর কাছে আমা
ঐকান্তিক প্রার্থনা .....

"সা নঃ বসতু জিহ্বায়াং বীণাপুস্তকধারিণী।
মুরারিবল্লভা দেবী সর্বশুক্লা সরস্বতী।।"

সেদিনের কথা

চণ্ডীদাস মুখার্জী
[অবসরপ্রাপ্ত অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ]

১৯৭১-এ আমার ভালোবাসা-ভালোলাগার কলেজে পা দিলাম। পরপর নৈহাটী ঋষি বঙ্কিম ও পাঁচমুড়া কলেজে অফার পেয়েও গেলাম না। রাষ্ট্রবিজ্ঞান বিভাগে সোনামুখী কলেজে আমি তখন একা। আমার আগে [illegible] কলেজ-মৌলানা আজাদ কলেজের সহপাঠী পুলকনারায়ণ ধর ছিলেন – তিনি চলে গেলেন। ক্ষীণ স্মৃতিতে [illegible] মনে পড়ে আমার আগে কমল জানা স্বল্পদিন ডিপার্টমেন্টে ছিলেন। পরে এলো আমারই কলেজের আর [illegible] সহপাঠী শামসুল আলম ও জহরলাল সাঁই। তাঁরাও চলে গেলেন। এল ইন্দ্রজিৎ ও দীপক। আমি ইন্দ্রজিৎ ও দীপককে রেখে অবসর নিলাম ২০০৫-এ। আমারই মতো ইন্দ্র ও দীপক বোধ হয় শেষ দিন পর্যন্ত থাকবে। [illegible] হিমাংশু (ঘোষ) ও পীযূষ (ব্যানার্জী) এসেছিল। হিমাংশু খ্রীশ্চান কলেজে ও পীযূষ বিদ্যাসাগর কলেজে গেল। [illegible] বেদনা যে-পীযূষ আমাদের ছেড়ে চলে গেল। সে আর নেই। জহর ও হিমাংশুর সাথে এখনও [illegible] আছে।

যাঁদের আমি আপনজন হিসাবে কলেজে পেয়েছি তাঁদের তালিকা করতে বসলে দীর্ঘায়িত হয় তালিকা। তাঁদের মধ্যে তরুণ মুখার্জী (কমার্স) আমাদের মধ্যে নেই। প্রশান্ত দা, দিলীপ (দত্ত), বিশ্বনাথ দা, পদ্মলোচন দা, [illegible], লক্ষ্মী (দত্ত), দেব (দত্ত), রাধেশ্যাম দা, স্বপন(দে), বীরঞ্জন, অজয় দা (দে), হরিসাধন দা, রাধারমণ দা ও [illegible] (চৌধুরী), অসিত দা (বিশ্বাস), প্রদীপ, মীরা মখার্জী, বংশী-এ যেন এক চাঁদের হাট, পরে পরে [illegible] ব্যানার্জী, অরুণ বিশ্বাস, পিনাকী, শাহজামাল, বিপুল, দিলীপ (পাত্র), ছায়া মুখার্জী, তপন, কুমার, সুভদ্রা, [illegible], নামের ভীড়ে-অসম্পূর্ণতা থাকলে মার্জনাপ্রার্থী। আড্ডাগুলো মনে পড়ে? রাধাগোবিন্দ [illegible] বাড়ী, [illegible] মেস, বিশ্বনাথ ব্যানার্জীর বাড়ী – কত স্মৃতি সে সব আড্ডার। মনে পড়ে – শুভ্রকান্তি, [illegible], [illegible] মণ্ডল, আশীষ খাস্তগীর, ষষ্ঠী বাউরী সহ আরও অনেককে। শিক্ষা কর্মী বন্ধুদের মধ্যে [illegible], [illegible], দেবু, জয়দেব, শম্ভু, বামা, ভক্তিবাবু, পরে পরে দেবু, মোহন, রবি সিদ্ধান্ত, অশোক, আনন্দ, [illegible] সহ আরও অনেকের সান্নিধ্য আমরা পেয়েছি।

অনন্তলাল পাত্র

১৯৬৬ সালে কলেজের প্রতিষ্ঠার যুগ থেকে অধ্যক্ষ অনন্তলাল পাত্র এটুকু বলাই যথেষ্ট নয়। তিনি প্রতিষ্ঠাতা অধ্যক্ষ এবং [illegible] নিয়ে জমি দান সংগ্রহ থেকে অর্থ সংগ্রহ শহর ও গ্রামে গ্রামে পরিক্রমা তিল তিল করে [illegible] তিনিই এই কলেজের স্থপতি। যেদিন কলেজে যোগ দিই-সেদিন ফার্স্ট পিরিয়ডে ২ নং রাষ্ট্র বিজ্ঞানের ক্লাস। [illegible] ছাত্রছাত্রী। এক ছাত্র হঠাৎ সীট থেকে দাঁড়িয়ে উঠে প্রশ্ন করলো - 'স্যার, আপনার বিয়ে হয়েছে?' আমি তাকে বললাম – "Write down my address and contact guardians." হঠাৎ হলে পিছন থেকে অনন্তলাল [illegible] ক্লাসে ঢুকে সেই ছাত্রটিকে ঘাড় ধরে বার করে নিয়ে গেলেন। পরে জানলাম – নতুন যাঁরা জয়েন করেন,

তাঁদের ক্লাস নেওয়া পিছন থেকে তিনি লক্ষ্য রাখেন এবং ছাত্রদের প্রতি নজর রাখেন। এই নিষ্ঠা এখন বি
শিক্ষক ও শিক্ষাকর্মীদের প্রত্যেকের বাবা-মা ও স্ত্রী Vice-versa নাম পর্যন্ত জানতেন, খোঁজ নিতেন। আ
সম্পর্কে বলতেন – ফাঁকিবাজ, কিন্তু ভালো পড়ানোর জন্য ও ছাত্রদের ক্ষতি পূরণে Extra class নেওয়ার
চণ্ডী পার পেয়ে যাচ্ছে। এরকম বিভিন্ন কথা টিচাররদের সম্পর্কে বলতেন। আসলে তিনি এক সামগ্রিক মূল্য
করাতেন। তিনি মাঝে মধ্যে কলেজের কাজে যখন কলকাতা যেতেন এবং আমায় সঙ্গে নিয়ে গেছেন। কখন ক
বিশ্বনাথ দা, বরাট দা এঁদেরও নিয়ে যেতেন। UGC-র কাজে কতবার দিল্লী পাঠিয়েছেন। কলেজ থেকে কখ
কোন undue সুযোগ নেন নি। সুদূর খট্টগ্রামের এই মানুষটি ছিলেন সৎ, নিষ্ঠাবান এক শিক্ষক। আমাদের সক
মাথার উপর যেন একটা বড় ছাতা। ক্ষমতালিপ্সা ও অহংকার বোধ তাঁর ছিল না। তৎকালে না পাওয়া যেত St
Govt. অনুদান, না পাওয়া যেত UGC অনুদান – পেলেও যৎসামান্য। আসলে এই স্থপতিকে বাদ দিয়ে সোনা
কলেজের ইতিহাস ভাবা যায় না, কারণ তিনি অনেকটাই আমাদের হৃদয় জুড়ে আছেন। তিনি আজ নেই কি
তথাপি তিনি যে আজ অমর।

অনন্তলাল পাত্র অবসর গ্রহণের পর আমরা এক সংস্কৃতিকে ধরে রেখেছিলাম। মতান্তর হলেও মনা
হয়নি। প্রশান্ত ব্যানার্জী, রাধারমণ দাস, অনীতা দাস পরে আশীষ খাস্তগীর গানের আড্ডা জমিয়ে রাখতে
তবলায় দিলীপ দত্ত। যে যখন Teacher-in-Charge হয়েছেন সকলে মিলে কলেজের স্বার্থে ঐক্যবদ্ধ থাকতে
বিশ্বনাথ দা, প্রশান্ত দা, রাধারমন দা, আমি Teacher-in-Charge থাকাকালীন এমনটাই ছিল কলেজের সংস্কৃ
ছাত্রারা আমাদের খুবই স্নেহভাজন। দলমত নির্বিশেষে শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্র আমরা বহু ক্ষেত্রে United থাকতা
সামান্য কিছু ব্যতিক্রম ছাড়া।

কলেজের একটা রেওয়াজ ছিল D.M. অথবা S.D.O. গভর্নিং বডির সভাপতি হতেন। তাঁরা বিভিন্ন সম
সহায়তা দিয়ে গেছেন। জমিদারদের কলেজের উন্নয়নে, ট্রেজারীর কাছে বিভিন্ন সমস্যা সমাধানে সহায়তা ভোলব
নয়। আমি তৎকালীন কলিগদের, শিক্ষাকর্মীদের আলাদা করে আলোচনা করতে বসলে বহু দিস্তা কাগজ খ
হবে আর কলেজের সুবর্ণ জয়ন্তীর আয়োজকদের বিপদে ফেলা হবে। তবে শেষ পর্যন্ত শিক্ষক, শিক্ষাকর্মী, ছা
সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় ন্যাকের কাজ সুসম্পন্ন হয়েছে। বর্তমান অধ্যক্ষ বাপ্পা ভাই-এর নেতৃত্ব প্রশংসনীয়। এ
ঐক্যবদ্ধ সংস্কৃতি অনেক কিছু ইতিবাচক কাজ সুসম্পন্ন করতে পারে।

আমাদের ছাত্রছাত্রীরা অনেক ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত। কেউ অধ্যাপনায়, কি শিক্ষকতায়, কেউ সরকারী, বেসরকা
পেশায়, ম্যানেজমেন্টে ও অন্যান্য পেশায় প্রতিষ্ঠা লাভ করেছে – ভাবলে গর্ব হয়। সেকালে সোনামুখী, পাত্রসায়ে
ইন্দাস, বড়জোড়ায় কোনও কলেজ ছিল না। একটিই কলেজ সোনামুখী কলেজ। ছাত্রসংখ্যাও ছিল ভালো
ভালো টিচিং থাকলে চাকচিক্যকেও হার মানায়। তাই ছিল এই কলেজ। তাই মনে পড়ে "You enter it by th
ancient way through ivory gate and golden." নস্টালজিয়া কার না থাকে। এই স্মৃতিমেদুরতা তাই ভ
করে। যাঁরা আমাদের ছেড়ে চলে গেছেন-তাঁদের স্মরণ করি ভালোবাসায়, শ্রদ্ধায়।

সোনামুখী কলেজ ও সোনামুখী

সেখ মইনুল হক
[অধ্যাপক, বাংলা বিভাগ]
(আহ্বায়ক, সুবর্ণ জয়ন্তী কমিটি)

সাধারণত স্কুল কলেজ জাতীয় প্রতিষ্ঠানের নামকরণ হয়ে থাকে জাতীয় বা আঞ্চলিক কোন নমস্য মহাপুরুষের ম বা ঠাকুর দেবতার নামে বা নিদেনে কোন ধর্ম বা বর্ণ গোষ্ঠীর নামানুসারে। সেদিক থেকে 'সোনামুখী কলেজ' টার মধ্যেই একটা স্থানের সার্বজনীনতার আত্মপ্রকাশের আকৃতিকে কল্পনা করলে খুবই কি ভ্রান্তধারণা মনে য়?

এমন ধারণার পেছনে আমার একটা ব্যক্তিগত উপলব্ধি আছে। সেটা এই রকম, সোনামুখী বাঁকুড়া জেলার টি প্রাচীন জনপদ। স্বর্ণময়ী দেবীকে সোনামুখীর অধিষ্ঠাত্রী দেবী মনে করা হয়। স্বর্ণময়ী থেকে সোনামুখী। সেই র্ণময়ী দেবীর মন্দির আজও বর্তমান।

কালের ধারায় এখানকার অনার্য সংস্কৃতির সঙ্গে মিশেছে আর্য, বৌদ্ধ, জৈন, ইসলাম ও বৈষ্ণব ভাববাদ। তার পর মারাঠা আক্রমণ, কাররানী বংশের শাসনকালে কালাপাহাড়ের আক্রমণ (লোকশ্রুতি), ইংরেজ শাসনের দীর্ঘকালীন রাজনৈতিকঝঞ্ঝা সোনামুখীর উপর দিয়ে বারবার বয়ে গেছে। এই সমস্ত ঘটনা সোনামুখীকে সাময়িক পর্যয়ের মধ্যে ফেললেও সোনামুখীর মানস ধর্মকে প্রভাবিত করাতে পারেনি। সোনামুখীর অর্থনৈতিক ভিত্তি খুব ক্তিশালী না হলেও মানসভিত্তি ছিল খুবই পোক্ত। পরাধীনতার যুগে স্বাধীনতার স্পৃহাকে যেমন সে বরণ করে তে কুণ্ঠাবোধ করেনি, তাই স্বাধীনতা পরবর্তীর রাজনৈতিক বা সামাজিক অসন্তোষ সত্ত্বেও সোনামুখীতে তা বড় নন বিচ্যুতিকে প্রকট করেনি। বরং সোনামুখীবাসী উত্তোরণের পথ খুঁজেছে উচ্চ শিক্ষাতে। নিজেদের অজান্তেই ধাকৃষ্ণন কমিশন (১৯৪৮) মুদালিয়র কমিশন (১৯৫২) ও কোঠারি কমিশন (১৯৬৪) -এর মূলভিত্তিগুলিকে জেদের পরবর্তী প্রজন্মের সামনে প্রতিভাত করিয়ে 'ভারত ভাবনার সঙ্গে সোনামুখী ভাবনা'-কে একাত্ম করিয়েছে। দ্যালয়ে জাগ্রত শিক্ষার কামনাকে পৌঁছে দিতে চেয়েছে মহাবিদ্যালয়ে। যার ফলশ্রুতি 'সোনামুখী কলেজ'-এর তিষ্ঠা।

আমার কাছে সোনামুখী কলেজ মানে কেবল, ইঁট-কাঠ-পাথরের কোন ইমারতি কাঠামোর সঙ্গে সম্পর্কিত াত্র-শিক্ষক-শিক্ষাকর্মীদের সমাবেশ নয়। এরসঙ্গে সোনামুখীর ইতিহাস-ভূগোল, সাংস্কৃতি ঐতিহ্যকে আত্মীকৃত রা ও না করা মানুষগুলি এবং তারসঙ্গে কলেজের প্রত্যক্ষ বা পরোক্ষ সম্পর্কে জড়িত সমস্ত মানুষেরা। প্রাক্তন ও বর্তমান-ছাত্র-ছাত্রী, শিক্ষক-অশিক্ষক কর্মচারীসহ এই বৃত্তের একেবারেই বাহিরে থাকা মানুষগুলিরও কলেজ ম্পর্কে ধারণাকেও বোঝায়। কারণ সোনামুখীর মতো তথাকথিত পশ্চাদপদ একটি ছোট শহরে কলেজের মতো

একটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা তো কম উচ্চাভিলাষের পরিচায়ক নয়! জন্মলগ্নের ইতিহাসের
সমাজের সব স্তরের সব মানুষের ঐকান্তিক প্রচেষ্টা আর আগ্রহের ফসলই তো এই কলেজ! তাই কলেজে
'সোনামুখী কলেজ', সোনামুখীর কলেজ, সোনামুখীবাসীর কলেজ।

অন্য কলেজের সঙ্গে সোনামুখী কলেজের সব কিছুতেই তাই তফাতটা চোখে পড়বে সব ক্ষেত্রেই। এ
ছাত্র/ছাত্রী-শিক্ষক-শিক্ষাকর্মীর মধ্যে সম্পর্কের বিন্যাস একেবারেই পারিবারিক। পারস্পরিক শ্রদ্ধা আর ভালবা
বজায় রেখে ভাবের বা অভাবের আদান-প্রদানে সকলেই সহজ স্বতঃস্ফূর্ত। এই কলেজে শিক্ষকতার কাজে
দিয়ে বিভিন্ন বয়সী শিক্ষকদের সঙ্গে পরিচয় হয়েছে। প্রথম পরিচয়ের জড়তা কাটতেই অনুভব করেছি
আমার সহকর্মীরা কেউই 'বিদ্যে বোঝায় বাবু মশায়' মার্কা একক ব্যক্তিত্বের আভরণে বন্দি নন। বিষয় দক্ষতা
ব্যক্তিত্ব তাঁদের অর্জিত। সেই অর্জনে তাঁদের পারস্পরিক শ্রদ্ধা এবং ভালবাসাও প্রকাশ স্বভাবজাত। তাই ব
বাধা অনায়াসেই অতিক্রম করে গেছি। স্বাভাবিক ভাবেই এঁদের অনেকের কাছেই আমার মানসিক ঋণ অপরিশে
ক্লাসে পড়ানোর পদ্ধতি থেকে ব্যক্তি জীবনের অনেক কিছুই এঁদের অনেকের সঙ্গে ভাগ করে নিয়ে নিজে
কেবল সমৃদ্ধ (আদতে যদি হয়ে থাকি!) করিনি, ব্যক্তিগত অনেক সমস্যার সমাধানের চাবিকাঠিও এঁদের অনে
কাছেই পেয়েছি।

এই কলেজে শিক্ষকদের সঙ্গে শিক্ষাকর্মীদের সম্পর্কও খুবই সহজ স্বাভাবিক। কৃত্রিম প্রতিবন্ধকতা
কর্মক্ষেত্রের গণ্ডির বাইরেও সেই সম্পর্কের প্রবাহ অনাবিল। আর ছাত্র-ছাত্রীদের সঙ্গে শিক্ষক বা শিক্ষাকর্মী
সম্পর্ক বাড়ির অভিভাবকদের মতো। আমার জানা মতে, কোন কলেজেই কারণে-অকারণে ছাত্র-ছাত্রীদের অ
মহাশয় থেকে শিক্ষক বা শিক্ষাকর্মীদের কাছে এমন অবাধ বিচরণ আছে বলে তথ্য নেই। এটাই পারস্প
সম্পর্কের একটা নব বিন্যাস ঘটিয়েছে। তাই রাজ্যের বা দেশের বিভিন্ন কলেজে/ইউনিভার্সিটিতে যখন
শিক্ষক সম্পর্কের অবনতির খবর শুনি/দেখি, আঁতকে উঠি! এই প্রেক্ষিতে আমাদের কলেজের বিষয়ে ভাবি
গর্ব বোধ করি। আমাদের কলেজের ছাত্র-শিক্ষক-শিক্ষাকর্মীর সম্পর্কের এই রসায়নিক ফর্মুলার কি পেটেন্ট কর
যাবে না! যদি যেত, না জানি আমাদের আর্থিক লাভ যা-ই হোক না কেন, অন্যরাতো মানসিক সমৃদ্ধি
করতো! সোনামুখী কলেজের শিক্ষক-শিক্ষাকর্মীদের সঙ্গে সোনামুখীবাসীরও এক অদ্ভুত পারস্পরিক হৃদ্য
সম্পর্ক বিদ্যমান। কলেজ ও তার সঙ্গে জড়িত সকলকে তাঁরা তাঁদেরই অংশ বলেই ভাবেন। আমরা সামা
জীবনে অনুভব করি, কলেজ সম্পর্কিত যে কোন বিষয়ে সোনামুখীর সকলে সহযোগিতার অকৃপণ হাত বা
দেন। ব্যক্তি স্বার্থকে গৌণ করে কলেজের প্রতি এই যে মানসিকতা তা সমকালের প্রেক্ষিতে দুর্লভ।

১৯৬৬ সালে প্রতিষ্ঠিত সেই কলেজ আজ পঞ্চাশ বছর অতিক্রম করেছে। বি. জে. স্কুলের একটা ঘরে
হওয়া সেই কলেজ এখন শাখায় প্রশাখায় পল্লবিত হচ্ছে-হবে। যে স্বপ্ন বৃক্ষকে রোপণ করেছিলেন 'অনন্ত
পাত্র মশায়' এবং তাঁর সহযোগী কিছু সহৃদয় ব্যক্তি আর আপামর সোনামুখী ও তৎসংলগ্নবাসী। সেই
বাস্তবায়নের সওয়ারি ছিলেন এবং থাকবেন যে সমস্ত শিক্ষক ও শিক্ষাকর্মীরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জানাই।

অভিনন্দন সেই সব ছাত্র-ছাত্রীদের, যারা সেই স্বপ্ন দু' চোখে মেখে বিশ্বভ্রমণে বেড়িয়েছেন বা বেড়াবেন সোনামুখী কলেজের অদৃশ্য ধ্বজা হাতে নিয়ে।

কলেজের মতো প্রতিষ্ঠানের ক্ষেত্রে পঞ্চাশ বছর বয়স নেহাতই কম। তবুও যেখান থেকে শুরু হয়েছিল সেখান থেকে কতটা সমৃদ্ধ হয়েছে তা আজ দৃষ্টি গোচর। মনন গোচর কি? যদি না হয়, সেটা সোনামুখী ও সোনামুখী কলেজের মিথক্রিয়ার অভাব। আর যদি হয়, তাহলে উভয়ের অদৃষ্ট। তাই আজকের "সুবর্ণ জয়ন্তী স্মরণিকা" প্রকাশ অনুষ্ঠানের প্রেক্ষিতে রবীন্দ্রনাথের 'কবির অভিভাষণ' -এর ভাষায় বলতে ইচ্ছে হচ্ছে, "নতুন প্রাণ নতুন রূপ সৃষ্টি করে, কিন্তু পুরাতনের জীবনধারা থেকে বিচ্ছিন্ন হলে সে প্রাণ শক্তি পায় না।" তাই পুরাতনকে ভুলে যাওয়াতে কেবল অসম্মানই নেই, আছে প্রতিশ্রুতি ভঙ্গের অপরাধ। তাই সোনামুখী কলেজের প্রতিষ্ঠা দিবসের স্বপ্ন আর প্রজন্মান্তরের স্বপ্নপূরণের স্বপ্ন যেন সোনামুখীর মানুষ বংশানুক্রমে দেখেই যান।

তুমি এসেছিলে আমার জীবনে

আনিসুর রহমান মণ্ডল
[শিক্ষাকর্মী]

আকুল আবেদন জানিয়ে বিশ্বকবি গেয়ে ওঠেন–

ভালোবেসে সখি নিভৃত যতনে
আমার নামটি লিখো
তোমার মনের মন্দিরে—।

নিশ্চয়ই সে আবেদন রক্ষিত হয়েছে। কিন্তু আমার ক্ষেত্রে কি ঘটলো? পাঞ্জাবীর বাঁ পকেটের নিচে হৃ প্রকোষ্ঠ, সেখানেই একটি নাম অনেক আগেই লেখা হয়েছে – সোনামুখী কলেজ। কারণ সোনামুখি কলে আমাকে ভরিয়ে দিয়েছে পূর্ণতায়। সখ্যতায়।

একটা নজরুলগীতির মর্মার্থ হলো—এক হৃদয় গান গায়, অন্য হৃদয় সে গান শোনে। যখন সোনামুখি কলেজে ভাবনা আসে,নিবিষ্ট মনেই তা ভাবি আর তখনই এক পুলকিত শিহরণ বার বার আমাকে ছুঁয়ে যায়। তা উপভোগ করি।

একই কলেজের ছাত্র এবং সেই কলেজেরই শিক্ষাকর্মী, এমন দুর্লভ সৌভাগ্য সবার ক্ষেত্রে ঘটেনা। আমি আমার সামান্য সংখ্যক সহকর্মী সেই ঈর্ষান্বিত সৌভাগ্যের অধিকারী। ফলে এক ধরনের স্বাচ্ছন্দ্য ও সুখের মেলে ঘন ঘন। আমার ব্যক্তিসত্তার আশা, ভরসার স্থান সোনামুখি কলেজ। নিকোলাই অস্ত্রোভস্কি তাঁর 'ইস্পা বইতে লিখেছেন- মানুষের প্রিয়তম সম্পদ হলো তার জীবন, এটা সে একবারই পায় এবং এই জীবন তাকে এম করে কাটাতে হবে যাতে কেটে যাওয়া বছরগুলি সম্পর্কে যন্ত্রনাদায়ক দুঃখের অনুভূতি না জাগে, অতীতের হীন ও তুচ্ছতার লজ্জা যেন তুষের আগুনের মতো না পোড়ায়'। সেই কবে ১৯৮১ সালে বাণিজ্য বিভাগের ছা হিসেবে গ্রামের আনপড় ভীতু মুখচোরা ছেলের প্রবেশ। চোখে মুখে বিস্ময়, ভয়। এখানে মানিয়ে উঠতে পার তো? সে শঙ্কা-সংকোচ কেটে গিয়ে আমি কলেজের একজন সক্রিয় অংশীদার হয়ে গেলাম প্রধানতঃ শিক্ষকদে আচরনের মাধুর্যে এবং শিক্ষাকর্মীদের সহযোগিতায়। ১৯৮৫ তে স্নাতক হয়ে ১৯৮৭ সালে শিক্ষাকর্মী হিসে নিযুক্ত। এখন ২০১৯ -র মধ্যবর্তী সময়। দীর্ঘ বছর কেটেছে এই প্রতিষ্ঠানে। নিকোলাই অস্ত্রোভস্কির মতে উপলব্ধি করেছি শ্রেষ্ঠ সম্পদ এই জীবনকে। আমার সুখদুঃখ, অভিমান, আনন্দ, উচ্ছ্বাস ছিলো এই কলেজকে ঘিরেই। তুচ্ছতা, হীনতা আমাকে গ্রাস করতে পারেনি। বার বার মনে হয়েছে- আহা! কি আনন্দ আকাশে বাতাসে

যেসব পূজ্য ব্যক্তিদের দৃষ্টিভঙ্গি ও অমায়িক আচরণের জন্যে আমার এ অনুভূতি তাঁদের কথা বলতেই হবে শুরুতেই এই কলেজের অন্যতম প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ প্রয়াত অনন্তলাল পাত্রের কথা মনে আসবে। ফর্সা রংয়ে মানুষটি একেবারেই সাদামাটাও পরিচ্ছন্ন। কলেজ ছাড়া অন্য কোনো বিষয় তার কর্মসূচীতে স্থান পায়নি। কলেজে

[illegible] তিনি কলেজ নিয়ে ভেবেছেন, কাজ করে গেছেন। অসম্ভব স্মৃতিশক্তির অধিকারী অধ্যক্ষ [illegible] শত ছাত্রছাত্রীকে তাদের পদবীসহ ডাকতে পারতেন। এমনকি অনেকের বাবার নাম ও [illegible] একটা কথা শুনেছিলাম আমেরিকার একজন রাষ্ট্রপতি সম্পর্কে যিনি তাঁর কর্তব্যরত পাচক, [illegible] পরিবেশক ও অন্যান্য কাজে নিযুক্ত প্রায় সহস্রাধিক কর্মীদের নাম ধরে ডাকতেন। [illegible] অর্জন করেছেন। সেই রাষ্ট্রপতি সম্ভবতঃ আইজেন আওয়ার (ভুলও হতে পারে)। [illegible] ও মানবিকতা অবশ্যই তাঁকে অনন্যতা দান করেছে। স্বভাবে ও মতাদর্শে তিনি কিছুটা [illegible] ১৯৭১ সালে ইতিহাসের অধ্যাপক দিলীপ দত্ত ও ইংরেজীর অধ্যাপক দীপেন চৌধুরী বিনা [illegible] হন। পরের বছর আবার অধ্যাপক দত্তকে জেলে পোরা হয়। তখন প্রচণ্ড রাজনৈতিক চাপ সৃষ্টি [illegible] ওপর -- ওঁদের চাকুরী থেকে ছাঁটাই করতে হবে। কিন্তু তিনি অটল ছিলেন তাঁর [illegible] না, একে বারেই না। তাঁর ব্যক্তিত্ব ও প্রভাব এতোটাই ছিলো যে তাঁর সিদ্ধান্ত উপেক্ষা করা [illegible] বলি। তিনি কোনোদিন খেলাধুলা করেছেন বলে শুনিনি, গভীরভাবে তা বোঝেন [illegible] সেই তিনিই খেলাধুলায় প্রচণ্ড উৎসাহী। টাউন ক্লাব ময়দানের নিয়মিত ফুটবল প্রতিযোগিতায় [illegible] ছাতা হাতে দেখা যেতো যিনি খেলাচলাকালীন মাঠের চারপাশে ঘুরে বেড়াচ্ছেন [illegible] না ঘটে।

[illegible] ধুতি-পাঞ্জাবী পরিহিত এই মানুষটি একজন দক্ষ প্রশাসক, প্রমানের অপেক্ষা রাখেনা। নতুন [illegible] পাঠাগার, সীমিত পুস্তক সংখ্যা, সীমিত অন্যান্য পরিষেবা, তবু শান্তই থাকতো কলেজের [illegible] এক দিনের জন্যেও কলেজে কোনো বিক্ষোভ আন্দোলন দেখা যায়নি। আতিথেয়তা তাঁর [illegible] কিংবা ইনটারভিউ দিতে আসা ব্যক্তিদের সমাদর করতে তাঁর কোনো কার্পন্য [illegible] বেতন হচ্ছেনা। ব্যক্তিগত ঝুঁকি ও দায়িত্ব নিয়ে ধনী ব্যবসায়ী প্রয়াত রাধাকিশোর [illegible] বেতন দিয়েছেন। সহকর্মীদের অসুবিধে হতে দেননি। কলেজের নতুন [illegible] কাজ শেষ না হওয়া পর্যন্ত রাত তিনটে পর্যন্ত মিস্ত্রিদের কাজের তদারকি করেছেন। [illegible] যে কয়েকজন অধ্যাপক ও শিক্ষাকর্মী রাত জেগে তাঁর পাশে ছিলেন। এমন [illegible] এসে জীবনের ক্লেদ, গ্লানি ও হীনতা দূর হয়ে যায়। তাঁর প্রতি অকৃত্রিম শ্রদ্ধা ও কৃতজ্ঞতা। [illegible] আমাদের কাছে।

[illegible] বলতে পারলে স্বস্তি পেতাম। স্বল্প পরিসরে তা সম্ভব নয়। ডঃ তরুন মুখার্জি এমনই [illegible] শ্রদ্ধা নিবেদনই যথেষ্ট নয়। ছাত্রদরদী, জনপ্রিয় শিক্ষক প্রয়াত ডঃ মুখার্জি [illegible] জন্যে এখনো তাঁর সহকর্মী ও ছাত্রদের আলোচনা ও আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়ে [illegible] বিশ্বনাথ ব্যানার্জি, অধ্যাপক লক্ষ্মীনারায়ণ দত্ত, অধ্যাপক পদ্মলোচন গাঙ্গুলী প্রমুখের [illegible] বিভাগ তখন বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ভালো ফলাফল করতো। অনেকদিন এখানে [illegible] সিউড়ি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ পদে যোগদান করেন। সেখানেই তাঁর বাড়ি। প্রশাসক

হিসেবে সেখানেও তিনি প্রশংসা কুড়িয়েছেন। কয়েক বছর পরে দুরারোগ্য ক্যান্সার রোগে তাঁর দেহাবসা
এমন প্রাণবন্ত সুজন মানুষ আমাদের হৃদয়ে সগৌরবে অবস্থান করবেন। সুস্থ সংস্কৃতির উপাসক অধ্যাপক
দাস ও অধ্যাপক দীপক নিয়োগীর নিষ্ঠ ভূমিকার কথা উল্লেখ না করলে অন্যায় হবে।

গান বাজনা, খেলাধূলা ইত্যাদি নিয়ে অধ্যাপক মহলে চাঁদের হাট। সংগীতে অধ্যাপক প্রশান্ত ব্যানার্জি,
রাধারমন দাস, অধ্যাপিকা অনিতা দাস, ডঃ আশিস খাস্তগীর ও তবলায় বিশ্বনাথ ব্যানার্জি, দিলীপ দত্ত ও
প্রচুর আনন্দ দান করেছেন। রাধারমন দাস বেতার অনুষ্ঠানে মাঝে মাঝে যোগদান করেছেন। তবে রবীন্দ্র
নজরুল গীতি ও গণ-সংগীতে প্রশান্ত ব্যানার্জীর মুন্সিয়ানা ছিলো অনেক আকর্ষক। এসব কর্মকান্ডে প্রাক্তন
ড. বিজয়কৃষ্ণ ভাণ্ডারী ও বর্তমান অধ্যক্ষ ড. বাপ্পাদিত্য মন্ডলও এগিয়ে আসতেন।

মাঝে মাঝেই শিক্ষাকর্মী ও ছাত্ররা খেলার মাঠে শিক্ষকদের মুখোমুখি হতেন। আমরা প্রয়াশঃই তাঁদের
পেরে উঠতাম না। ফুটবল, ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিসে ওঁদের সংগে টক্করদেয়া ছি
মুস্কিল। ওঁদের মধ্যে কেউ কেউ স্থানীয় ফুটবল ও ক্রিকেট টুর্নামেন্টে চুটিয়ে খেলেছেন। অধ্যাপক দেবব্র
বিশ্বনাথ ব্যানার্জি, ডঃ স্বপন দে, দিলীপ দত্ত, কৃষ্ণদাস গোস্বামীরা খেলায় অংশগ্রহণ করলেও অধ্যাপক
পাত্র, অধ্যাপক তপন নাগ, ডঃ উদয়ন সরকার, অধ্যাপক স্বপন সামন্ত, ডঃ জহর সাঁই, ডঃ বিরঞ্জন বোস,
চন্ডী মুখার্জি, অধ্যাপিকা ছায়া মুখার্জি, অধ্যাপিকা সুভদ্রা সরকার, ডঃ অরুন বিশ্বাস প্রমুখ ছিলেন উৎসাহী স

কলেজে পারস্পরিক সম্পর্ক ছিলো চমৎকার, বলা যেতে পারে ঈর্ষনীয়। শিক্ষক-শিক্ষাকর্মীদের বো
ও সহযোগিতা ছিলো আন্তরিক। কলেজের আর্থিক অসংগতির কথা ভেবে শিক্ষাকর্মী দেবব্রত চ্যাটার্জি ও
দিলীপ দত্ত মোটাসোটা খাতা পত্তর বগলদাবা করে চললেন কোলকাতায় কলেজের অডিট করিয়ে নিয়ে
অডিট শেষে টাকা বাঁচাতে কোলকাতার হোটেল নয়, অধ্যাপক দিলীপ দত্ত ও অধ্যাপক স্বপন দে-র
আহার ও রাত্রিযাপন। এসব ব্যাপারে শিক্ষাকর্মী সাধনরাম যাদব, নিখিল দে, রবি সিদ্ধান্ত, সুভাষ লোহার,
যাদব, অশোক মুখার্জি, দেবব্রত কর্মকার, সুকুমার ঘোষ, মোহন দত্ত, অশোক গায়েন, ভৈরব ব্যানার্জি, আন
শান্তি লাহা, লীলাবতী ভট্টাচার্য, দেবাশিষ বিশ্বাস, শেলী ব্যানার্জী ও অন্যান্যদের ভূমিকা অবশ্যই উল্লেখ
হবে।

অধ্যাপকদের সংগে কখনো সখনো বিরোধ হয়েছে, বিতর্ক হয়েছে, কিন্তু বিচ্ছেদ ঘটেনি। আজ মনে
অনেক ক্ষেত্রেই তাঁদের মতামত ছিলো গ্রহণযোগ্য ও অনুসরণীয়। তাঁদের মতে, কোনো সংস্থায়, বিশেষ
শিক্ষা প্রতিষ্ঠানে অসততা ও কদর্যতাকে কখনো আশ্রয়-প্রশ্রয় দেওয়া উচিত নয়। সঠিক বক্তব্য, আজকের প্রেক্ষ
তো বটেই।

আরো কয়েক জনের সম্পর্কে কিছু না বলা অনুচিত হবে। অধ্যাপক হরিসাধন মুখার্জি ছিলেন নিপাট ভদ্র
বয়সের ব্যবধানের জন্যে হয়তো তেমন ভাবে সব কর্মসূচীতে অংশ নিতে না পারলেও উপভোগ করতেন পুরো
বাণিজ্য বিভাগের অধ্যাপক সিদ্ধার্থ ব্যানার্জি ছিলেন অত্যন্ত আমুদে। বাংলা বিভাগের অধ্যাপক রাধা
বরাটের ক্ষমতা ও আগ্রহ ছিলো নজর কাড়ার মতো। লম্বা, রুগ্ন মানুষটি দীর্ঘদিন সোনামুখি পৌরসভার পৌর

সেবে কাজ করে শহরের সামগ্রিক উন্নতিতে অবদান রেখে গেছেন। কলেজের উন্নতিতেও তিনি সমান উদ্যোগী ছিলেন। প্রশাসনের উঁচু মহলে তাঁর যাতায়াত ও গ্রহণযোগ্যতা ছিলো অনেক বেশি। অনেক সহজেই সরকারী অনুদান কলেজ কিংবা পৌরসভার জন্যে নিয়ে আসতে পারতেন। দোষের মধ্যে অত্যধিক ধূমপান। শেষ জীবনে ক্যান্সারে দুর্বিষহ যন্ত্রনা ভোগ করে পৃথিবীকে বিদায় জানিয়েছেন। ব্যক্তিগত জীবনে তেমন কোনো সঞ্চয় রেখে যেতে পারেননি। দরাজ হাত। সকাল থেকেই সাহায্যপ্রার্থীর ভিড়। পকেট উজাড় করে দেয়া। অধ্যক্ষ অনন্ত পাল পাত্রের অত্যন্ত স্নেহধন্য হলেও কলেজে ও বাইরে তিনি যথেষ্ট গুরুত্ব, মর্যাদা পেতেন। পদ্মলোচন গাঙ্গুলী ছিলেন অসম্ভব ভালো মানুষ ছাত্র দরদী সুশিক্ষক। দীর্ঘ রোগভোগের পর গত ২৬ শে জুন ২০১৯ দেহত্যাগ করেন। এঁরা সবাই চলে গেছেন। তবে দীপেন চৌধুরী ও সিদ্ধার্থ ব্যানার্জি একটু অপরিণত বয়সে চলে গেছেন। তাঁদের সবার প্রতি গভীর সমবেদনা ও শ্রদ্ধা জানাই।

জনপ্রিয় গায়ক সতীনাথ মুখার্জি গেয়েছেন– 'কতো কথা হলো বলা, কতো কথা তবু বাকি, তোমারে তাই পিছু ডাকি।' যতোটা এখানে বললাম, তার সহস্র গুণ বলা হলো না। সোনামুখি কলেজ আমার জীবনের বিচিত্র দিক ও অভিজ্ঞতার স্মারক। যা পেয়েছি, তা তুলনাহীন। আমি অভিভূত। আপ্লুত। সোনামুখি কলেজের দীর্ঘ সময় আমার জীবনে মনোরম ও তৃপ্তিদায়ক এক মহার্ঘ অভিজ্ঞতা দান করেছে। পথের ভুলে সে আসেনি। অনিবার্যতায় এসেছে।

কলেজের সেই মনোরম দিনগুলো

তারক মুখার্জী
[প্রাক্তন ছাত্র]

স্মৃতি সব সময়ই মধুর। আমার এই রকম কিছু স্মৃতির কথা মনের মণিকোঠায় স্বতঃ উজ্জ্বল হয়ে আ কোন কোন সময় সেই স্মৃতি অনেক সময় মনকে বিষাদময় করে তোলে আবার কখন কখন তা আবার মনে আনন্দ আনে। এই লেখা লিখতে গিয়ে আমি সাহিত্য আলোচনা করছি না। আমার জীবনের কিছু কথা যা এ বলতে পরিনি, তাই বলতে চেষ্টা করছি।

সালটা ১৯৬৬ সাল। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল বেরিয়েছে। কলেজে পড়ার ইচ্ছা থাকলেও কিন্তু সময় আমার বাড়ী ছেড়ে বাইরের কোন কলেজে পড়াশুনা করা আমার পক্ষে খুবই অসুবিধাজনক কারণ হার্টের অসুখ। সেসময় হার্টের অসুখের চিকিৎসা বর্তমানের মত এত উন্নত ছিল না। এমনকি হার্টের বিশে ডাক্তারেরও সংখ্যা খুবই কম ছিল। তাই খুব চিন্তা হচ্ছিল যে কলেজে পড়া হয়তো আর হবে না। আমার বড় চাকুরির সূত্রে বাইরে, পরের ভাইরা খুবই ছোট। অতএব এখানে সবকিছু দেখাশোনা করা এবং বাবার তদার দায়িত্ব আমার উপরেই এসে পড়ে।

একদিন হঠাৎ শুনলাম আমাদের প্রধান শিক্ষক শ্রদ্ধেয় অনন্তলাল পাত্র মহাশয় সরকারের কাছে অনু নিয়ে এসেছেন। সোনামুখী বি. জে. হাইস্কুলেই অর্থাৎ আমার ইস্কুলেই কলেজের ক্লাস আরম্ভ হবে। অবশ্য আ যখন এগার ক্লাসে পড়ি তখনই আমাদের সংগে UE এর ক্লাস হোত। কলকাতা বিশ্ববিদ্যালয়ের যেটি আই বলে পড়ানো হত, বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ে সেটি UE অর্থাৎ University Entrance বা UE বলা হোত।

যাই হোক আমি এবং আমার কয়েকজন বন্ধু অমর সু, স্বরাজ ব্যানার্জী এবং আরও কয়েকজন বন্ধু সোনা কলেজে স্নাতকস্তরে পড়ার জন্য ভর্ত্তি হলাম। পাত্র-মশাই-ই কলেজের অস্থায়ী অধ্যক্ষ এবং একই সাথে সোনা বি. জে. হাইস্কুলের প্রধান শিক্ষক হিসাবে কাজ চালাতে লাগলেন। কলেজ আরম্ভ হওয়ার সাথে সাথে আ পেলাম বেশ কয়েকজন নতুন অধ্যাপক যেমন প্রশান্ত বন্দোপাধ্যায়, রাধারমন দাস, দিলীপ দত্ত; প্রবাল মহাশয়দের। পাত্র মশায়ের সুষ্ঠ পরিচালনায় ইস্কুলের দোতালায় কলেজের ক্লাস এবং নীচের তলায় ইস্কুলের ক্ল চলতে লাগলো। কলেজ আরম্ভের প্রথম দিকে কলা ও বাণিজ্য এই দুটি বিভাগের পড়াশুনা হতো। বাণি বিভাগের অধ্যাপক হিসাবে এসেছিলেন উদয় চাঁদ দত্ত, রাধাশ্যাম দে। পরে অবশ্য আরও অনেক অধ্যা এসেছিলেন যেমন অজয় দে (সংস্কৃত) দীপেন্দ্র নারায়ণ চৌধুরী (ইংরেজী)।

এই ভাবে চলতে লাগলো কলেজের পড়াশুনা। সোনামুখী কলেজের নিজস্ব ভবন তৈরীর কাজ তখন আরম্ভ হয়ে গেছে। সোনামুখীর রেল লাইনের ওপারে পানাগড় বিষ্ণুপুর রাস্তার পাশে অনেকখানি জমি স্ব বিষ্ণুপদ দে ও তাঁরই ভাই শক্তিপদ দে বিনামূল্যে কলেজ ভবনের জন্য দান করেন। তাঁদের এই দান কৃতজ্ঞত সহিত স্মরণে না রাখলে খুবই অন্যায় হবে। তাঁরা যদি এই জমি না দান করতেন তাহলে হয়তো এত সহ

লেজের জন্য এতখানি জায়গা পাওয়া সম্ভব হতো না। এখন ক
তাঁদেরই দান করা জমিতে।

আমরা তখন প্রথম বর্ষের শেষদিকে পড়াশুনা করছি সেসময়ই
লেজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এবং যখন পার্ট ওয়ান পরীক্ষ
াজ শেষ হয়েছে। আমরা Part - I পরীক্ষা বর্তমান কলেজ ভবন থে

সাধারণ ভাবে কলেজের প্রথম দিকের কথা বললাম। কিন্তু এই স
নন্তলাল পাত্র এবং শ্রদ্ধেয় হরিসাধন চট্টোপাধ্যায়, রাধাকিশোর দত্ত। ... পাশে
পাশে বিভিন্ন গ্রামে গ্রামে গিয়ে কলেজের জন্য অর্থ সংগ্রহ করেছেন। আম ... দু টাকা, এক টাকা
রে সংগ্রহ করেছি সোনামুখী এবং সংলগ্ন গ্রাম থেকে। সকালে যেতাম ... তাম সন্ধ্যাবেলা। গ্রামে কারুর
াড়িতে দুপুরে কোন কোন দিন খাওয়া হোত আবার কোন কোন দিন শুধু মুড়ি খেয়ে কাটিয়ে দিয়েছি। এটা অবশ্যই স্বীকার্য যে সোনামুখীতে কলেজ তৈরী হওয়ার পিছনে রয়েছে শ্রদ্ধেয় পাত্র মহাশয়ের সুষ্ঠ ব্যবস্থাপনা এবং সোনামুখী ও তৎসংলগ্ন গ্রামের মানুষের অকুণ্ঠ সাহায্য এবং সহযোগিতা।

কলেজ তৈরী হল। নতুন নতুন সব অধ্যাপক এলেন। আবার অনেকে তাঁদের সুবিধামত জায়গায় অধ্যাপনার সুযোগ পেয়ে চলে গেলেন। আমরা যখন দ্বিতীয় বর্ষের ছাত্র সেইসময় আমাদের কলেজে অধ্যাপক হয়ে এলেন আমাদেরই বি. জে. হাই স্কুলের শ্রদ্ধেয় শিক্ষক অসিত বিশ্বাস ও রাধাগোবিন্দ বরাট। সোনামুখী কলেজ যখন প্রথম আরম্ভ হয় তখন ছাত্র সংখ্যা ছিল খুবই কম। ফলে সব অধ্যাপক ছাত্র ছাত্রীদের চিনতেন এবং পড়াশুনার পরিবেশ ছিল খুবই সুন্দর। অধ্যাপকরা অত্যন্ত সচেতনভাবে কলেজের মান উন্নয়নের জন্য পাঠ দান করতেন। এমন কি নিচু ক্লাসে যে ভাবে পড়া ধরা হোত তাঁরাও সে ভাবেই পাঠদান করতেন। তাই আমাদের একটা আফশোষ ছিল যে স্কুলেও মাষ্টার মশাই পড়া ধরতেন, আবার কলেজেও সেই একরকম চলছে, এ কি কলেজে পড়া! আমাদের বন্ধুরা যারা বাইরে পড়তো তাদের কাছে শুনতাম ক্লাসে অধ্যাপক এসে যে বিষয় পড়াবেন সে সম্পর্কে বক্তৃতা দিয়ে চলে যেতেন।

নতুন কলেজ হলে কি হবে? অধ্যক্ষ মহাশয়-এর সব দিকেই নজর ছিল। তিনি কলেজে ছাত্র শিক্ষক সম্পর্ক যাতে অটুট থাকে তার জন্য কলেজের খেলাধুলার সাথে অধ্যাপকদেরও যুক্ত করে দিতেন। ফুটবল, ক্রিকেট, ভলিবল ইত্যাদির ব্যবস্থা তিনি করেছিলেন। কলেজের ক্লাস শেষ করে মাঠে ফুটবল খেলেছি অধ্যাপকদের সঙ্গে। এ ব্যাপারে দিলীপ দত্ত খুবই উৎসাহী ছিলেন। তাঁরা তখন মেসে থাকতেন। আমরা স্যারকে ডাকতে যেতাম ফুটবল খেলার জন্য। তিনি আবার খুব সুন্দর তবলা বাজাতেন। প্রশান্ত বাবু, রাধারমন বাবু গানের লোক ছিলেন। রাধারমন বাবু পল্লীগীতি গাইতেন আর প্রশান্ত বাবু সব রকম গানই গাইতেন, বিশেষ করে নজরুল গীতি ও রবীন্দ্র সংগীত। পরে অবশ্য আরও অনেক অধ্যাপক এসেছেন, সকলের নাম মনেও নেই। আবার অনেকে আমরা কলেজ ছাড়ার পর এসেছেন। সকলের সাথেই অল্প বিস্তর আলাপ ছিল বা আছে।

এখন কলেজের আকার-আয়তন বিশাল, ছাত্র ছাত্রীও অনেক কিন্তু কলেজের সেকালের পরিবেশের সংগে একালের পরিবেশের আকাশ পাতাল তফাত। বিশেষ করে ছাত্রদের মধ্যে রাজনীতির অনুপ্রবেশ ছাত্র ছাত্রী ও

লেজের জন্য এতখানি জায়গা পাওয়া সম্ভব হতো না। এখন সোনামুখী কলেজের যে বিশাল ভবন তৈরী হয়েছে া তাঁদেরই দান করা জমিতে।

আমরা তখন প্রথম বর্ষের শেষদিকে পড়াশুনা করছি সেসময়ই তদানীন্তন শিক্ষামন্ত্রী রবীন্দ্রলাল সিংহ মহাশয় লেজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এবং যখন পার্ট ওয়ান পরীক্ষা দিই, সেই সময় কলেজ ভবনের আংশিক াজ শেষ হয়েছে। আমরা Part - I পরীক্ষা বর্তমান কলেজ ভবন থেকেই দিয়েছি।

সাধারণ ভাবে কলেজের প্রথম দিকের কথা বললাম। কিন্তু এই সমস্ত কর্মকাণ্ডের সেনাপতি ছিলেন শ্রদ্ধেয় নন্তলাল পাত্র এবং শ্রদ্ধেয় হরিসাধন চট্টোপাধ্যায়, রাধাকিশোর দত্ত। ওঁরা একটি দল করে সোনামুখীর আশে পাশে বিভিন্ন গ্রামে গ্রামে গিয়ে কলেজের জন্য অর্থ সংগ্রহ করেছেন। আমরা কৌটাতে করে দু টাকা, এক টাকা রে সংগ্রহ করেছি সোনামুখী এবং সংলগ্ন গ্রাম থেকে। সকালে যেতাম ফিরতাম সন্ধ্যাবেলা। গ্রামে কারুর াড়িতে দুপুরে কোন কোন দিন খাওয়া হোত আবার কোন কোন দিন শুধু মুড়ি খেয়ে কাটিয়ে দিয়েছি। এটা বশ্যই স্বীকার্য যে সোনামুখীতে কলেজ তৈরী হওয়ার পিছনে রয়েছে শ্রদ্ধেয় পাত্র মহাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং সোনামুখী ও তৎসংলগ্ন গ্রামের মানুষের অকুণ্ঠ সাহায্য এবং সহযোগিতা।

কলেজ তৈরী হল। নতুন নতুন সব অধ্যাপক এলেন। আবার অনেকে তাঁদের সুবিধামত জায়গায় অধ্যাপনার সুযোগ পেয়ে চলে গেলেন। আমরা যখন দ্বিতীয় বর্ষের ছাত্র সেইসময় আমাদের কলেজে অধ্যাপক হয়ে এলেন আমাদেরই বি. জে. হাই স্কুলের শ্রদ্ধেয় শিক্ষক অসিত বিশ্বাস ও রাধাগোবিন্দ বরাট। সোনামুখী কলেজ যখন প্রথম আরম্ভ হয় তখন ছাত্র সংখ্যা ছিল খুবই কম। ফলে সব অধ্যাপক ছাত্র ছাত্রীদের চিনতেন এবং পড়াশুনার পরিবেশ ছিল খুবই সুন্দর। অধ্যাপকরা অত্যন্ত সচেতনভাবে কলেজের মান উন্নয়নের জন্য পাঠ দান করতেন। এমন কি নিচু ক্লাসে যে ভাবে পড়া ধরা হোত তাঁরাও সে ভাবেই পাঠদান করতেন। তাই আমাদের একটা আফশোষ ছিল যে হস্কুলেও মাষ্টার মশাই পড়া ধরতেন, আবার কলেজেও সেই একরকম চলছে, এ কি কলেজে পড়া! আমাদের বন্ধুরা যারা বাইরে পড়তো তাদের কাছে শুনতাম ক্লাসে অধ্যাপক এসে যে বিষয় পড়াবেন সে সম্পর্কে বক্তৃতা দিয়ে চলে যেতেন।

নতুন কলেজ হলে কি হবে? অধ্যক্ষ মহাশয়-এর সব দিকেই নজর ছিল। তিনি কলেজে ছাত্র শিক্ষক সম্পর্ক যাতে অটুট থাকে তার জন্য কলেজের খেলাধুলার সাথে অধ্যাপকদেরও যুক্ত করে দিতেন। ফুটবল, ক্রিকেট, ভলিবল ইত্যাদির ব্যবস্থা তিনি করেছিলেন। কলেজের ক্লাস শেষ করে মাঠে ফুটবল খেলেছি অধ্যাপকদের সঙ্গে। এ ব্যাপারে দিলীপ দত্ত খুবই উৎসাহী ছিলেন। তাঁরা তখন মেসে থাকতেন। আমরা স্যারকে ডাকতে যেতাম ফুটবল খেলার জন্য। তিনি আবার খুব সুন্দর তবলা বাজাতেন। প্রশান্ত বাবু, রাধারমন বাবু গানের লোক ছিলেন। রাধারমন বাবু পল্লীগীতি গাইতেন আর প্রশান্ত বাবু সব রকম গানই গাইতেন, বিশেষ করে নজরুল গীতি ও রবীন্দ্র সংগীত। পরে অবশ্য আরও অনেক অধ্যাপক এসেছেন, সকলের নাম মনেও নেই। আবার অনেকে আমরা কলেজ ছাড়ার পর এসেছেন। সকলের সাথেই অল্প বিস্তর আলাপ ছিল বা আছে।

এখন কলেজের আকার-আয়তন বিশাল, ছাত্র ছাত্রীও অনেক কিন্তু কলেজের সেকালের পরিবেশের সংগে একালের পরিবেশের আকাশ পাতাল তফাত। বিশেষ করে ছাত্রদের মধ্যে রাজনীতির অনুপ্রবেশ ছাত্র ছাত্রী ও

অধ্যাপকদের মধ্যে এক বিশাল প্রাচীর তৈরী করে দিয়েছে। সেকালে যে রাজনীতি ছিলনা তা নয় কিন্তু বর্তমান
মত এত বিধ্বংসী রূপ ধারণ করে নি। আমাদের সময় কলেজে যে ছাত্র সংসদ ছিল না তাও নয়।
রাজনীতিকে কলেজের বাইরে রেখে পড়াশুনা করেছি। তখন অনেক অধ্যাপক ও ছাত্র বাম মনোভাবাপন্ন ছি
কিন্তু তা হলেও আমরা যারা দক্ষিণপন্থী মনোভাবাপন্ন ছিলাম, তাদের মধ্যে কোনো বিবাদ বিসংবাদ ছিল না
কোন ঘটনা ঘটুক না তা আমরা নিজেরা অধ্যাপক ও ছাত্র সমবেতভাবে আলোচনার মাধ্যমে মিটিয়ে নি
অধ্যাপকদের সংগে অনেক সময় অনেক মতোবিরোধ হয়েছে কিন্তু তা কোন দিনই কোন ভাবে ধ্বংসাত্মক
নেয়নি। ছাত্র রাজনীতি নিয়ে সারা বাংলা তথা ভারতে বিভিন্ন পন্ডিত ব্যক্তি বিভিন্ন কথা বলেন। কিন্তু ব
রাজনীতি সেই সমস্ত কথার কোন গুরুত্ব না দিয়ে নিজেদের পথেই চলেছে যা ভবিষ্যতে ভয়াবহ রূপ ধারণ
শিক্ষার অংগনকে যে কোন মুহূর্তেই ধ্বংসের দিকে নিয়ে যেতে পারে। সোনামুখী কলেজের প্রাক্তন ছাত্র হি
বলতে চাই আমরা যে সময় কলেজে পড়াশুনা করেছি, সে সময় বহু অসুবিধা ছিল। বিগত ৫০ বছরে শি
অংগনে পরিকাঠামোর বহু পরিবর্তন ঘটেছে, অনেক বিষয় বহু সরলিকরণ হয়েছে। অধুনিকীকরণ হ
সিলেবাসের। স্নাতক স্তরের পরে স্নাতকোত্তর স্তরের পড়াশোনার দরজা খুলে যাচ্ছে কলেজে কলেজে। প্রস
হয়েছে গবেষণার সুযোগ; বাস্তবের দিকে তাকিয়ে সামগ্রিক মানসিকতার প্রয়োজন খুবই জরুরী। তাই এই স
প্রতিটি কলেজে প্রয়োজন দায়িত্বশীল ছাত্র নেতার, ছাত্র রাজনীতির রাশ থাকবে যার হাতে। বর্তমান সময়ে
শিক্ষক সকলেই যদি আন্তরিকতা দেখান তাহলে এই দুঃসময় কাটিয়ে ওঠা যাবে।

১৯৬৮ থেকে তিন বছর : কলেজের স্মৃতি

সৌরীন্দ্রমোহন চৌধুরী
[প্রাক্তন ছাত্র]

আমার সময়ে কলেজ জীবন ছিল "সকলের তরে সকলে আমরা প্রত্যেকে আমরা পরের তরে" কলেজ
জীবনের কথা বলতে গেলেই সেই সময়ের টুকরো টুকরো স্মৃতির অজস্র বর্ণালী মেঘ মনের আকাশে ভীড় করে।
সেদিনকার স্মৃতিগুলো ছিল আশা আনন্দের আলোয় উজ্জ্বল। ভাল করে মনে আছে তখন সালটা ছিল ১৯৬৮।
বাবার সাইকেলের পিছনে বসে সোনামুখী মহাবিদ্যালয়ে ভর্তির জন্য গিয়েছিলাম। পরণে ছিল একটা হাফ প্যান্ট
আর একটা হাফ সার্ট। অধ্যক্ষ মহাশয়ের রুমে ভক্তিভরে প্রণাম করতেই এখনো মনে আছে উনি আশীর্বাদ করার
পরই যে কথাটা প্রথম আমাকে বলেছিলেন সেটা হলো "বাবা! এটা কলেজ। এখানে ছেলে মেয়ে সবাই পড়াশুনা
করে। তুমি একটা ফুল প্যান্ট বা পাজামা পরে কলেজে আসবে। হাফ প্যান্ট নয়।"

যাক, ওঁর কথা শিরোধার্য করে সে সময় পাজামা কখনো বা ফুল প্যান্ট পরেই কলেজে যেতে শুরু করলাম।
আমার কম্বিনেশন ছিল ইতিহাস ও ইকোনমিক্স।

সে সময় কলেজে উপযুক্ত রুমের প্রাচুর্য ছিল না। উত্তর দিকের নগেন্দ্রনাথ দত্ত মহাশয়ের পরিত্যক্ত সিনেমা
হলটা ছিল আমাদের কমনরুম। কিন্তু সেসময় যেটা আমাকে সবচেয়ে প্রভাবিত করেছিল সেটা হচ্ছে ছাত্র-শিক্ষক
সুমধুর সম্পর্ক। চিন্তনে, মননে, ভাবনায় আমরা একাত্মতা অনুভব করতাম।

পড়াশুনার বাইরেও ছিল একটা সুস্থ স্বাভাবিক সাবলীল শ্রদ্ধা ও ভালবাসার জায়গা। যেটা অনুভব করে
এমন তৃপ্তি পাওয়া যায় যা ভাষায় প্রকাশ করা যায় না।

এখনো মনে আছে পাত্র মশাই (অনন্তলাল পাত্র) আমাদের কয়েকজনকে ডেকে বললেন যে কলেজের
উন্নয়নের জন্য দিনকয়েক আমরা কয়েকটা গ্রামে 'মাগতে' (সাহায্য) যাবো। সঙ্গে সঙ্গে কয়েকজন রাজী হয়ে
গেলাম। বলরামপুর, পাথরমোড়া, মানিকবাজার ইত্যাদি গ্রামে দিন কয়েক গেলাম। সঙ্গে ছিলেন কর্তা। কারণ
কিছু মানুষ টাকার অভাবে আমাদের চাল সাহায্য করেছিলেন। তাই পিঠে, মাথায় সকলে মিলে সেগুলো নিয়ে
এসেছিলাম। তখন কোন কষ্ট হয় নি, ছিল না কোন লজ্জা, বরং যেটা ছিল সেটা হলো একটা অদম্য উৎসাহ আর
উদ্দীপনা – "আমাদের কলেজের উন্নয়ন।"

পাত্র মহাশয়ের সন্তান বাৎসল্যের কথা না বললেই নয়। শীতকালে একটা ছুটির দিনে ওঁনার কাছে বাড়ীতে
একটা Reference বই আনতে গিয়েছিলাম কারণ উনি আমাদের 'ভারতের ইতিহাস' পড়াতেন। সেসময় উনি
টিফিন করছিলেন আন্দাজ সকাল ১০ – ১০-৩০ মিঃ। মেনুটা ছিল ভাতের সঙ্গে মুড়ি মাখিয়ে (ভাতে-মুড়ি)
খাচ্ছেন। আমাকে দেখেই তিনি বলে উঠেছিলেন "ছুঁচো এসেছিস – এই নে এটা ধর।" এই বলে ওঁনার থালা
থেকে ভাতে মুড়ির একটা ডেলা আমার হাতে ধরিয়ে দিয়েছিলেন। আর আমিও দ্বিধা না রেখে, লজ্জা না করে
তৎক্ষনাৎ সেটা গলাধঃকরণ করে নিয়েছিলাম। আজকের দিনে ভাবা যায় না যে একজন অধ্যক্ষ তার খাবার থালা
থেকে এঁটো খাবার একজন ছাত্রকে নির্দ্বিধায় তুলে দিচ্ছেন আর ছাত্র তা সানন্দে গ্রহণ করছে। কতটা আন্তরিক বা
মহৎ হৃদয় হলে এটা সম্ভব হয় সেটা কোন কবি বা লেখকও হয়তো কল্পনা করতে পারবেন না। কিছু স্বার্থান্বেষী

রাজনীতিবিদ তাদের সংকীর্ণ স্বার্থ চরিতার্থ করতে আজকের কলেজ ছাত্র ছাত্রীদের মধ্যে সাম্প্রদায়িকতা ও বি
বিষ ছড়িয়ে দিয়ে সম্পর্কটা তিক্ত করছে।

আরও যে সমস্ত শিক্ষাগুরুর স্মৃতি হৃদয়ের মণিকোঠায় গেঁথে আছে তাঁরা হলেন মাননীয় শ্রী দিলীপ দ
প্রশান্ত বন্দ্যোপাধ্যায়, প্রয়াত রাধাগোবিন্দ বরাট, শ্রী অসিত বরণ বিশ্বাস, শ্রী রাধাশ্যাম দে, শ্রী বিশ্বনাথ ব্যা
শ্রী দেবব্রত দত্ত (যাঁকে 2nd Year থেকে পেয়েছিলাম)। এছাড়াও ভক্তি বাবু, মুরুলিদা, জয়দেব, রামব
ভজাদা প্রমুখ অশিক্ষক কর্মচারী এঁদের প্রত্যেকের সঙ্গে ছিল একটা পারস্পরিক সুমধুর সম্পর্ক। আর আ
নিজেদের সহপাঠীদের বা সিনিয়র দাদাদের অথবা ছোট ছোট জুনিয়র ভাই বোনদের সঙ্গেও একটা নিবিড় অ
সম্পর্ক গড়ে উঠেছিল। এটা সম্ভব হয়েছিল এজন্যই যে তখন আমাদের ছাত্র ছাত্রীর সংখ্যাও ছিল সীমিত
ছাত্র শিক্ষক সম্পর্কটা ছিল অপূর্ব শৃঙ্খলা আর নিয়ম নিষ্ঠার সুনিয়ন্ত্রিত পরিমণ্ডলে আবদ্ধ।

মনে আছে তখন অধ্যাপকগণ একটা মেসে থাকতেন যেটা বর্তমানে শুভম লজ নামে পরিচিত। কলে
পড়াশুনার পর ছুটির দিনে যে কোন কাজ নিয়ে ওঁনাদের কাছে গেলে কত আন্তরিকতার সঙ্গে সাহায্য ক
যেটা আজও কৃতজ্ঞচিত্তে মনে আছে। একবার দীপেন বাবুর সর্দিজ্বর হয়ে সোনামুখী হাসপাতালে ভর্তি হয়েছি
শুনেছিলাম নিউমোনিয়া হয়েছে। তখন উনি নকশাল করতেন। কিন্তু আমরা কয়েকজন ছাত্রছাত্রী কোন
তোয়াক্কা না করে দেখতে গিয়েছিলাম, তাঁর শারিরীক অবস্থার খোঁজ খবর নিয়েছিলাম শুধুমাত্র সহমর্মিতা
ভালবাসার জন্যই। হরিসাধন বাবুর কাছে ছুটির দিন টিফিনের সময় গেলে কতবার কিসমিস, কাজু খেয়েছি
স্মৃতিগুলো আজও শিহরিত করে। সবসময় উন্মুক্ত ছিল দিলীপবাবু, প্রশান্তবাবুর দরজা। মাঝের লনের
তখন সরস্বতী পুজা হতো। ছিল না কোন প্যাণ্ডেল বা জাঁকজমক। ছিল আন্তরিকতা। অংশগ্রহণ করতেন
অধ্যাপক সকলেই। হতো থিয়েটার। মাঘ মাসের সন্ধ্যারতির পর ঐ শীতে ৯-৩০ – ১০-০০ টায় রাত্রিতে
ফিরতাম সাইকেলে এবং একা কারণ আমার এলাকার আর কোন ছাত্র ছিল না। কলেজে তিনবছর ধরে দেও
পত্রিকা বার করেছি। পত্রিকা সম্পাদকও ছিলাম। ফুটবল, ক্রিকেট, ভলিবল অধ্যাপকদের সঙ্গেই খেলেছি।

কলেজের প্রাকৃতিক পরিবেশটাও ছিল অতি মনোরম যেন স্বর্ণপুরী। পূর্বদিকে আম, কাঁঠাল, শাল, পি
কাঁদ গাছের মনোরম ছায়া এবং সেই ছায়াতে বুক ভরে নিয়েছি তাজা বাতাস। পশু পাখীর বিচিত্র কল
উপভোগ করার জন্য অফ পিরিয়ডে বেরিয়ে পড়তাম। অনেক সময় মর্ণিং ক্লাস গাছতলাতেও করেছি, মনে হ
যেন একটা আশ্রমিক পরিবেশ।

আমাদের কলেজ জীবনের সঙ্গে আজকের কলেজ জীবনের ছাত্রছাত্রী বা অধ্যাপক অধ্যাপিকাদের জীবনের এ
বড় পার্থক্য মনে কষ্ট দেয়। যান্ত্রিক শুষ্ক নীরস গ্রন্থকেন্দ্রিক শিক্ষা যা ছাত্র সম্প্রদায়কে জীবনের নতুনতর
দেখাতে ব্যর্থ হয়েছে। কারণ একটাই – প্রতিটি ক্ষেত্রেই অশান্তি, উচ্ছৃঙ্খল আচরণ, নিয়ম নিষ্ঠার অভাব।

সবশেষে রবীন্দ্রনাথের কথায় আজকের কলেজ জীবনের ছাত্র ছাত্রী ও শিক্ষাগুরুদের মধ্যে যে সম্পর্ক তৈ
হচ্ছে তাকে বলা যেতে পারে "একালে যেটাকে আমরা এডুকেশন বলি তার আরম্ভ শহরে। তার পিছনে ব্য
ও চাকুরী চলছে আনুষঙ্গিক হয়ে। এই বিদেশী শিক্ষাবিধি রেল কামরার দীপের মতো। কামরাটা উজ্জ্বল, কিন্তু
যোজন যোজন পথ গাড়ী চলেছে ছুটে, সেটা অন্ধকারে লুপ্ত।

আজকের স্মৃতিচারণে আমার কলেজ জীবনের সমস্ত শিক্ষাগুরুকে জানাই সশ্রদ্ধ প্রণাম আর সেই সময়ে
সমস্ত ছাত্রছাত্রী কলেজ বন্ধুদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও ভালোবাসা আর বর্তমান ও ভবিষ্যত প্রজন্মদের জ
রইল অফুরন্ত প্রীতি ও শুভেচ্ছা।

সোনামুখী কলেজে ফেলে আসা সোনার দিনগুলি

ড. রামপ্রসাদ বিশ্বাস

[প্রাক্তন ছাত্র]

আমি তখন কুঁড়ি নই, কুড়ি। দুচোখ ভরা স্বপ্ন। দেহে মনে তারুণ্য। কল্পনার রাজত্বে নিত্য আনাগোনা। শ বছরের চোখ দিয়ে দেখলাম উনিশ বছর বয়সী কলেজকে। তারও কায়ায় ও ছায়ায় যৌবনের চোখ ঝলসানো প্তি। তার দেহে তখন নাগরিক পরিপাট্য নেই। রঙের চমক নেই, সাজসজ্জার বাহার নেই। ঠিক পাড়াগ্রামের যত্ন বিন্যস্ত সরলা কিশোরীর মতো স্নেহ ঢলঢল, কিন্তু চোখে কাজল না থাকলেও ছিল খাঁটি আগুন। ছিল দ্যুৎ; ছিল উষ্ণ আহ্বান; তখন সে অবারিত; নিরাভরণ নারীটির মতো। তখনো আমার কলেজ চার দিকে াচীর এমন করে তুলতে পারে নি। এখন কার নয়নচিমোহন চাকচিক্য লাভ করেনি। কিন্তু তার মধ্যে লাবণ্য ছিল, প্রাণ-বন্যা ছিল।

ঝু-ঝিক ঝিক বি.ডি. আর রেল-চলা লাইন পেরোলেই শালবন। ঘনশ্যাম বনানী ঘেঁসেই দাঁড়িয়ে ছিল আমার কলেজ। এখনো সে সেখানেই আছে। কিন্তু যেন নেই সেখানে। পশ্চিম দিক দিয়ে চলে গেছে সোনামুখী-বিষ্ণুপুর রাজপথ। ভারত যাত্রা যেন অরণ্যের অভিমুখে।

দখিনা বাতাস বইতো। বইতো বিনা বাধায়। এখনো মলয় পবন শালবনে দোলা দিয়ে যায়; কিন্তু আমার যৌবন-অতিক্রান্ত মনে আর তেমন করে হিল্লোল তুলতে পারে না। সে হয়তো এখনকার সবুজ অবুঝদের উতলা করে, মন্ত্রণা দেয়, হয়তো তা যন্ত্রণাও দেয়। যন্ত্রযুগ যন্ত্রণার, না আনন্দের সে জবাব দেব এখনকার তরুণ-তরুণী।

তখন অধ্যক্ষ ছিলেন সমীরণ সান্যাল। তিনি বেশি দিন থাকলেন না। ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্ব নেন দর্শন বিভাগের অধ্যাপক রাধারমণ দাস। দর্শনের ক্লাসে খুব মজা করে পড়াতেন। ছিলেন সুরসিক। তাঁর সহধর্মিণী অধ্যাপিকা অনিতা দাস ছিলেন খুব জনপ্রিয় অধ্যাপিকা। তাঁর পাঠদান-শৈলী ছিল অসাধারণ।

বাণিজ্য বিভাগের তখন খুব নাম ছিল। শুনেছি বর্ধমান বিশ্ববিদ্যালয়ে সোনামুখী কলেজের কর্মার্সের দিক দিয়ে উচ্চ স্থান ছিল। আমাদের অনেক বন্ধু স্কেল হাতে নিয়ে, হিসাবশাস্ত্রের বই নিয়ে ঘোরাঘুরি করত, সদা ব্যস্ত থাকত। সোনামুখী কলেজ তখন ক্লাসের দিক দিয়ে অত্যন্ত অগ্রসর।

বিজ্ঞান বিভাগে অসামান্য দক্ষ অধ্যাপক ছিলেন। কিন্তু প্রাণিতত্ত্ব, উদ্ভিদবিদ্যায় বিভাগের খুব খ্যাতি ছিল। পিওর সায়েন্সে সাম্মানিক বিভাগ খুব কম ছিল। কিন্তু (সায়েন্সের) পাসকোর্সের অধ্যাপক-অধ্যাপিকাগণ ছিলেন উৎসর্গিকৃত প্রাণ।

রাষ্ট্রবিজ্ঞানেও অনার্স পড়ানো হতো। দর্শনে তো ছিলই। তখন বাংলা বিভাগের (সম্মানিক) খুব খ্যাতি প্রতিপত্তি ছিল। আমি বাংলা স্নাতক ক্লাসে পেয়েছিলাম অধ্যাপক রাধাগোবিন্দ বরাটকে যাঁর হৃদয় ছিল আকাশের মতো প্রশস্ত। ড. স্বপন দের-র মতো ছাত্রদরদী, শিশুকে স্বভাবের মানুষ তার পূর্বে দেখিনি। ছিলেন আধুনিকমনা প্রগতিশীল পরিশ্রমী পন্ডিত সংগীত-জানা রবীন্দ্র-সংগীতপ্রিয় দৃপ্ত অধ্যাপক অশিস খাস্তগীর। অংশকালীন

অধ্যাপক হিসাবে পড়াতেন ড. নমিতা মণ্ডল (যিনি ছিলেন লোক সংস্কৃতি বিশেষজ্ঞ) ও রাজেন্দ্রনাথ
পূর্ণ সময়ের অধ্যাপক না হলেও দুজনেই ছাত্রছাত্রীর মন জয় করতে পেরেছিলেন। দুজনেই ছিলেন
প্রিয় অধ্যাপক।

অধ্যাপিকা মীরা রায়কে (মুখোপাধ্যায়) প্রথম বছর পাইনি। তখন তিনি দীর্ঘ ছুটিতে ছিলেন। পরে
তাঁকে ক্লাসে পাই। তিনি ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রমথ বিশির ছাত্রী। তাঁর পাঠশৈলী ছিল চম
গভীর জ্ঞানের অধিকারিনী ছিলেন।

আমাদের বাংলা অনার্সের ক্লাস হতো কলেজের মূল ইমারতের বাইরে উত্তর দিকের ছোটো ছোটো
আমাদের বিভাগ ছিল ২০ আসন বিশিষ্ট। একটু নিরিবিলি পরিবেশ। অনেকটা যেন আশ্রমিক পরিবে
মিলে বইত এক মধুর আবহাওয়া। পরস্পরের মধ্যে নিকট সম্পর্ক, আত্মীয়ের সম্পর্ক ছিল। অধিকাংশ
ছিল শান্ত। দূরদূরান্তের গ্রাম থেকে আসতো ছেলেমেয়েরা। দুর্গাপুর থেকে তখন বেশ কিছু ছাত্রছাত্রী আ

বিষ্ণুপুর আর দুর্গাপুরের মাঝখানে, বাঁকুড়া আর বর্ধমানের মাঝে আর কোনো কলেজ ছিল না। ফলে
কলেজে ছাত্রছাত্রী আসত প্রচুর। তবু হৈ হট্টগোল তেমন ছিল না। একটা শান্ত সিগ্ধ পরিবেশ।

আমার পার্সকোর্সে ছিল ইতিহাস ও দর্শন। ইতিহাসে শাহজামালবাবু খুব যত্ন করে খেটে পড়াতেন।
নিয়মিত ক্লাস করতেন। অধ্যাপ দিলীপ দত্তের পড়ানো ছিল খুব আকর্ষণীয়। ফরাসী বিপ্লব যখন পড়া
তখন তাঁর কন্ঠস্বরের মধ্যে অসাধারণ ব্যঞ্জনা বেরিয়ে আসত। তাঁর ক্লাস এতো আকর্ষণীয় যে আমি তাঁর
সবসময় উপস্থিত থাকতাম।

দর্শনে রাধারমণবাবু ও অনিতা দাসের ক্লাস ছিল চুম্বকের মতো। মনোবিজ্ঞানে RD, AD তর্কবিদ্যায় অ
KG (কৃষ্ণগোপালবাবু) পড়াতেন ভারতীয় দর্শন। এ বিষয়ে তাঁর গভীর ব্যুৎপত্তি ছিল।

অন্য বিষয়ের মধ্যে রাষ্ট্রবিজ্ঞান বিভাগ খুব নাম করা ছিল। আলমবাবু আর চণ্ডীদাস মুখোপাধ্যায়ে
তখন সবার মুখে মুখে। আলমবাবুর ব্যক্তিত্বে আর চণ্ডীবাবুর কন্ঠস্বরে ছিল মোহিনী যাদু। আমি ক্লাসের ব
দাঁড়িয়ে তাঁদের ক্লাস অবাক বিস্ময়ে শুধু শুনতাম না, পান করতাম সঞ্জীবনী সুধা। তাও আমাদের ক
ক্লাসের ফাঁকে ফাঁকে।

ইংরাজী ছিল ঐচ্ছিক। ইংরাজীতে দুইজন রত্ন অধ্যাপক ছিলেন। দ্বিপেনবাবু (DNC) আর হরিসাধন
(H.M) এঁদের তুলনা হয় না। কিন্তু ইংরাজী অনার্স না থাকায় তাঁদের কৃতিত্ব তেমন স্বীকৃতি পেল না। গু
HM ছিলেন Ex Military man। তাঁর মুখের ইংরাজী যেন বন্দুকের থেকে নির্গত হওয়া বুলেট। একে
সোজা হয়ে চলতেন। মাথায় ছাতা। বাঁ হাতে বাংলা ছাতার বাঁটটি ধরা। দূর থেকেই বোঝা যেত HM যাচ্ছে

কমার্স বিভাগে PLG ছিলেন (পদ্মলোচন গাঙ্গুলী) সপ্রাটোচিত। তিনি উঁচুমানের লেখক ছিলেন। অধ্যা
প্রশান্ত কুমার বন্দোপাধ্যায় (PG) ছিলেন সর্বজন শ্রদ্ধেয় ও প্রিয়। তাঁর গায়কী, কন্ঠযাদু ও ব্যক্তিত্ব এই তি
বিষয়ে সকলকে আকর্ষণ করতো।

গ্রন্থাগার আমাদের সামনে তুলে ধরেছিল বিরাট সুযোগ। গ্রন্থগারের কর্মীদের ব্যবহার ছিল চমৎকা
প্রধান গ্রন্থাগারিক মিহিরদা (মিহির মুখোপাধ্যায়) যিনি পুরপ্রধানও হয়েছিলেন। তিনি খুব সহযোগী ছিলে
শান্তিদা (লাহা) খুব আন্তরিক ছিলেন।

শিক্ষাকর্মীদের ব্যবহার ভোলবার নয়। দুই দেবুদা (কর্মকার, চ্যাটার্জী), সাধনদা (সাধনলাল যাদব),
নিসুরদা (রহমান) আর আনন্দদা (দাস) কথা বেশি মনে পড়ে। তাঁদের ব্যবহার আপন দাদার মতই। সহেলীদিও
বন্দোপাধ্যায়) খুব কর্মনিষ্ঠ ছিলেন। নিখিলদার (দে) ব্যবহার ছিল খুব মধুর।

সুকুমার রায়ের জন্ম শতবর্ষ উদ্‌যাপিত হয়েছিল কলেজে। প্রধানবক্তা ছিলেন RGB (অধ্যাপক রাধাগোবিন্দ
রাট)। তাঁর তথ্য সমৃদ্ধ বক্তৃতা সমগ্র হলভরা শ্রোতাদের মন্ত্রমুগ্ধ করে রেখেছিল। ছাত্রদের মধ্যে একমাত্র
আমাকে বলার সুযোগ দেন স্যারেরা। আমি কিছু বলি। বরাটবাবুর বলার পরে আর বলার থাকে না। হেমন্ত
মুখোপাধ্যায়ের গানের পর পাড়ার পল্টুর গান কেউ শোনে না। কিন্তু গুণগ্রাহী গুরুদেবগণ সেদিন শুনেছিলেন।
আমার উপর তাঁদের স্নেহবর্ষণ এতটাই হয়েছিল যে RD টি হঠাৎ ঘোষণা করলেন 'ছাত্রটিকে বিশেষ পুরস্কার
দেওয়া হবে'। বুদ্ধদেব বসুর কবিতা সংকলন বই তাঁর হাত থেকে নিই। যাতে তাঁর স্বাক্ষর এখনো আছে।

গুরুদেবদের স্পর্শ ও স্নেহ আমাকে এগিয়ে দেয় অনেকটাই। ২০০৮ সালে কোডারমায় নিখিল ভারত বঙ্গ
সাহিত্য সম্মেলনে (কেন্দ্রীয় অধিবেশন) তৎকালীন অর্থ মন্ত্রী প্রণব মুখোপাধ্যায়ের উপস্থিতি ধন্য মঞ্চে বুদ্ধদেব
বসু স্মারক বক্তৃতা দেবার দুর্লভ সুযোগ পাই তখন কলেজ-থেকে পাওয়া উপহার পুস্তক খুব কাজে লেগেছিল।
গুরুজনের আশীর্বাদ পেলে খঞ্জও গিরি লঙ্ঘন করতে পারে। আমি তা জীবনের প্রতিটি ক্ষেত্রে মর্মে মর্মে
বুঝেছি।

যদি আমার মধ্যে ইত্যার্থক কিছুমাত্র থাকে, সেটার জন্য কলেজের কাছে আমি অসম্ভব ঋণী। সে ঋণ
অপরিশোধ্য।

কলেজের সেই শেষ ঐতিহাসিক অনুষ্ঠানে সবশেষে গান গেয়েছিলেন AK (আশিস খাস্তগীর) স্যার।
নামকরা রবীন্দ্রসংগীত 'তবু মনে রেখো'। এত ধীরে ধীরে গেয়েছিলেন যা বলার নয়। তবু শেষ পর্যন্ত শেষ
শ্রোতাটিও শুনতে পেরেছিল। এত দরদ দিয়ে গেয়েছিলেন যে গানটির প্রতিটি কথা আমাদের বুকে গেঁথে
যায়।

মনে রেখো! মনে রেখো! এতো হাহাকার! এতো আত্মার চির ক্রন্দন!

কলেজ আমাকে মনে রাখবে সে কীর্তি আমার মতো স্বল্পমতি লোকের নেই। কিন্তু আমি মনে রেখেছি।
মনে রাখব। ভুলবো না।

কলকাতার পোদ্দারদের দান করা পবিত্র প্রশস্তভূমির উপর গড়ে ওঠা, অনন্তলালপাত্র-নারায়ণগোপাল
চট্টোপাধ্যায়-রাধাগোবিন্দ বরাটদের মতো মহান ব্যক্তিদের উদ্যোগে এলাকার হাজার হাজার মানুষের হৃদয়
উৎসারিত ভালোবাসায় তৈরি সোনামুখী কলেজের প্রাঙ্গণে আভূমি আনত প্রণাম নিবেদন করি।

আমার সময়ের এবং এ প্রজন্মের কলেজ পড়ুয়াদের ডেকে ডেকে বলতে ইচ্ছে 'তবু মনে রেখো'। কলেজকে
মনে রেখো।

৫৪ বছরের আমি ২০ বছরের আমিকে বলি তোমার ফেলে আসা সোনার দিনগুলিকে ভুলো না। তা যে
শুধু শোনার নয়, সোনার।

ক্রমশঃ

ড. বাপ্পাদিত্য মণ্ডল
[অধ্যক্ষ, সোনামুখী কলেজ]

বিংশ শতাব্দী তখন মধ্যগগন পেরিয়ে গেছে অনেকটাই। বিশ্বব্রহ্মাণ্ডের ক্ষুদ্রতম কণা ওরফে কণার গাণিতিক হদিস সম্বন্ধে অবগত করে ফেলেছেন স্যার পিটার হিগস। দেশ বিভাজনের যন্ত্রণা ও থেকে মুক্তি পেতে প্রতিটি ভারতবাসী তখনও একলব্যের ভূমিকায়। স্বাধীনতা, নতুন সংবিধান ও গণ স্বাদ ছড়িয়ে পড়েছে সকলের অন্তরে। হঠাৎ বিষাদের খবর। ভারতের প্রথম প্রধানমন্ত্রীর মহাপ্রয়াণ। বিপ্লবের হাতছানিও তখন দানা বাঁধতে সুযোগ পায়নি। প্রাকস্বাধীনতা ও স্বাধীনতা পরবর্তীকালে অনেক ঘটে গেছে। সাক্ষী অনেকেই। বিপ্লবের অগুনতি সৈনিক ও তাদের রক্ত মাখা হাতও অজানা নয়।

এমনি একটা বৈপ্লবিক ঘটনা দানা বাঁধতে শুরু হয়ে গেছে নিঃশব্দে। এই বিপ্লবেও অসংখ্য সমাহার। কিন্তু, হাতগুলিতে ছিল না বিন্দুমাত্র রক্তচিহ্ন। ছিল না কোন অধিকার রক্ষার দাবি। ছিল না পাওয়ার দাবি। শুধু দেওয়ার। শুধু সহযোগিতার। কেবলই প্রসারিত উদারতা। লেখনী বলল সময়টা ১ স্থান আর কিছুই নয়। সোনার বাংলার বহু প্রাচীন বালুচরীর শহর। কালির আঁচড়ে স্পষ্ট হল - সোনামুখী।

বিপ্লবের কাণ্ডারী সকলেরই শ্রদ্ধেয়। আবালবৃদ্ধবনিতা সকলের কাছে খ্যাত পাত্রমশায় নামে। পুরো অনন্তলাল পাত্র। কাণ্ডারীর তরণীতে তখন বিশিষ্ট শিক্ষানুরাগীদের নিস্বার্থ উপস্থিতি। বিশিষ্ট স্বাধীনতা স *রাধাকিশোর দত্ত ও বিদ্যোৎসাহীগণ *নিবারণ মুখার্জী, *হরিসাধন চ্যাটার্জী, *ডাঃ সত্যপ্রসাদ দত্ত, *সগু ব্যানার্জী, *নারায়ণ গোপাল চট্টোপাধ্যায় ও মনীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় প্রমুখ। এছাড়া সোনামুখী ও পা ব্লকগুলির আপামর জনসাধারণ। হাওড়া, হুগলী, বীরভূম, নদিয়া, মালদহ, মুর্শিদাবাদ, তদানীন্তন সি কলিকাতা ও বর্ধমান জেলার শিক্ষানুরাগীদের অবদান কোনমতে অস্বীকার করা যায় না।

ঘনীভূত হতে শুরু হয়েছে সেই নিঃশব্দ বিপ্লব। অগণিত মুখে শিক্ষা বিস্তারের উচ্ছ্বাস ও সাহায্যের উদারতা। ৫০ পয়সা থেকে ১০০০০ টাকা পর্যন্ত সাহায্য। কারণ একটাই। নিজেদের উচ্চশি সুযোগ না পাওয়ার বেদনা। শুধুমাত্র লক্ষ্য নবপ্রজন্ম। তাদের উচ্চশিক্ষায় শিক্ষিত করতে পারলে বোধহ পাওয়ার বেদনার খানিকটা লাঘব। না পাওয়ার বেদনা তুষের আগুনের মতো অবস্থায় ছিল পাশ্ব পাত্রসায়ের, ইন্দাস, বড়জোড়া ব্লকগুলিতেও। ইতিমধ্যে নিঃশব্দ বিপ্লব বিস্তার লাভ করে ফেলেছে পাশ্ব ওই ব্লকগুলিতেও। যে বিপ্লবের কথা এতক্ষণ আওড়ানো হচ্ছিল তা শিক্ষা বিপ্লব ছাড়া আর কিছুই ন ফলস্বরূপ, সোনামুখী কলেজের আবির্ভাব। সালটি ১৯৬৬। রামানন্দ কলেজ ব্যতীত আর কোন কলে অস্তিত্ব ছিল না এতৎ অঞ্চলে। যাত্রা শুরু বিন্দুবাসিনী জুবিলি হাইস্কুলের দুটি কক্ষে, অস্থায়ী রূপে ধার নি বাস্তব রূপদানে ন্যূনতম প্রয়োজন জায়গা। এই মহৎ উদ্দেশ্য সাধনে হাত বাড়িয়ে দিয়েছিলেন এই এলা দুই ভাই। *শক্তিপদ দে ও *বিষ্ণুপদ দে। নিঃসন্দেহে উদারচেতা শিক্ষানুরাগী। সেই জায়গায় কলে

র্তমান। শুধু তাই নয়, সহকর্মী রূপে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে অবসর নিয়েছেন ওই পরিবারেরই ী হারাধন দে। আরও যারা এগিয়ে এসেছিলেন তারা হলেন শ্রী মনোহর দে ও শ্রীমতী চায়না দে। কিন্তু পরবর্তীকালে তারা অন্যত্র চলে যান।

যারা কলেজকে আন্তরিকতার স্পর্শে সমৃদ্ধ করেছেন তাদের মধ্যে উল্লেখ না করলেই নয়, যেমন চক্তিভূষণ দে, ˚ভজহরি দে, ˚মুরলীমোহন মুখার্জী, ˚সন্ন্যাসী রায়, ˚শিবরাম নাগ, ˚মধুসূদন ডোম, ˚অশোক ভট্টচার্য, ˚বামাপদ আঁকুড়ে, ˚রাশি ঘোষ, ˚বারানসী মান্ডি, ˚সুকুমার ঘোষ, শ্রী খড়গবাহাদুর রাই, শ্রী সাধন রাম াদব, শ্রী শম্ভু বাউরি, শ্রী জয়দেব লোহার, শ্রী দেবব্রত কর্মকার, শ্রী অশোক মুখার্জী, শ্রী সুভাষ লোহার, শ্রী মদন রাম যাদব, শ্রী ভৈরব ব্যানার্জী, শ্রীমতী শেলী ব্যানার্জী, শ্রী নেপাল দত্ত ও শ্রী শান্তিময় লাহা।

পঠন-পাঠনে অনুমতি ১৭ই আগষ্ট ১৯৬৬। অনুমতিপত্র প্রদানে বাংলার অহংকারগুলির একটি। বর্ধমান বিশ্ববিদ্যালয়। পাঠ্যসূচীতে আর্টস, কমার্স - সমকালীন পাশ কোর্স । প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ˚অনন্তলাল পাত্র। কলেজের বিস্তার লাভে ও পাত্রমশায়ের এতৎ অঞ্চলের শিক্ষা বিস্তারের প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে যারা অগ্রণী ভূমিকা নিয়েছিলেন তারা হলেন ˚রাধারমণ দাস, শ্রী বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রী প্রশান্ত বন্দ্যোপাধ্যায়, ডঃ অরুন কুমার বিশ্বাস, ডঃ বিশ্বনাথ দে, শ্রী চন্ডিদাস মুখার্জী ও শ্রী জিতেন্দ্রনাথ ভাণ্ডারী ।

কলেজকে নিজের অস্তিত্বের অঙ্গ হিসাবে ভেবে, শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বিভিন্ন সময়ে অধ্যাপনায় ব্রতী ছিলেন ˚অসিত বিশ্বাস, ˚রাধাগোবিন্দ বরাট, ˚হরিসাধন মুখার্জী, ˚দ্বিপেন্দ্র নারায়ন চৌধুরী, তরুন মুখার্জী, ˚লক্ষীনারায়ন দত্ত, ˚ডঃ ধীরেন্দ্রনারায়ন সেন, ˚অতুল চন্দ্র গায়েন, ˚শুভ্রকান্তি মুখার্জী, ˚ষষ্ঠী বাউরী, পদ্মলোচন গাঙ্গুলী, শ্রী নিরঞ্জন দাস, শ্রী প্রদীপ চক্রবর্তী, ডঃ সামসুল আলম, পুতুল দাস ও শ্রী তাপস বল্লভ। অধ্যাপনা ছিল একমাত্র অবলম্বন। ছিল সন্তুষ্টির একমাত্র সোপান। ছিল না কোন চিন্তাভাবনা, বিনিময়ে কি পেলাম বা কি পাব ?

একবিংশ শতাব্দীর পথচলা শুরু শিক্ষার নতুন আঙ্গিকে। কাণ্ডারী - ডঃ বিজয়কৃষ্ণ ভাণ্ডারী। সহযোদ্ধায় ও অধ্যাপনায় তখনও ˚সিদ্ধার্থ ব্যানার্জী, ˚অনিত্য দাস, শ্রী দিলীপ দত্ত, শ্রী দেবব্রত দত্ত, শ্রী বংশীবদন দে, শ্রী দিলীপ পাত্র, শ্রীমতি ছায়া মুখার্জী, শ্রী শচীন্দ্রনাথ কুমার, ডঃ উদয়ন সরকার, ডঃ পিনাকীরঞ্জন চ্যাটার্জী, ডঃ সুভদ্রা সরকার, ডঃ তপন কুমার নাগ, শ্রী কৃষ্ণদাস গোস্বামী, ডঃ ধর্মদাস ব্যানার্জী, শ্রীমতী মীরা রায়, ডঃ আশিষ খাস্তগীর, ডঃ স্বপন দে, অর্পিতা ভট্টাচার্য ও আরও কেউ কেউ যারা আগেই প্রসঙ্গক্রমে অক্ষরবন্দী ।

শিক্ষার পরিসরে তখন কলা, বিজ্ঞান ও কমার্স জেনারেল তথা পাশ কোর্সের সাথে বাংলা, ইংরেজী, ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, উদ্ভিদবিদ্যা, প্রাণীবিদ্যা ও কমার্স সম্মানিক বিষয়গুলি। পরবর্তীকালে শ্রী প্রশান্ত সরকার, ডঃ বিপুল দে, ডঃ ছোটেলাল চৌহান, ডঃ অরুন কুমার রায়, ডঃ অমর পাত্র ও ডঃ আসরফি খাতুন ঐ একই ভূমিকাতে ছিলেন এই কলেজ থেকে স্থানান্তরের পূর্বে। শুরু হয়ে গিয়েছে NAAC কর্তৃক মূল্যায়নের পুনশ্চ তোড়জোড় যা শুরু হয়েছিল ২০০২ সাল থেকে। মাঝে মাঝেই গতি হারানো - অভ্যাসে

দাঁড়িয়ে ছিল। যে সমস্ত সৈনিক বর্তমানে কর্মরত তাদের কথা তুলেই রাখা থাক। পরে এলেই ... ভাল।

তবে, দীর্ঘদিন অস্থায়ী শিক্ষকের ভূমিকায় যারা কলেজ প্রদত্ত স্বল্প সাম্মানিকে কলেজের পঠন-... এগিয়ে নিয়ে যেতে বদ্ধপরিকর ছিলেন তাদের নাম হয়তো অনেকে জানেন। প্রথম দশকের মাঝামাঝি ... পরিচালন সমিতির সিদ্ধান্তে চিরস্থায়ী হয়েছিল তাদের কর্মহীন অবস্থা। না বললে বোধ হয় তাদের ... অস্বীকার করা হবে।

সৃষ্টি হল নতুন দিগন্ত। সীমানা বাড়িয়ে সংযোজিত হল বেশ কিছু সাম্মানিক বিষয় — অংক, ... কম্পিউটার সায়েন্স, পদার্থবিদ্যা, রসায়ন, এডুকেশান, ভূগোল, অর্থনীতি। ছাত্র-ছাত্রীদের পুনশ্চঃ দাবির ... অর্ন্তভুক্ত হল শরীর শিক্ষার জেনারল কোর্স। শুধু পাঠ্য বিষয়গুলির অর্ন্তভুক্তি যে হয়েছে তা নয়। ... তুলেছে কেন্দ্রীয় গ্রন্থাগার ও ক্যান্টিন কমপ্লেক্স। অস্তিত্ব সৃষ্টির দৌড়ে পিছিয়ে নেই বিজ্ঞান ভবন, ইউ ... ট্রানজিট হোস্টেল, সেমিনার হল, বয়েজ টয়লেট কমপ্লেক্স ও গার্লস কমন রুম। পাল্লা দিয়ে স্টাফ... রূপ পরিবর্তনে অংশ নিয়ে স্টাফরুম কমপ্লেক্সে পরিণত হতে ভোলেনি। ছাত্র-ছাত্রীদের সঙ্গত ... বাস্তবায়ন - একটি সাংস্কৃতিক মঞ্চ ও স্থায়ী সাইকেল স্ট্যান্ড। নতুন মুকুট - ইউ জি সি বয়েজ ... গার্লস হোস্টেল ও পশ্চিমবঙ্গ সরকারের অর্থানুকূল্যে প্রশাসনিক ভবন। পরিকল্পনা ও প্রাসঙ্গিক ... সময় সীমানা ৩১শে আগষ্ট ২০১৪ এর মধ্যে। ইতিমধ্যে অনেকেই অবসর নিয়েছেন। নিলেন ... ডঃ ভাণ্ডারী। দায়িত্ব ছাড়লেন সরকারি নিয়মে।

যাদের জন্য এত শব্দচয়ন তাদের পরিষেবায় সময়ের স্রোতে রত ছিল যে সমস্ত ছাত্র প্রতিনিধি ... নাম উল্লেখ করা গেল না। তাই কেবলমাত্র সাধারন সম্পাদকদের নাম উল্লেখ করার চেষ্টা। ... ইতিহাস না ঘেঁটে, শ্রুতি ও স্মৃতিকে সঙ্গে নিয়ে কিছু নাম - অনাথবন্ধু চক্রবর্তী, সুজিত ঘোষ, ... গাঙ্গুলী, চিন্তাহরন ব্যানার্জী, তপন চ্যাটার্জী, সমীর চ্যাটার্জী, তপন ঘর, কাঞ্চন চ্যাটার্জী, সীমন্ত ... তাপস ব্যানার্জী, মইনুর হক মির্জা, প্রবীর মুখার্জী, কৌশিক দে, সান্তনু মান্না, শ্রীকান্ত সাহা, সুবীর চ... মানস গোস্বামী, প্রবাল মুখার্জী, তরুণ দত্ত, রাম দত্ত, পবন গোস্বামী, তন্ময় চট্টোপাধ্যায়, তন্ময় অ... মৈত্রী সেন, দোলন দত্ত, দোলনচাঁপা ব্যানার্জী, কার্তিক দাস, স্বরূপ ঘোষ, সুমন্ত ঘোষ, সমরেশ সাহা, ... দাস, বলরাম লাহা, বাপ্পাদিত্য মাঝি, অতনু গরাই, সোমনাথ ঘোষ প্রমুখ।

ফিরে আসা যাক সময়ের ধারবাহিকতায়। তারিখ ১লা সেপ্টেম্বর ২০১৪। পরিচালন সমিতির ... শ্রী অরূপ চক্রবর্তী। সভার অনুরোধে কলেজের তৎকালীন পরিপ্রেক্ষিতে টিচার-ইন-চার্জের দায়িত্ব নি... অধ্যাপনায় ব্রতী তখনও শ্রী জয়দেব মন্ডল, ডঃ স্বপন কুমার সামন্ত, শ্রী ইন্দ্রজিৎ দাস, শ্রী দীপক নি... ডঃ পার্থসারথি দে, ডঃ সুবীর কুমার চৌধুরী, সেখ মইনুল হক, ডঃ সুমনা সান্যাল, ডঃ দীপক ... ডঃ রাতুল সাহা, ডঃ শুভ্রকান্তি সিনহা, ডঃ সুনিতা বন্দ্যোপাধ্যায়, সুধাময়ী কুমার ও ডঃ সাধন কুমার ... ব্যবহারিক-পাঠ্য শিক্ষকতায় কয়েক দশক ধরে নিবেদিত - শ্রী বিপ্লব ব্যানার্জী। পরবর্তীকালে পশ্চি... কলেজ সার্ভিস কমিশনের সুপারিশে এই কলেজেই অধ্যাপনাকে পছন্দতম পেশা হিসাবে বেছে নিয়ে... শ্রী শুভেন্দু রুইদাস, শুভশ্রী মজুমদার, ডঃ সৈকত দলুই, ডঃ সাধন কুমার রায় ও ডঃ জ্ঞানোজ্জ্বল ...

তোকেরই অন্তরে একটাই উত্তেজনা। অধ্যাপনার সাথে সাথে NAAC এর মূল্যায়ন। অগোচরে সকলের ন রাত এক হয়ে গেল। সমর্থনে ও সহযোগিতায় একটি পরিবার। সোনামুখী কলেজ পরিবার। সেই সময় ই পরিবার, জ্ঞ অমর পাত্রের আন্তরিকতা থেকে বঞ্চিত হয়নি।

যারা এই পরিবারকে NAAC পরীক্ষায় উত্তীর্ণ করার জন্য শ্বাস-প্রশ্বাসের বিরতি ভুলে কর্মচাঞ্চল্যে লীন ছিলেন তারা আর কেউ নন - WB Government approved part time teachers শ্রী ন্দ্রনাথ মীথার্জী, সুমনা কবিরাজ, শ্রী অচিন্ত অধিকারী, শ্রী অসীম কোনার, শ্রী সলিল ভুঁই, শ্রী কাজল পাল, ীমতী পূর্ণিমা শীট, শ্রী অশোক ঘোষ, শ্রী অশোক ধনি, স্বাগতা ভট্টাচার্য ও শ্রী সুশান্ত ঘোষ। শ্রী ঘোষ র্তমানে অন্যত্র কর্মরত। কর্মদক্ষতা প্রকাশে ব্রত ছিলেন - WB Government approved contractual eachers শ্রী মাধব কুন্ডু, শ্রীমতী তনিমা মহন্ত, সেখ মকবুল হোসেন, শ্রীমতী শ্রীমা পাল ও শ্রীমতী সুচন্দ্রা চ্যাটার্জী।

পাল্লা দিয়ে কলেজ প্রদত্ত সাম্মানিকে যে সমস্ত গেস্ট ফ্যাকাল্টি NAAC এর মূল্যায়ন পর্বে বেলা অবেলা কলেজে কাটিয়ে দিয়েছেন তাদের মধ্যে অনেকে কলেজ ছেড়ে গেছেন আরও ভালো সুযোগ অর্জন করে। তাদের অবদান অনামিকার ছদ্মবেশে স্বীকার করাই ভালো। বিশ্লেষণের ভার পাঠকের উপরেই থাক। কেউ কেউ আবার NAAC পরবর্তীকালে যোগদানও করেছেন।

NAAC এর মূল্যায়ন প্রস্তুতিতে ঐ পরিবারের বাকী সদস্যরা যাদেরকে ছাত্র পরিষেবা দিতে কখনো ক্লান্ত হতে দেখা যায়নি তারাও আপ্লুত। বুঝে ওঠার আগেই, সময়ের অন্তরালে কখন হাত বাড়িয়ে দিয়েছেন। নামের তালিকায় - শ্রী দেবব্রত চ্যাটার্জী, শ্রী রবিশঙ্কর সিদ্ধান্ত, শ্রী পার্থসারথি রায়, শ্রী নিখিল দে, শ্রী প্রণয় সরকার, শ্রী আনন্দ দাস, আনিসুর রহমান মন্ডল, শ্রী মোহন চন্দ্র দত্ত, শ্রী মৃত্যুঞ্জয় মুখার্জী, শ্রী স্বপন কুমার আঁকুড়ে, শ্রী দেবাশিষ বিশ্বাস, শ্রীমতী কুন্তী ডোম, শ্রী প্রদীপ নাগ, শ্রীমতী লীলাবতী ভট্টাচার্য, শ্রীমতী বনি রায় ও শ্রী লক্ষীকান্ত মান্ডি। ঐ সময়েই অস্থায়ীত্বের কঠোরতাকে সরিয়ে রেখে যারা বিভিন্ন দায়িত্ব সানন্দে কাঁধে তুলে নিয়েছেন তারা হলেন অশোক গায়েন, প্রদীপ দে, শঙ্কর দাস, সমর আলি খান, আশিষ পাল, অয়নান্ত লোহার, বিশ্বনাথ রায় ও অমরেশ বাগদি।

NAAC এর মূল্যায়ন-এর প্রস্তুতিকালে যে সমস্ত উন্নয়নে এই পরিবারের অবদান, সেগুলি - ক্যান্টিন ব্যবহারযোগ্য করা, ইউ জি সি-র দ্বাদশ পরিকল্পনা তহবিলের অর্থানুকূল্যে শ্রেণীকক্ষ F-1 ও F-8 নির্মাণ, Shifting of old library to Central library and computerization, Wi-Fi enabled College Campus, Online admision system, Rain water recharge system, CCTV surveillance, Water supply arrangement for whole campus, renovation of years-old only well, Conferrence Hall with smart facility, Installation of A.C. in Seminar Hall and classrooms, Office for each department, কলেজের মাঠের রূপদান, কলেজের সীমানা-প্রাচীর, কলেজের ভেতরে মোরাম রাস্তা, নবরূপে ঔষধি সহ অন্যান্য বাগান, অপ্রচলিত সৌরশক্তির ব্যবহার। স্বামী বিবেকানন্দ ও নেতাজীর আবক্ষ মূর্তিদ্বয় সংস্কারের সঙ্গে সংযুক্তি - কলেজের সামনে রবিঠাকুরের পূর্ণাঙ্গ অবয়ব, সাংস্কৃতিক মঞ্চকে প্রতিষ্ঠাতা অধ্যক্ষের নামে নামাঙ্করণ, প্রতিষ্ঠাতা অধ্যক্ষের আবক্ষ মূর্তি প্রতিষ্ঠা

ও কলেজ সৌন্দর্যায়ন। কলেজের মূল ভবনের দ্বিতলে বাথরুমের অভাব দীর্ঘদিনের। ছাত্র,ছাত্রী, শি
শিক্ষাকর্মীদের জন্য সরকারি সাহায্যে একটি বাথরুম কমপ্লেক্স (শ্রেণীকক্ষ F-11 সংলগ্ন) তৈরী। ন
স্বাস্থ্যবিধি উপেক্ষা করারই সামিল। কলেজ তহবিল থেকে ছাত্র-ছাত্রীদের জন্য শ্রেণীকক্ষ F-1 ও F-8
প্রস্রাবাগারের বাস্তবায়ন। কয়েকটি ক্লাসরুমে শিক্ষাদানে আধুনিকতা আনা হয়েছে LED Projec
Audio arrangement এর মাধ্যমে। সমস্তটাই সমকালীন পরিচালন সমিতির বেশীর ভাগ স
সুপরামর্শের ফল। বাস্তবতা পেল NAAC এর মূল্যায়ন। ১৩-১৫ সেপ্টেম্বর ২০১৬। মূল্যায়ন মান
পরবর্তী কালে সরকারি নিয়মে অবসর নেন শ্রী পার্থসারথি রায় হিসাব রক্ষকের পদ থেকে।

ইতিমধ্যে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের সুপারিশে এই কলেজেই অধ্যক্ষ রূপে দা
নিলাম। দিনলিপি ৩০ শে নভেম্বর ২০১৬। সরকারি নির্দেশনামা অনুযায়ী চাকুরীতে যোগদান শ্রী
গায়েন ও অয়নান্ত লোহারের। তারিখ ২২শে ডিসেম্বর ২০১৬। ঐ নির্দেশনামা অনুযায়ী পদোন্নতি
শ্রী রবিশঙ্কর সিদ্ধান্ত, শ্রী নিখিল দে ও শ্রী আনন্দ দাস। কলেজকে সমৃদ্ধির লক্ষ্যে, পশ্চিমবঙ্গ কলেজ
কমিশনের সুপারিশে এই কলেজেই অধ্যাপনার কাজে যোগদান করেন শ্রী জয়দীপ সিংহ, শ্রী রা
কাঁড়ার, শ্রী সুশোভন মন্ডল, শ্রী অনুপম মন্ডল, সাহাজাহান জমাদার, আশিষ পন্ডিত ও শ্রী সুপ্রিয়
সমান্তরালে, স্মার্ট ক্লাসরুম তৈরী হয়েছে উচ্চশিক্ষা দপ্তরের আর্থিক সহায়তায়।

কেন্দ্রীয় গ্রন্থাগার দীর্ঘদিন ছিল অভিভাবকহীন। কোনমতে NAAC পরীক্ষায় উত্তীর্ণ। অবদানে, ক
শিক্ষক ও শিক্ষাকর্মী। ভরসা ছিল ছাত্র-ছাত্রী। পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের সুপারিশে এই
প্রাপ্তি। সুপারিশক্রমে লাইব্রেরিয়ান পদে যোগদান করলেন শ্রী মানস গাঙ্গুলী। সেকাল আর একাল,
জানতে হলে বেরিয়ে পড়তে হবে কলেজের ওয়েবসাইটের লাইব্রেরী আইকনের উদ্দেশ্যে।

বিশ্ববিদ্যালয়ের নিয়মে নতুন পরিচালন সমিতি। প্রথমদিকের অভিজ্ঞতা কলেজের মধ্যেই সীমাবদ্ধ
ভালো। সুখবর, বর্তমান দশকে বাঁকুড়া জেলার প্রাপ্তি বাঁকুড়া বিশ্ববিদ্যালয়। সম্প্রসারণে প্রফেসর দেবন
বন্দ্যোপাধ্যায়, উপাচার্য। ২০১৭-১৮ শিক্ষাবর্ষ। অভিভাবক পরিবর্তন। বাঁকুড়া জেলার সমস্ত কলেজের
অভিভাবক জানতে বাকী থাকল কি?

প্রায় বর্তমানের কাছাকাছি। ইউ জি সি বয়েজ হোস্টেল, গার্লস হোস্টেল ও পশ্চিমবঙ্গ সর
অর্থানুকুল্যে প্রশাসনিক ভবন নির্মাণ শুরু। সৌজন্যে বাঁকুড়া জেলা পরিষদ। সরকারি বিধি ও সময়
আপন আপন নিয়ন্ত্রণে। অবসর গ্রহণে - শ্রী নিখিল দে ও শ্রী প্রণয় সরকার। প্রশাসনিক ভবন দ্বারোদ
ছাত্র-ছাত্রীদের সামগ্রিক স্বার্থে দিবা বিভাগেই শিক্ষাদান ও সম্পর্কিত পরিষেবা প্রদান শুরু। কলেজের
রক্ষায় online ERP-র অবতারনা। শ্রেনীকক্ষ ও ল্যাবরেটরির ঘাটতি প্রকট। Library building
floor), Physical Education Dept (ground floor) এবং ওই বিল্ডিং এর 1st floor এ cla
room এর জন্য proposal জমা দেওয়া। এই উদ্দেশ্যে Higher Education Dept, W
Government-এর ৭০ লক্ষ টাকা অনুদান প্রদান ২০১৮-১৯ অর্থবর্ষে। চাহিদার কিছুটা পূরণ। অসুবি
সঙ্গে নিয়ে নতুন অনার্স বিষয়ের পাঠ্যক্রম শুরু ২০১৯-২০ শিক্ষাবর্ষে। Social Work বিষয়ে অ
পাঠ্যক্রম।

শিক্ষা প্রতিষ্ঠান মানেই ফেলে আসা দিনগুলি নিয়ে অপর একটি অধ্যায়। তৃতীয় বা অন্তিম বর্ষের Marksheet-এ Pass শব্দটি দেখার পর Alumni শব্দটির প্রতি নজর যায় প্রত্যেকের। তাই, স্বর্গত বিজয়কৃষ্ণ ভাণ্ডারীর উদ্যোগে এই কলেজেও 'প্রাক্তনী'র পরিচয়ে গঠিত হয়েছিল একটি Alumni Association । যদিও কোন শিক্ষা প্রতিষ্ঠানের প্রাক্তন ছাত্র-ছাত্রী নিয়ে গঠিত Alumni Association, কোন ভাবেই কলেজের মূল প্রশাসনের সঙ্গে যুক্ত নয়। একটি কমিটি গঠন ও তহবিল সংক্রান্ত পদক্ষেপ নেওয়া হয়েছিল। কমিটি গঠিতও হয়েছিল। কমিটির নেতৃত্বে ছিলেন শ্রী কুশল ব্যানার্জী । 'প্রাক্তনী'দের দায়িত্ব - কলেজের হিতের জন্য কিছু ভাবা, কিছু করা ও কিছু সুপরামর্শ। পরবর্তী সময়ে আমার উদ্যোগে কমিটির একটি সভা ডাকা হয়। ঐ সভায় পুরাতন কমিটি নতুন কমিটিকে দায়িত্ব বুঝিয়ে দেন। কমিটির দায়িত্ব ও তহবিল গ্রহন করেন শ্রী অমর সু মহাশয়। সঙ্গে - শ্রী মিহির কুমার মুখোপাধ্যায়, শ্রী সন্তোষ চ্যাটার্জী ও শ্রী তপন চ্যাটার্জী প্রমুখ। NAAC মূল্যায়ণ প্রাক্কালে এই কমিটির সক্রিয় অংশগ্রহণ NAAC report এ প্রতিফলিত। ২০১৮ সাল পর্যন্ত অনুরোধ করে জানতে চাওয়া হয় বর্তমান পরিস্থিতি। পাশ করা প্রাক্তন ছাত্র-ছাত্রীরা নিজেদেরকে 'প্রাক্তনী'র পরিচয়ে পরিচিত হওয়ার অপেক্ষায় এখনও। এ নস্টালজিয়া তো সবার মধ্যে শিহরণ জাগানোর কথা।

তবে, এলাকার উচ্চশিক্ষার সুযোগ না পেয়ে যারা বঞ্চিত তাদের জন্যও বিকল্প ব্যবস্থা - Netaji Subhas Open University-র দূরশিক্ষার ব্যবস্থা। এছাড়াও, NSDC এর অনুমোদনপ্রাপ্ত Nursing training(Sunday based one year/ two years) চালু। এলাকার ছাত্রী ও মহিলাদের স্বনির্ভরতার উদ্দেশ্যে একটি উদ্যোগ। সরকারি নিয়ম - শ্রী দেবব্রত চ্যাটার্জীর অবসর।

চলার পথে লক্ষ্য থাকতেই হয়। তাই, পরবর্তী পদক্ষেপে - প্রধান বিল্ডিং এর দ্বিতলের উপরে মেটাল শেড নির্মাণ করে ক্লাস রুমের ব্যবস্থা, Internet Based Central Library for accessing of catalogue and advance booking any-time any-where to speed up physical issue of books & periodicals, প্রশাসনিক ভবনের দ্বিতল নির্মাণ, বিজ্ঞান ভবনের ground floor (বাকি প্রধান অংশ) নির্মাণ ও দ্বিতল সম্প্রসারণ, Language Lab modernization, Smart class room এর সংখ্যা বৃদ্ধি, Professional course like Forest management & preservation etc. এক দেশ, অনেক ভাষা, তাই মিশ্র ভাষা ওরফে একতা।

সময়ের সমান্তরালে পথ চলা আছে, থাকবে। নেতৃত্বে যেই থাকুক। ইমারত, শিক্ষক, শিক্ষাকর্মী ও ছাত্র-ছাত্রী সবই সময়ের সাক্ষী। ছাত্র-প্রতিনিধিদের পরীক্ষায় সফলতার পরিসংখ্যানই হোক সমস্ত ছাত্র-ছাত্রীর সাফল্যের প্রতীক। ছাত্র-ছাত্রীদের সাফল্যই কলেজের সফলতার দর্পণ। সোনামুখী ও সংলগ্ন অঞ্চলের অভিভাবকদের এবং ফি বছর উচ্চ-মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রীদের পছন্দের তালিকায় প্রথম স্থান অর্জন করতে পারলে সোনামুখী কলেজের সৃষ্টি ও এগিয়ে চলা তাৎপর্যময় হবে।

স্মৃতি থেকে - ১

স্মৃতি থেকে - ২

স্মৃতি থেকে - ৩

অতীতের কিছু টুকরো স্মৃতি

SONAMUKHI COLLEGE NSS
UNIT

অধ্যাপক দিলীপ দত্ত ও

অধ্যাপক পদ্মলোচন
বিদায় সম্বর্ধনা

Inauguration of Annual Sports 2014-15

NSS Special Camp 2014

NSS Village Sports 2011


SAVE WATER, SAVE LIFE
SAVE YOUR LIFE
SAVE WATER TOMORROW IT MAY SAVE YOU....
MAKE EVERY COUNT
A DROP OF WATER IS WORTH MORE THAN A SACK OF GOLD TO A THIRSTY MAN